# দৈনিক মানবিক বাংলাদেশ

Manabik Bangladesh

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

ঢাকা বৃহস্পতিবার ॥ বর্ষ-২ সংখ্যা-১৫১ ॥ ১৯ সেপ্টেম্বর ২০২৪ ॥ ০৪ আশ্বিন ১৪৩১ বাংলা ॥ ১৫ রবিঃ আউঃ ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা


## মানুষ যাতে নিরাপদ বোধ করে সেজন্য সেনাবাহিনীর হাতে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা

**স্টাফ রিপোর্টার :** মানুষ যাতে নিরাপদ বোধ করে এবং জনবান্ধব পরিবেশে চলাচল করতে পারে, সেজন্য সেনাবাহিনীকে নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মোখলেস উর রহমান। এটা ভালো ফল দেবে বলেও মন্তব্য করেন তিনি। গতকাল বুধবার সচিবালয়ে নিজ দপ্তরের সাংবাদিকদের সঙ্গে আলাপকালে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব এ কথা বলেন। বাংলাদেশ সেনাবাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দিয়ে গত মঙ্গলবার প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। 'দ্য কোড অব ক্রিমিন্যাল প্রসিডিউর, ১৮৯৮' এর



১২(১) ধারা অনুযায়ী দুই মাসের জন্য এই ক্ষমতা দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। সেনাবাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তারা এ ম্যাজিস্ট্রেসি ক্ষমতা সারা দেশে প্রয়োগ করতে পারবেন বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়।

# রাজনৈতিক উদ্দেশ্যে নেওয়া প্রকল্প পুনর্বিবেচনা করা হবে: প্রধান উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, রাজনৈতিক উদ্দেশ্যে নেওয়া প্রকল্প পুনর্বিবেচনা করা হবে। এখন বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় বেশি নজর দিতে হবে। আওয়ামী লীগ সরকারের পতনের পর প্রথম অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় তিনি এ কথা বলেন। গতকাল বুধবার প্রথমবারের মতো তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার সভাপতিত্বে তার কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান উপদেষ্টা বলেন, এখন থেকে প্রকল্পের সব তথ্য ওপেন থাকবে। মেগা প্রকল্প না নিয়ে জনগুরুত্বপূর্ণ ছোট প্রকল্প নেওয়ার বিষয়ে উপদেষ্টামণ্ডলীর সদস্যরা এক হন। ড. মুহাম্মদ ইউনূস আরও বলেন, রাজনৈতিক উদ্দেশ্যে নেওয়া প্রকল্পে চিন্তা দরকার। মেগা প্রকল্পও বাদ দিতে হবে। নিরপেক্ষ ও স্বাধীনভাবে কাজ করতে হবে। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন নিয়ে কাজ করতে হবে। প্রকল্পের সবকিছু ওপেন থাকবে। শুধু পিডি জানবে তা নয়, সবাই জানবে। সামনে বড় প্রকল্প নয়, জনগুরুত্বপূর্ণ ছোট প্রকল্প নেওয়া হবে।



প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বুধবার তাঁর কার্যালয়ে একনেক সভায় সভাপতিত্ব করেন। -পিআইডি

## একনেকে চার প্রকল্পে ১২২২ কোটি টাকা অনুমোদন

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) প্রথম সভায় এক হাজার ২২২ কোটি টাকা ব্যয়ে চারটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল বুধবার প্রথমবারের মতো তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এদিন একনেকে অনুমোদনের জন্য যেসব প্রকল্প উত্থাপন করা হয় তার মধ্যে রয়েছে- পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের 'বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত)। প্রকল্পটি বাস্তবায়ন করবে গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)। সংশোধিত প্রকল্পটির ব্যয় ৭০ কোটি ৬৩ লাখ টাকা থেকে বেড়ে দাঁড়াচ্ছে এক হাজার ৫৭০ কোটি ৭৭ লাখ টাকা। কার্যতালিকায় থাকা দ্বিতীয় প্রকল্প হলো- '২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দরপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন প্রকল্প'। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন

২-এর পাতায় দেখুন

## অনুপস্থিত পুলিশ সদস্যদের আর যোগদান করতে দেওয়া হবে না: স্বরাষ্ট্র উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, স্বৈরাচার সরকার পতনের পর যে সকল পুলিশ সদস্য এখনো পর্যন্ত কর্মস্থলে যোগদান করেননি, লুকিয়ে রয়েছেন, তাদের আর যোগদান করতে দেওয়া হবে না। তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। গতকাল বুধবার সকালে গাজীপুরের কালিয়াকৈরে আনসার ভিডিপি



অ্যাকাডেমিতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪০তম বিসিএস (আনসার) ক্যাডার কর্মকর্তা ও ২৫তম ব্যাচ (পুরুষ) রিক্রুট সিপাহীদের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। তিনি বলেন, বিগত সরকার ও সরকারি প্রতিষ্ঠানগুলো জনগণের হতে পারেনি বলেই ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মুখে স্বৈরাচার সরকার দেশত্যাগ করতে বাধ্য হয়েছে। স্বৈরাচার সরকার পতনের পর যে সকল পুলিশ সদস্য এখনো পর্যন্ত কর্মস্থলে যোগদান করেননি, লুকিয়ে রয়েছেন, তাদের আর যোগদান করতে দেওয়া হবে না বলেও উল্লেখ করেন তিনি। তবে এখনো কাজে যোগ দেয়নি এমন পুলিশের সংখ্যা খুবই নগণ্য বলেও জানান তিনি। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, বাংলাদেশ সেনাবাহিনীর কমিশন্ড অফিসারদের ম্যাজিস্ট্রেসি ক্ষমতার সুফল ভোগ করবে দেশের জনগণ। সেনাবাহিনী অনেকদিন ধরে মাঠে থেকে জনগণের সেবায় কাজ করে যাচ্ছে। জনসেবা ও আইনশৃঙ্খলা রক্ষার স্বার্থেই তাদের ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়া হয়েছে। উপদেষ্টা বলেন, আমাদের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোতে জনবলের

২-এর পাতায় দেখুন

## ডলারের মান এক বছরের মধ্যে সর্বনিম্ন

**স্টাফ রিপোর্টার :** মার্কিন ডলারের দর কমছে। বিশ্বের প্রধান ছয়টি মুদ্রার সাপেক্ষে যে ইউএস ডলার ইনডেক্স প্রণয়ন করা হয়, সেই সূচকের মান গত আগস্ট মাসের প্রথম দিকের তুলনায় তিন শতাংশ কমেছে। ফলে এই মুদ্রার মান এখন এক বছরের মধ্যে সর্বনিম্ন। খবর ফাইন্যান্সিয়াল টাইমসের।মূলত ফেডারেল রিজার্ভের নীতিসুদ হ্রাসের সময় এগিয়ে আসতেই বিশ্বের প্রধান মুদ্রাগুলোর বিপরীতে মার্কিন ডলারের দর এক বছরের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে। তবে ডলার শিগগিরই আবার ঘুরে দাঁড়াতে পারে বলে ধারণা করা হচ্ছে।বিশ্ববাজারে মার্কিন ডলারের দর নির্ভর করে ফেডারেল রিজার্ভের নীতি সুদহার এবং মার্কিন অর্থনীতির স্বাস্থ্যের ওপর। গত কয়েক মাসে যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতির হার ধারাবাহিকভাবে কমায় আশা করা হচ্ছে, বুধবার (১৮ সেপ্টেম্বর) ফেডারেল রিজার্ভের মুদ্রানীতি কমিটির বৈঠকে নীতি সুদহার কমানো হবে। এই পরিপ্রেক্ষিতেই ডলারের বিনিময়

২-এর পাতায় দেখুন

## পর্যাপ্ত বিচারকের অভাবে কাটছে না মামলার জট

**স্টাফ রিপোর্টার :** পর্যাপ্ত বিচারকের অভাবে দেশের আদালতগুলোতে লাখ লাখ মামলার জট সৃষ্টি হয়েছে। আর মামলাজট নিরসনে কার্যকর কোনো পদক্ষেপই নেই। নির্বাহী বিভাগ থেকে ২০০৭ সালের ১ নভেম্বর ১৫ লাখ ৭০ হাজার মামলা নিয়ে পৃথক হয় বিচার বিভাগ। এখন ওই বিভাগের ওপর এখন সোয়া ৪৩ লাখ মামলার পাহাড়। আইন কমিশনসহ বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠান থেকে মামলাজট নিরসনে বারবার তাগিদ দেয়ার পরও কার্যকর কোনো পদক্ষেপ দেখা যায়নি। ফলে বিচারপ্রার্থীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে বিচারিক দীর্ঘসূত্রতার কারণে। অভিযোগ রয়েছে, বিগত সময়ে বিচার বিভাগকে অকার্যকর করার চেষ্টা করা হয়েছে। ২০২১ সালে সারা দেশে বিচারাধীন মামলা ছিল ৩৭ লাখ। এরপর মামলাজট তো কমেইনি বরং এই সোয়া তিন বছরে বেড়েছে ৬ লাখ। জট না কমিয়ে বরং ভূতুড়ে মামলা দিয়ে জট বাড়ানো হয়েছে। আদালত সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, বিগত ৩১ মার্চ পর্যন্ত সুপ্রিম কোর্টের পরিসংখ্যান অনুযায়ী সারা দেশে বিচারাধীন মামলার সংখ্যা ছিলো ৪৩ লাখ ২৬ হাজার ৬৫৫টি। এর মধ্যে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে ২৭ হাজার ৮৬ এবং হাইকোর্ট বিভাগে ৫ লাখ ৫৬ হাজার ৯২৬টি মামলা বিচারাধীন রয়েছে। অধস্তন আদালতে বিচারাধীন মামলার সংখ্যা ৩৭ লাখ ৪২ হাজার ৬৪৩টি। পাঁচ বছরের বেশি সময় ধরে ঝুলছে ৭ লাখ ৩৫ হাজার ৩৬২টি মামলা। এর মধ্যে ৪ লাখ ২৪ হাজার ৭৪৮ দেওয়ানি এবং ৩ লাখ ১০ হাজার ৬১৪টি ফৌজদারি মামলা। সূত্র জানায়, মামলার বিচার নিষ্পত্তিতে কোনো কোনো বিচারপ্রার্থীকে তিন যুগ পর্যন্ত অপেক্ষা করতে হচ্ছে। বিচার বিলম্বের কারণে মামলা পরিচালনার ব্যয় বাড়ার পাশাপাশি বাড়ছে ভোগান্তি। কিছু কিছু মামলার বাদী বিচার শেষ হওয়ার আগেই মারা যাচ্ছেন। আবার বিচার হলেও দীর্ঘসূত্রতার কারণে মামলার অনেক তথ্যপ্রমাণ হারিয়ে যাচ্ছে। কোনো কোনো মামলার সাক্ষী মারা গেছেন। কিছু মামলার সাক্ষীকে খুঁজে পাওয়া যাচ্ছে না। এসব কারণে বিচার শেষে সাজার হার কমে যাচ্ছে। শুধু বিচার বিলম্বের কারণে সাধারণ মানুষ ন্যায়বিচার লাভের সাংবিধানিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। সূত্র আরো জানায়, আইন কমিশন মামলা দ্রুত নিষ্পত্তি ও জট কমিয়ে আনতে গত বছর একটি প্রতিবেদন দেয়। ওই প্রতিবেদনে ফৌজদারি ও দেওয়ানি মামলার ক্ষেত্রে জটের মূল পাঁচটি কারণ উল্লেখ করা হয়। তা হচ্ছে- পর্যাপ্ত বিচারক না থাকা, বিশেষায়িত আদালতে পর্যাপ্ত বিচারক নিয়োগ না হওয়া, মিথ্যা ও হয়রানিমূলক মামলা, জনবলের অভাব এবং দুর্বল অবকাঠামো। তাছাড়া অন্য কারণগুলো হলো- মামলার সুষম বণ্টন না হওয়া, প্রশাসনিক শৈথিল্য, পর্যাপ্ত অর্থ বরাদ্দ না হওয়া, কর্মকর্তা-কর্মচারীর জবাবদিহির অভাব, আইনজীবীর আন্তরিকতার অভাব, দুর্বল মামলা ব্যবস্থাপনা, জমিজমা-সংক্রান্ত নথি সংরক্ষণের অভাব, প্রচলিত বিচারব্যবস্থায় মামলা নিষ্পত্তিতে ব্যবহারিক জটিলতা, সাক্ষীর অনুপস্থিতি, ক্রমাগত শুনানির অভাব, যথাযথ প্রশিক্ষণের অভাব, নকল সরবরাহে অনিয়ম, উচ্চ আদালত কর্তৃক নথি তলব, সংশ্লিষ্ট মামলার আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে রিভিশন,

২-এর পাতায় দেখুন

## ডিএমপির দুই থানায় নতুন ওসিসহ ৭ পুলিশ পরিদর্শকের পদায়ন

**স্টাফ রিপোর্টার :** ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিরপুর মডেল থানা ও উত্তরা পূর্ব থানায় নতুন অফিসার ইনচার্জ (ওসি) হিসেবে পুলিশ পরিদর্শক পদমর্যাদার দুই কর্মকর্তাসহ সাত নিরস্ত্র পুলিশ পরিদর্শকে পদায়ন করা হয়েছে। গত মঙ্গলবার ডিএমপি কমিশনার মো. মাইনুল হাসান স্বাক্ষরিত এক আদেশে এ বদলি করা হয়। ঢাকা মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা- ওয়ারী বিভাগে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক মো. গিয়াস উদ্দিন মিয়াকে অফিসার ইনচার্জ মিরপুর মডেল থানা এবং ধানমন্ডি মডেল থানায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক (তদন্ত) ও অপারেশন (অতিরিক্ত দায়িত্বে) মো. মহিবুল্লাহকে অফিসার ইনচার্জ উত্তরা পূর্ব থানা হিসেবে পদায়ন করা হয়েছে। একই আদেশে মির-পুর মডেল থানার অফিসার ইনচার্জ

২-এর পাতায় দেখুন

## আ.লীগের মতো আচরণ করলে আমাদের পরিণতিও একই হবে: ফখরুল

**ঠাকুরগাঁও প্রতিনিধিঃ** বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ছাত্র-জনতার আন্দোলনে শেখ হাসিনা দুই হাজার মানুষকে খুন করেছেন। গত ১৫-১৬ বছরে সব রকমভাবে আমাদের নির্যাতন করা হয়েছে।বিএনপি- জামায়াত করার কারণে আমাদের জেলে রাখা হয়েছে। নির্যাতনের স্টিমরোলার চালানো হয়েছে। আওয়ামী লীগের মতো আচরণ করলে তাদের মতো আমাদের পরিণতি হবে । বুধবার (১৮ সেপ্টেম্বর) দুপুরে ঠাকুরগাঁওয়ের হরিপুর উপজেলা ঈদগাহ ময়দানে উপজেলা বিএনপি আয়োজিত জনসভায় এসব বলেন তিনি? মির্জা ফখরুল ইসলাম বলেন, আল্লাহ সীমালঙ্ঘনকারীকে ক্ষমা করেন না? তিনি যাকে খুশি মালিক বানান আবার যাকে খুশি ফকির বানিয়ে দেন? শেখ হাসিনা নিজেকে রাজরানি মনে করেছিলেন। তাকে দেশ ছেড়ে পালিয়ে যেতে হয়েছে। গণভবনে ছাত্র-জনতার আগমন দেখে ভয়ে হেলিকপ্টারে করে ভারতে পালিয়েছেন প্রভাবশালী হাসিনা ভয়ে ভারতে গিয়ে করুণ অবস্থায় আশ্রয় নিয়েছেন তিনি বলেন, আমি নিজে এগারো বার কারাবরণ করেছি। যারা আমাদের ওপর নির্যাতন করেছে, আমাদের শাসন করেছে, জমি দখল করেছে- তারা এখন জেলে? বিএনপি-জামায়াতের মানুষকে নির্যাতন করার জন্য তারা আয়নাঘর বানিয়েছিল। গোলাম আজমের ছেলে আজমীকে আট বছর ধরে আয়নাঘরে নির্যাতন করেছে? আমাদের অনেক নেতাকর্মীকে তারা গুম করেছে। এখনো অনেক মানুষের খবর আমরা পাইনি?সীমান্তে গুলি করলে কড়া জবাব দেওয়া হবে জানিয়ে মির্জা ফখরুল বলেন, ভারত সীমান্তে আমাদের গুলি করে। আমরা ভালোভাবে থাকতে চাই। তবে গুলি করলে প্রতিবাদ করা হবে? সংখ্যালঘুদের নিরাপত্তা আমাদের দিতে হবে। আমাদের সবার কাছে প্রিয় হতে হবে? আওয়ামী লীগের



২-এর পাতায় দেখুন

## রূপপুর বিদ্যুৎ প্রকল্পের সমাপ্তির আশ্বাস রাশিয়ার

**স্টাফ রিপোর্টার :** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের সমাপ্তি নিশ্চিত করার আশ্বাস দিয়েছেন ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার মান্টিটস্কি।বুধবার (১৮ সেপ্টেম্বর) পররাষ্ট্র সচিব মো. জসীম উদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে এমন আশ্বাস দেন তিনি।পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, রাশিয়ার রাষ্ট্রদূত পররাষ্ট্র সচিবকে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান এবং বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রতি রাশিয়ান সরকারের সমর্থন পুনর্ব্যক্ত করেন। তারা জ্বালানি নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা, বাণিজ্য ও বিনিয়োগ, বহুপাক্ষিক ফোরামে সহযোগিতা এবং আইসিটি, শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতাসহ পারস্পরিক স্বার্থের বিষয় নিয়ে আলোচনা করেন।উভয়পক্ষ ঢাকা-মস্কোর দ্বিপাক্ষিক সম্পর্কের বর্তমান অবস্থান নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং আগামী দিনে সম্পর্ক আরও জোরদার করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।পররাষ্ট্র সচিব রাশিয়ার চলমান সহায়তা, বিশেষ করে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প বাস্তবায়নের জন্য রাষ্ট্রদূতকে

২-এর পাতায় দেখুন

## জাপানি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিতে সেনাপ্রধানকে অনুরোধ রাষ্ট্রদূতের

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশে অবস্থানরত জাপানি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিতে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের কাছে অনুরোধ করেছেন ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত আইওয়ামা কিমিনোরি। গতকাল বুধবার ঢাকার জাপান দূতাবাস এ তথ্য জানায়। জাপান দূতাবাস জানায়, জাপানের রাষ্ট্রদূত আইওয়ামা কিমিনোরি গত মঙ্গলবার বাংলাদেশ সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের সঙ্গে সাক্ষাৎ করেন। অন্তর্বর্তী সরকারের সঙ্গে সহযোগিতার বিষয়ে আলোচনার পর রাষ্ট্রদূত আইনশৃঙ্খলা পুনরুদ্ধারের বিষয়ে বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানতে চান। তিনি জাপানি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করার এবং বাংলাদেশে জাপানি নাগরিক ও কোম্পানির কার্যক্রমে সহায়তা

২-এর পাতায় দেখুন



জমিতে বৃষ্টির পানি জমেছে। জাল ফেলে মাছ ধরছে এলাকাবাসী। ছবিটি বুধবার রাজশাহীর পবা উপজেলা থেকে তোলা।

## আগামী সপ্তাহে বৃষ্টিপাত বাড়তে পারে

**স্টাফ রিপোর্টার :** মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর কম সক্রিয় এবং উত্তর-বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারি অবস্থায় রয়েছে। এ অবস্থায় সারাদেশে বৃষ্টিপাত কমে গরম বেড়েছে। তবে আগামী সপ্তাহে বৃষ্টিপাত বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। গতকাল বুধবার আবহাওয়া অফিসের নিয়মিত পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। আবহাওয়াবিদ ওমর ফারুক জানিয়েছেন, দেশে গত মঙ্গলবার সর্বোচ্চ ৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে। এ ছাড়া নোয়াখালী, চাঁদপুর ও খুলনায় মোট ৪ মিলিমিটার বৃষ্টি হয়েছে। ফলে গরম অনেকটা বেড়ে গেছে। তবে বৃষ্টিপাত বাড়লে গরম কমে যাবে। আগামী সপ্তাহে ফের বৃষ্টি বাড়তে পারে। বুধবারের পূর্বাভাসে তিনি বলেন, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায়; ঢাকা ও বরিশাল বিভাগের কিছুকিছু জায়গায় এবং

২-এর পাতায় দেখুন

## ইন্দোনেশিয়ায় পুনরায় অন অ্যারাইভাল ভিসা চালুর

**স্টাফ রিপোর্টার :** ইন্দোনেশিয়ায় বাংলাদেশি নাগরিকদের জন্য 'অন অ্যারাইভাল ভিসা' পুনরায় চালু করার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। বুধবার (১৮ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত হেরু হারতান্ত সুবলোর সঙ্গে এক বৈঠকে তিনি এই আহ্বান জানান।


হেরু হারতান্ত সুবলো পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে সৌজন্য বৈঠক করেন। বৈঠকে নতুন দায়িত্ব গ্রহণ করায় রাষ্ট্রদূত পররাষ্ট্র উপদেষ্টাকে অভিনন্দন জানান। বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে শক্তিশালী দ্বিপক্ষীয় সম্পর্কের কথা উল্লেখ করে উভয়ে বাণিজ্য ও বিনিয়োগ, নবায়নযোগ্য জ্বালানি, কানেক্টিভিটি এবং জনগণের মধ্যে যোগাযোগসহ সব বিষয়ে সহযোগিতার সার্বিক বিষয়ে আলোচনা করেন।ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের প্রশংসা করেন। এ সময় পররাষ্ট্র উপদেষ্টা বিদ্যুৎ, জ্বালানি ও জ্বালানি



নিরাপত্তার ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে সম্ভাব্য সম্পৃক্ততার জন্য ইন্দোনেশিয়াকে ধন্যবাদ জানান।

বৈঠকে তারা দুই দেশের জনগণের মধ্যে যোগাযোগ জোরদার করতে ঢাকা ও জাকার্তার মধ্যে সরাসরি ফ্লাইট পরিচালনার প্রয়োজনীয়তার ওপরও জোর দেন।

একইসঙ্গে পররাষ্ট্র উপদেষ্টা ইন্দোনেশিয়ায় বাংলাদেশি নাগরিকদের জন্য 'অন অ্যারাইভাল ভিসা' পুনরায় চালু করার গুরুত্ব তুলে ধরেন তৌহিদ হোসেন।

দৈনিক
# মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা বৃহস্পতিবার ॥ ১৯ সেপ্টেম্বর ২০২৪ ॥ ০৪ আশ্বিন ১৪৩১ বাংলা

## ব্যবসায়ী সংগঠনগুলোতে অস্থিরতার নেপথ্যে




**স্টাফ রিপোর্টার :** ছাত্র-জনতার অভ্যুত্থানে দেশে রাজনৈতিক পট পরিবর্তনের পর অস্থিরতা চলছে বিভিন্ন ব্যবসায়ী সংগঠনে। অনেক ব্যবসায়ী সংগঠনে নতুন কমিটি গঠনেরও দাবি উঠেছে। এরই মধ্যে কিছু সংগঠনে পরিবর্তন এসেছে। সম্প্রতি ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) ও ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব) ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে প্রশাসক নিয়োগ দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়।
ব্যবসায়ী নেতাদের ক্ষোভের মূলে অনেক ব্যবসায়ী সংগঠনের নির্বাচনে কারচুপি, ভুয়া ভোটার দিয়ে ভোটগ্রহণ ও বলপ্রয়োগ করে প্রার্থীকে নির্বাচন থেকে সরিয়ে দেওয়ার মতো বিষয়গুলো রয়েছে। রাজনৈতিক পট পরিবর্তনের সঙ্গে সঙ্গে বঞ্চিত ব্যবসায়ীরা দাবি তুলছেন নেতৃত্ব পরিবর্তনের। ব্যবসায়ীরা বলছেন, দলীয় ব্যানারে প্রহসনের নির্বাচনের মাধ্যমে নেতৃত্বে এসে ব্যবসায়ীর স্বার্থ সংরক্ষণে ব্যর্থ হয়েছেন নেতারা। এ অবস্থায় এই নেতাদের পরিবর্তে ব্যবসায়ী মহলের সমস্যা সমাধানে নতুন নেতা নির্বাচন করতে চান তারা।সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে নেতা নির্বাচিত হলে সেই নেতা সদস্যদের কাছে দায়বদ্ধ থাকেন। এতে সংগঠন যেমন সঠিকভাবে পরিচালিত হয়, ব্যবসায়ীদের দাবি-দাওয়ারও সমাধান হয়।- এফবিসিসিআইয়ের সাবেক সহ-সভাপতি তবে এর মাঝেও ব্যতিক্রম রয়েছে অনেক ব্যবসায়ী সংগঠন, যেখানে গণতান্ত্রিকভাবে নির্বাচনের মাধ্যমে নেতা নির্বাচিত হয়েছেন। যেখানে কোনো সিলেকশন ছিল না। বিভেদও নেই তাদের নিজেদের মধ্যে। ব্যবসায়ীদের উন্নয়নে এই সংগঠনগুলো কাজ করে চলছে। এসব সংগঠনের মধ্যে অ্যাগ্রো ফুডের সংগঠন বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) ও আবাসন ব্যবসায়ীদের সংগঠন রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) উল্লেখযোগ্য।
খোঁজ নিয়ে জানা যায়, অনেক ব্যবসায়ী সংগঠনের মাঝে নেতৃত্ব নিয়ে প্রশ্ন উঠেছে। বিশেষত ছাত্র আন্দোলনের সময় তাদের ভূমিকাও ছিল প্রশ্নবিদ্ধ। কয়েকদিন হট্টগোল হওয়ার পর গত ২৪ আগস্ট বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সভাপতির পদ থেকে পদত্যাগ করেন এস এম মান্নান কচি। সংগঠনটিতে নতুন সভাপতি মনোনীত হয়েছেন ডিজাইনটেক্স গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক খন্দকার রফিকুল ৭-এর পাতায় দেখুন

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎপ্রকল্পের প্রথম ইউনিটে ডামি ফুয়েল লোডিং শুরু

**স্টাফ রিপোর্টার :** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রথম ইউনিটের রিয়্যাক্টর প্রেসার ভেসেলে ডামি ফুয়েল লোডিংয়ের কাজ শুরু হয়েছে। গত ১৭ সেপ্টেম্বর শুরু হওয়া এই কার্যক্রম প্রায় দুই সপ্তাহ চলবে। এ সময়, ১৬৩টি ডামি ফুয়েল অ্যাসেম্বলি এবং ১১৫টি কনট্রোল এণ্ড প্রোটেকশন সিস্টেম অ্যাবসর্বার রড লোড করা হবে। ডামি ফুয়েলের সাহায্যে রিয়্যাক্টরের সকল প্যারামিটার যাচাই নিশ্চিত হবার পর প্রকৃত ফুয়েল লোড করা হবে। গুরুত্বপূর্ণ এই কার্যক্রমে অংশগ্রহণ করছে রাশিয়ার রসাটমের এটমস্ত্রয়এক্সপোর্ট, এটমটেকএনার্গো এবং রসএনার্গোএটমের বিশেষজ্ঞরা। আকার, আকৃতি, ওজন, ম্যাটেরিয়াল বিবেচনায় ডামি ফুয়েল অ্যাসেম্বলি আসল ফুয়েল অ্যাসেম্বলির সম্পূর্ণ কপি কিন্তু এতে কোনো পারমাণবিক জ্বালানি থাকে না। এই ফুয়েল লোডিংয়ের পর রিয়্যাক্টরের সার্কুলেশন ফ্ল্যাশিং, কোল্ড এবং হট টেস্ট সম্পাদন করা ৭-এর পাতায় দেখুন




## গণহত্যায় উসকানিদাতাদের অবশ্যই বিচার হবে: উপদেষ্টা নাহিদ

**স্টাফ রিপোর্টার :** কবি, সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব- যারা ফ্যাসিবাদে জড়িত ছিলেন, গণহত্যায় উসকানি দিয়েছেন- তাদের অবশ্যই বিচারের আওতায় নিয়ে আসা হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম। গতকাল বুধবার সচিবালয়ে মন্ত্রণালয় সভাকক্ষে চলচ্চিত্র সেন্সর বোর্ড ও জুড়ি বোর্ডের নবনির্বাচিত কমিটির সদস্যদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। সাংবাদিকদের বিরুদ্ধে হত্যা মামলা নিয়ে জানতে চাইলে নাহিদ ইসলাম বলেন, মামলাগুলো সরকার করছে, জনগণের জায়গা থেকে করা হচ্ছে। ব্যক্তিগত শত্রুতার জায়গা থেকেও করা হচ্ছে। সেই জায়গা থেকে আমরা নির্দেশনা দিয়েছি ও আশ্বস্ত করেছি, এই মামলাগুলো দ্রুত সময়ের মধ্যে পর্যালোচনা করা হবে। তদন্ত করা হবে। অভিযোগ না থাকলে মামলা থেকে রেহাই দেওয়া হবে। তিনি বলেন, প্রেসক্লাব ও সচিবালয় সাংবাদিক ফোরামের সঙ্গে বসেছি। আমি বলেছি, যদি কোনো সাংবাদিকের বিরুদ্ধে এ ধরনের ৭-এর পাতায় দেখুন

## উন্নত চিকিৎসার জন্য থাইল্যান্ড পাঠানো হয়েছে গুলিবিদ্ধ ফাহিমকে

**স্টাফ রিপোর্টার :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গুলিবিদ্ধ ফাহিম হাসানের অবস্থা সংকটাপন্ন হওয়ায় উন্নত চিকিৎসার জন্য বাবা-মাসহ তাকে সরকারি খরচে থাইল্যান্ডের ভেজথানি হাসপাতালে পাঠানো হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা নূরজাহান বেগমের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ফাহিমকে থাইল্যান্ডে পাঠানো হয়। তাদের খাবার, বাসস্থান, অভ্যন্তরীণ যাতায়াত ও চিকিৎসা বাবদ 'বৈষম্যবিরোধী কল্যাণ তহবিল' থেকে এককালীন ৮ লাখ টাকা দেওয়া হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। গতকাল বুধবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান হয়েছে। এছাড়া বাংলাদেশ বিমান এয়ার লাইনসের চেয়ারম্যান আবদুল মুয়ীদ চৌধুরী তাদের তিনজনের মধ্যে দুজনের বিমান ভাড়া মওকুফের পাশাপাশি যাতায়াতের সুবিধার্থে রিটার্ন টিকিটসহ সাতটি বিমান টিকিট দিয়ে সহায়তা করেছেন। এছাড়া 'বৈষম্যবিরোধী কল্যাণ তহবিল' থেকে দিনমজুর মো. আবদুর রশিদকে চিকিৎসা ৭-এর পাতায় দেখুন



## সাবেক তিন সিইসিসহ কমিশনারদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা

**স্টাফ রিপোর্টার :** চট্টগ্রামে নির্বাচন কমিশনের বিগত তিনটি জাতীয় নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনারসহ কমিশনারদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ ও প্রতারণার মামলা হয়েছে। মামলায় ১৮ জন বিবাদীর মধ্যে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক মন্ত্রী ওবায়দুল কাদেরের নামও রয়েছে। আজ বুধবার (১৮ সেপ্টেম্বর) দুপুরে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কাজী শরীফুল ইসলামের আদালতে মামলাটি করেন মুক্তিযোদ্ধা মো. একরামুল করিম।সাবেক তিন প্রধান নির্বাচন কমিশনার হলেন কাজী রকিবউদ্দীন আহমদ, নুরুল হুদা ও কাজী হাবিবুল আউয়াল। এদের মধ্যে কাজী হাবিবুল আউয়াল সম্প্রতি স্বৈরাচার শেখ হাসিনা পালিয়ে যাওয়ার পর স্বেচ্ছায় পদত্যাগ করেন। আদালতে মামলার বাদী মো. একরামুল করিম অভিযোগ করেন, ২০১৪, ১৮ ও ২৪ সালে জনগণের অংশ গ্রহণ ব্যতিরেকে প্রহসনের নির্বাচন আয়োজন করেন অভিযুক্তরা। এর মধ্যদিয়ে সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধানের শপথ ভঙ্গ করেছেন তাঁরা। যা রাষ্ট্রদ্রোহসহ প্রতারণার শামিল। কারণ এর মধ্য দিয়ে দেশে স্বৈরাচারী রাষ্ট্র ব্যবস্থা কায়েম করা হয়েছে। ভবিষ্যতে দেশের মানুষের অধিকার হরণে যাতে আর কেউ সাহস না পায় সে লক্ষ্যে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন মামলার বাদী। মামলাটি আমলে নিয়ে পদস্থ পুলিশ কর্মকর্তার মাধ্যমে অভিযোগ তদন্তের আদেশ দিয়েছেন বলে জানান বাদী পক্ষের আইনজীবী মো. কফিল উদ্দিন। সিইসি মামলা কমিশনার চট্টগ্রাম ৭-এর পাতায় দেখুন

## বগুড়ায় শেখ হাসিনা-জয়-রেহানার নামে আরেক মামলা

**স্টাফ রিপোর্টার :** বগুড়ায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার বোন শেখ রেহানা ও ছেলে সজীব ওয়াজেদ জয়সহ ১০৪ জনের নাম উল্লেখ করে ৪০৪ জনের বিরুদ্ধে আরেকটি হত্যা মামলা হয়েছে। গত মঙ্গলবার বগুড়া সদরের এরুলিয়া ইউনিয়নের সিল্কিবান্দা গ্রামের নিহত রিপন ফকিরের স্ত্রী মাবিয়া বেগম বাদী হয়ে সদর থানায় এ মামলা করেছেন। এর আগে, সাবেক এ প্রধানমন্ত্রীর বিরুদ্ধে জেলায় ছয়টি হত্যা ও একটি হত্যাচেষ্টার মামলা হয়েছে। সদর থানার সেকেন্ড অফিসার উপপরিদর্শক (এসআই) রহিম উদ্দিন এ তথ্য দিয়েছেন। মামলার অন্যতম কয়েকজন আসামি হলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, সাবেক পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, সাবেক ডিবি প্রধান হারুন অর রশিদ, বগুড়া জেলা আওয়ামী লীগের সভাপতি সাবেক এমপি মজিবর রহমান মজনু, সাধারণ সম্পাদক সাবেক এমপি রাগেবুল আহসান রিপু, সাবেক এমপি ডা. মোস্তফা আলম নান্নু, জেলা ৭-এর পাতায় দেখুন

## কর্মকর্তাদের জবাবদিহিতার আওতায় আনছে ইসি

**স্টাফ রিপোর্টার :** মাঠ পর্যায়ে বারবার তাগাদা দিয়েও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সেবার ভোগান্তি কমছে না। তাই এবার কর্মকর্তাদের জবাবদিহিতার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্রগুলো জানিয়েছেন, অনেক সংশোধনের আবেদন মাসের পর মাস পড়ে থাকে। অনেকের আবেদন ক্যাটাগরি (সংশোধনের জটিলতা অনুযায়ী ধরন নির্ধারণ) না করে ফেলে রাখা হয়। আর ক্যাটাগরিতে না ফেলা হলে সার্ভারে সংশ্লিষ্ট আবেদনের কোনো অগ্রগতি হয় না। ফলে শুরুতেই গতিহীন হয়ে পড়ে অনেকের আবেদন। বিষয়টি ইসি সচিব শফিউল আজিমের দৃষ্টিগোচর হওয়ায় এমন সিদ্ধান্ত নেওয়া ৭-এর পাতায় দেখুন

### জনপ্রশাসনকে মন্ত্রিপরিষদের চিঠি
## চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর বিবেচনার অনুরোধ




**স্টাফ রিপোর্টার :** সরকারি চাকরিতে প্রবেশের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর ও অবসরের বয়স ৬৫ বছর করার দাবি জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে চিঠি দিয়েছে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের সংগঠন বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন।সার্ভিস অ্যাসোসিয়েশনের এ চিঠিটি বুধবার (১৮ সেপ্টেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবের কাছে পাঠিয়ে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ।এর আগে গত ৫ সেপ্টেম্বর বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের মহাসচিব মুহাম্মদ মাহবুবুর রহমান এ বিষয়ে ব্যবস্থা নিতে মন্ত্রিপরিষদ বিভাগে চিঠি দেন।ওই চিঠিতে বলা হয়, সরকারি চাকরিতে প্রবেশ ও অবসরের বয়স এর আগে যথাক্রমে ৩০ ও ৫৯ (মুক্তিযোদ্ধা কোটাধারীদের যথাক্রমে ৩২ ও ৬০) বছর করা হয়েছিল। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্যমতে, বাংলাদেশের মানুষের গড় আয়ুষ্কাল বৃদ্ধি পেয়ে বর্তমান ৭২ দশমিক ৩ বছরে দাঁড়িয়েছে। পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষকের চাকরির অবসরের বয়স-সীমা ৬৫ বছর এবং সুপ্রিম কোর্টের বিচারকদের চাকরির বয়সসীমা ৬৭ বছর। বিগত এবং বর্তমান সময়ে যেসব চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়েছে তাদের অনেকের বয়স ৬৭ বছরের ঊর্ধ্বে।অ্যাসোসিয়েশন জানিয়েছে, চাকরিতে প্রবেশের বয়স নিয়ে বিশ্বের বিভিন্ন দেশের মানদণ্ড পর্যালোচনা করে দেখা যায় যে, বিশ্বের ১৬২টি দেশে সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর, কোনো কোনো দেশে ৭-এর পাতায় দেখুন

## নেতাকর্মীদের অভিযোগ নিয়ে সেনাবাহিনীর কাছে যাওয়ার নির্দেশনা আওয়ামী লীগের

**স্টাফ রিপোর্টার :** ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হওয়ার পর হামলাসহ নানা অভিযোগ নিয়ে থানায় আওয়ামী লীগের নেতাকর্মীদের সাধারণ ডায়েরি নিচ্ছে না অভিযোগ আওয়ামী লীগের। তাই নেতাকর্মীদের সদ্য ম্যাজিস্ট্রেসি ক্ষমতা পাওয়া সেনাবাহিনীর কাছে যাওয়ার নির্দেশনা দিয়েছে দলটি। গতকাল বুধবার সকালে ফেসবুকে আওয়ামী লীগের ভেরিফাইড পেজে এক পোস্টে এমন নির্দেশনা দেওয়া হয়। যৌথবাহিনীর অভিযানের মধ্যেই গত মঙ্গলবার রাতে সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়ার প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। এতে আগামী ৬০ দিন সেনাবাহিনীর কাছে বিচারিক ক্ষমতা থাকবে বলে উল্লেখ করা হয়েছে। প্রজ্ঞাপন জারির পরই সেনাবাহিনীর দ্বারস্থ হতে দলীয় নেতাকর্মীদের নির্দেশনা দিলো আওয়ামী লীগ। ফেসবুক পোস্টে বলা হয়েছে, ৭-এর পাতায় দেখুন



## কৃষি গুচ্ছের ৯ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ২৫ অক্টোবর

**স্টাফ রিপোর্টার :** কয়েক দফা পেছানোর পর অবশেষে দেশের ৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। আগামী ২৫ অক্টোবর এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন বেলা ১১টায় সারাদেশে একযোগে কৃষিগুচ্ছের ভর্তি পরীক্ষা নেওয়া হবে।বুধবার (১৮ সেপ্টেম্বর) বিকেল ৩টায় চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের (সিভাসু) ভারপ্রাপ্ত উপাচার্য এবং কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি কমিটির এক জুম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. কামাল বলেন, কৃষি গুচ্ছের ভর্তি পরীক্ষা আগামী ২৫ অক্টোবর অনুষ্ঠিত হবে। কিছুক্ষণের মধ্যে এ বিষয়ে সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দেওয়া হবে।৯ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিতস্নাতক শেষেও স্থায়ী ক্যাম্পাস পাবেন না শিক্ষার্থীরাসভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) দুজন সদস্য, গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্য, ইউজিসির ৭-এর পাতায় দেখুন

## সাবেক বিচারপতি মানিক ঢাকার ৬ হত্যা মামলায় গ্রেপ্তার

**স্টাফ রিপোর্টার :** কোটা সংস্কার আন্দোলন চলাকালে ঢাকায় সংঘটিত পৃথক ছয়টির হত্যার ঘটনায় দায়ের হওয়া মামলায় সাবেক বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধুরী মানিককে গ্রেপ্তার দেখানোর আবেদন মঞ্জুর করেছেন আদালত। গতকাল বুধবার শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জাকী-আল-ফারাবীর আদালত এসব মামলায় তাতে গ্রেপ্তার দেখানোর আবেদন মঞ্জুর করেন। মামলারগুলো মধ্যে রয়েছে, আদাবর থানার গার্মেন্টস কর্মী রুবেল হত্যা, লালবাগ থানার আইডিয়াল কলেজের প্রথম বর্ষের ছাত্র খালিদ হাসান সাইফুল্লাহ হত্যা ও বাড্ডা থানার পৃথক চারটি হত্যা মামলা রয়েছে। এদিন সকাল ৮টার পর তাকে আদালতে হাজির করা হয়। তার উপস্থিতিতে গ্রেপ্তার দেখানোর বিষয়ে শুনানি হয়। জানা যায়, গত ২৩ আগস্ট সিলেটের কানাইঘাট উপজেলার সীমান্তবর্তী ৭-এর পাতায় দেখুন

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম

**স্টাফ রিপোর্টার :** জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ২০০৬ সালের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইনের ১০(১) ধারা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলমকে ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ করা হলো। নিয়োগের শর্তে বলা হয়, ভাইস-চ্যান্সেলর হিসেবে তার নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে চার বছর হবে। এই পদে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন। তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন। তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী ৭-এর পাতায় দেখুন



রাজধানীর তেজগাঁওয়ে সাতরাস্তা এলাকায় তীব্র যানজট। ছবিটি বুধবার তোলা

## চাঁদপুরে ৩ মামলায় আদালতে তোলা হলো না দীপু মনিকে

**স্টাফ রিপোর্টার :** চাঁদপুরের ৩টি মামলার আসামি সাবেক মন্ত্রী ডা. দীপু মনিকে আদালতে হাজির করা হয়নি। এ নিয়ে জেলা পুলিশের প্রস্তুতি থাকলেও আদালত প্রাঙ্গণে বিক্ষুব্ধ জনতার অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে গতকাল বুধবার তাকে চাঁদপুর আদালতে তোলা হয়নি বলে জানিয়েছে কয়েকটি সূত্র। চাঁদপুর জেলা পুলিশের একজন শীর্ষ কর্মকর্তা জানিয়েছেন, মামলায় হাজিরার জন্য সাবেক মন্ত্রী ডা. দীপু মনিকে চাঁদপুর আদালতে আনতে নিরাপত্তাব্যবস্থা গ্রহণ করে পুলিশ। তবে গত মঙ্গলবার রাতেই এ সিদ্ধান্ত পরিবর্তন করার খবর পাওয়া যায়। জানা গেছে, বিএনপি-জামায়াতের নেতাকর্মী ও শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় চাঁদপুর-৩ আসনের সাবেক সংসদ সদস্য ও মন্ত্রী দীপু মনির বিরুদ্ধে ৩টি মামলা দায়ের করা হয় চাঁদপুর আদালতে। এসব মামলায় তাকে গ্রেপ্তার দেখানোর জন্য সকালে আদালতে হাজির করার কথা ৭-এর পাতায় দেখুন

## রংধনু গ্রুপের রফিক-মিজানের ফাঁসির দাবিতে মানববন্ধন

**স্টাফ রিপোর্টার :** নারায়ণগঞ্জের রূপগঞ্জে জমিদখল ও দখলবাণিজ্যকে কেন্দ্র করে হত্যাকাণ্ডে রংধনু গ্রুপের চেয়ারম্যান রফিকুল ইসলাম ও গ্রেপ্তার একই গ্রুপের পরিচালক মিজানুর রহমান মিজানের ফাঁসির দাবি জানিয়েছেন ভুক্তভোগী এলাকাবাসী। তারা জানান, রংধনু গ্রুপের চেয়ারম্যান রফিকুল ইসলামের দখলবাণিজ্যের গুন্ডা বাহিনীর প্রধান হিসেবে কাজ করেছেন মিজান। তাই মিজানের পাশাপাশি রফিকুল ইসলামেরও গ্রেপ্তার ও ফাঁসির দাবি জানান তারা। গতকাল বুধবার বেলা ১২টায় জাতীয় প্রেসক্লাবের সামনে 'রূপগঞ্জের সর্বস্তরের জনগণ' ব্যানারে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে হিন্দু সম্প্রদায়সহ ভুক্তভোগী পরিবারের শতাধিক সদস্য উপস্থিত ছিলেন। রংধনু গ্রুপের চেয়ারম্যান রফিক ও পরিচালক মিজানের বিরুদ্ধে মারধর ও জমি দখলের অভিযোগ তুলে নারায়ণগঞ্জ জেলার মুড়াপাড়ার নগনিশিপাড়ার সনাতন ধর্মাবলম্বী মিনি দাস বলেন, রফিক ও তার ছোট ভাই মিজান আমাদের বাড়িঘরের ২০ শতক জমি বালু ভরাট করে দখল করেছে। আমাদের মারধরও করেছে। তাকে (রফিক) কিছু বলতে গেলে সে প্রতিনিয়ত তার গুন্ডা বাহিনী দিয়ে আমাদের সঙ্গে ঝামেলা করেছে। যে কারণে আমরা বাড়িতে থাকতে পারছি না। এই আন্ডা রফিকের কারণে আমরা ভয়াবহ অবস্থায় আছি। মানববন্ধনে বিচার চাইতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন হত্যাকাণ্ডের শিকার কিশোর স্বাধীনের নানা রেজাউল করিম। তিনি বলেন, আমার নাতি হত্যার বিচার চাই। জায়গা-জমির জন্য তারা আমার নাতিরে মাইরা ফালাইছে। ১০ মাস হলো, আমার নাতি আমাকে নানা বলে ডাকে না। আমার গলা জড়ায়ে ধরে এখন আর কেউ ঘুমায় না। টাকার অভাবে আমি মামলাও করতে পারিনি। আমি জায়গা-জমি কিছুই চাই না, শুধু আমার নাতিকে চাই। স্বাধীনের মা ঝর্না বলেন, জমি দখলের জন্য আন্ডা রফিকের হয়ে সন্ত্রাসী মিজান, শফিক ও জসু আমার একমাত্র ছেলেকে মেরে ফেলেছে। আমার ছেলে এসএসসি পাস করেছিল। বাসায় এসে তাকে গুলি করে হত্যা করেছে। বাড়িঘর ভেঙে ফেলেছে। আমাদের নিঃস্ব করে দিয়েছে। ওরা আমাকে কেন মেরে ফেলে নাই...। দারোগার কাছে বিচার দিয়াও কোনো লাভ হয় নাই। আমি এটার তদন্ত চাই, খুনিদের ৭-এর পাতায় দেখুন

## ঢাকা থেকে হংকংগামী ফ্লাইটে বাংলাদেশি যাত্রীর মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** ঢাকা থেকে হংকংগামী একটি ফ্লাইটে বাংলাদেশি এক যাত্রীর মৃত্যু হয়েছে। ফ্লাইট চলাকালীন হঠাৎ তিনি অজ্ঞান হয়ে ঢলে পড়েন। পরে তাকে মৃত ঘোষণা করা হয়। ক্যাথে প্যাসিফিক এয়ারওয়েজের একটি ফ্লাইটে এই ঘটনা ঘটেছে। গতকাল বুধবার এই তথ্য জানিয়েছে হংকং পুলিশ। হংকং-ভিত্তিক সংবাদমাধ্যম সাউথ চায়না মর্নিং পোস্ট এই খবর জানিয়েছে। প্রতিবেদনে মৃত ওই বাংলাদেশি যাত্রীর পরিচয় প্রকাশ করা হয়নি। তবে তিনি ৪৭ বছর বয়সী ছিলেন বলে জানা গেছে। হংকং পুলিশ জানিয়েছে, গতকাল বুধবার সকাল ৮টার কিছুক্ষণ পর তারা একটি প্রতিবেদন পায়, যেটিতে বলা হয়, মৃত ওই ব্যক্তি বাংলাদেশের রাজধানী থেকে আসা সিএক্স৬৬২ ফ্লাইটে অজ্ঞান হয়ে পড়েন। ঘটনাস্থলেই তাকে মৃত ঘোষণা করেন কর্মকর্তারা। মৃত্যুর কারণ জানতে ময়নাতদন্ত করা হবে বলে জানিয়েছে পুলিশ। বিমানবন্দর ৭-এর পাতায় দেখুন

## সালমান এফ রহমানসহ ২৮ জনের বিরুদ্ধে সিআইডির ১৭ মামলা



**স্টাফ রিপোর্টার :** রপ্তানি বাণিজ্যের আড়ালে মানি লন্ডারিংয়ের মাধ্যমে ৮৩ মিলিয়ন মার্কিন ডলার বা প্রায় ১ হাজার কোটি টাকা বিদেশে পাচারের অভিযোগে বেক্সিমকো গ্রুপের সালমান এফ রহমানসহ ২৮ জনের বিরুদ্ধে ১৭টি মামলা করেছে সিআইডি। গতকাল বুধবার এই তথ্য জানান সিআইডির অতিরিক্ত পুলিশ সুপার আজাদ রহমান। সিআইডির সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, মানিলন্ডারিং প্রতিরোধ আইন ও বিধি মোতাবেক পরিচালিত সিআইডির অনুসন্ধানে সালমান এফ রহমান (বেক্সিমকো গ্রুপের প্রতিষ্ঠাতা ভাইস চেয়ারম্যান) এবং তার ভাই এ এস এফ রহমানের (বেক্সিমকো গ্রুপের চেয়ারম্যান) স্বার্থ-সংশ্লিষ্ট বেক্সিমকো গ্রুপের মালিকানাধীন মোট ১৭টি প্রতিষ্ঠান ২০২১ থেকে ২০২৪ পর্যন্ত বিভিন্ন সময়ে জনতা ব্যাংক পিএলসি লোকাল অফিস শাখা, দিলকুশা, মতিঝিল থেকে ৯৩টি এলসি, সেলস কন্ট্রাক্ট (বিক্রয় চুক্তি) গ্রহণ করে এর বিপরীতে পণ্য রপ্তানি করে। কিন্তু নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরেও রপ্তানিমূল্য প্রায় ৮৩ মিলিয়ন মার্কিন ডলার (বাংলাদেশি মুদ্রায় প্রায় ১ হাজার কোটি টাকা) বাংলাদেশে না এনে বিদেশে পাচারের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। সিআইডির অনুসন্ধানে প্রাপ্ত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ১. অ্যাডভেঞ্চার গার্মেন্টস লিমিটেড, ২. অ্যাপোলো অ্যাপারেলস লিমিটেড, ৩. অটাম লুপ অ্যাপারেলস লিমিটেড, ৪. বেক্সটেক্স গার্মেন্টস লিমিটেড, ৫. কসমোপলিটান অ্যাপারেলস লিমিটেড, ৬. কোজি অ্যাপারেলস লিমিটেড, ৭. এসেস ফ্যাশন লিমিটেড, ৮. ইন্টারন্যাশনাল নিটওয়্যার অ্যান্ড অ্যাপারেলস লিমিটেড, ৯. কাঁচপুর অ্যাপারেলস লিমিটেড, ১০. মিডওয়েস্ট গার্মেন্টস লিমিটেড, ১১. পিয়ারলেস গার্মেন্টস লিমিটেড, ১২. পিঙ্ক মেকার গার্মেন্টস লিমিটেড, ১৩. প্ল্যাটিনাম গার্মেন্টস লিমিটেড, ১৪. স্কাইনেট অ্যাপারেলস লিমিটেড, ১৫. স্প্রিংফুল অ্যাপারেলস লিমিটেড, ১৬. আরবান ফ্যাশনস লিমিটেড ও ১৭. উইন্টার স্প্রিন্ট গার্মেন্টস লিমিটেড নামক প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে প্রায় ৮৩ মিলিয়ন মার্কিন ডলার (বাংলাদেশি মুদ্রায় প্রায় ৭-এর পাতায় দেখুন

## জয়পুরহাট থানার লুট হওয়া অস্ত্র-গুলি ঝোপ থেকে উদ্ধার

**স্টাফ রিপোর্টার :** গত ৫ আগস্ট জয়পুরহাট সদর থানায় দুষ্কৃতকারীরা হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করে রক্ষিত অস্ত্র-গুলি লুট করে নিয়ে যায়। এর মধ্যে একটি বিদেশি পিস্তল, ম্যাগাজিন ও গুলি উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার বিষয়টি নিশ্চিত করেছেন জয়পুরহাট সদর থানার ওসি হুমায়ুন কবীর। এর আগে গত মঙ্গলবার রাতে খবর পাওয়া যায় জয়পুরহাট পৌরসভার সিমেন্ট ফ্যাক্টরির মাঠের পূর্ব দিকে গুলশান মোড়-দেবীপুর রেলগেট রাস্তার পূর্ব পাশে ঝোপের নিকট পরিত্যক্ত অবস্থায় কিছু অস্ত্র-গুলি পড়ে রয়েছে। ওই সংবাদের ভিত্তিতে সেখানে গিয়ে পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকা একটি চায়না পিস্তল, আট রাউন্ড গুলি, উনত্রিশ রাউন্ড ৯ মি.মি পিস্তলের গুলি, একটি ম্যাগাজিন ও একটি অস্ত্রের কাভার উদ্ধার করে পুলিশ। পরে পুলিশ অস্ত্র-গুলি উদ্ধার করে জব্দতালিকা করে জয়পুরহাট সদর থানায় ৭-এর পাতায় দেখুন

**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.

## জাপানি নাগরিকদের নিরাপত্তা

প্রদানের জন্য অনুরোধ করেন। বৈঠকে উভয় পক্ষ দুই দেশের মধ্যে প্রতিরক্ষা সম্পর্ক জোরদারসহ দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতার বিষয়ে মতবিনিময় করেছে।

## পর্যাপ্ত বিচারকের অভাবে কাটছে না

মোকদ্দমা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রতা, উচ্চ আদালতের স্থগিতাদেশ ইত্যাদি। কমিশনের প্রতিবেদনে বলা হয়, জরুরি ভিত্তিতে বিভিন্ন পর্যায়ে পদ সৃষ্টি করে কমপক্ষে ৫ হাজার বিচারক নিয়োগ করা হলে জট কমিয়ে মামলার সংখ্যা সহনীয় পর্যায়ে আনা সম্ভব। তবে একসঙ্গে এত বিচারক নিয়োগ করলে তাদের গুণগত মানেরও অবনতি ঘটতে পারে। অবশ্য ধারাবাহিকভাবে প্রতি বছর কমপক্ষে ৫০০ বিচারক নিয়োগ দেয়া প্রয়োজন বলে প্রতিবেদনে মতামত দেওয়া হয়। এদিকে উচ্চ আদালতের একাধিক আইনজীবীর মতে, দেশের জনসংখ্যার তুলনায় যে পরিমাণ বিচারক ও আদালত থাকার কথা তার কোনোটাই নেই। বরং ভৌতিক মামলা দিয়ে মামলার সংখ্যা বাড়ানো হয়েছে। সাধারণ মানুষকে হয়রানি করা হয়েছে। এই পাহাড়সম মামলাজট নিরসনে মহাপরিকল্পনা দরকার। মূলত বিচার বিভাগকে অকার্যকর করে রাখতে চাওয়া হয়েছে। তিনি বলেন, বর্তমান অন্তর্বর্তী সরকার বিচার বিভাগ সংস্কারে একটি কমিশন গঠন করেছে। আশা করা যায় বিচারপতি নিয়োগ আইন, স্থায়ী অ্যাটর্নি সার্ভিস গঠনসহ বিচার বিভাগের প্রয়োজনে প্রকৃতপক্ষে জরুরি বিষয়ে এ কমিশন সুপারিশ করবে।

## মেট্রোরেল বন্ধে যাত্রীদের ভোগান্তি

আছে। মেট্রোরেল চলাচল আংশিক বন্ধ থাকার বিষয়ে ডিএমটিসিএল আনুষ্ঠানিকভাবে জানিয়েছে, অনিবার্য কারণবশত সকাল ৯টা ৪০ মিনিট থেকে আগারগাঁও থেকে মতিঝিল অংশের ট্রেন চলাচল সাময়িক বন্ধ আছে। তবে উত্তরা উত্তর থেকে আগারগাঁও অংশে ট্রেন চলাচল অব্যাহত আছে। আগারগাঁও থেকে মতিঝিল অংশের ট্রেন চলাচল স্বাভাবিক হলে জানানো হবে।

## গভীর রাতে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রীর

শেষ দিন ছিল গতকাল বুধবার।

## সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতার

১২৭, ১২৮, ১৩০, ১৩৩, ১৪২ অনুযায়ী এ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করা হলো। নির্বাহী ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পাওয়া সেনা কর্মকর্তাদের উপস্থিতিতে কোনো অপরাধ সংঘটিত হলে তারা অপরাধীকে গ্রেপ্তার করতে বা গ্রেপ্তারের নির্দেশ দিতে পারবেন। এ ছাড়া সেনাবাহিনী কর্মকর্তারা আগামী দুই মাস ফৌজদারি অপরাধের বিভিন্ন ধারা অনুযায়ী অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন।

## বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নতুন

প্রয়োজনে যেকোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন। বিষয়টি নিশ্চিত করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের অতিরিক্ত পরিচালক মোহাম্মদ আলী। বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য প্রফেসর ড. মো. শওকত আলীর বাড়ি রংপুর জেলার পীরগঞ্জ উপজেলায়। বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে গত ৫ আগস্ট সরকার পতনের পর ৯ আগস্ট পদত্যাগ করেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হাসিবুর রশীদ। তার পদত্যাগের প্রায় দেড় মাস পর নতুন উপাচার্য হিসেবে দায়িত্ব নিচ্ছেন ড. শওকত আলী।

## আ.লীগের মতো আচরণ করলে

মতো আচরণ করলে তাদের মতো আমাদের পরিণতি হবে?
ওবায়দুল কাদেরকে নিয়ে তিনি বলেন, উনি বলতেন খেলা হবে, পালাব না? পালালে দেশের বাইরে যাব না? আমার বাসায় আসবেন? এখন তিনি কোথায় চলে গেছেন, তা দেশবাসীও জানে না? অনেকে বলে, ভারতে চলে গেছেন। এ দেশের মানুষের বিরুদ্ধে ছিলেন বলেই আজ পালিয়ে যেতে হয়েছে?
এসময় জেলা বিএনপির সাধারণ সম্পাদক মির্জা ফয়সাল আমীন, উপজেলা বিএনপির সভাপতি জামাল উদ্দীন, সাধারণ সম্পাদক আবু তাহেরসহ জেলা বিএনপি ও এর অন্য অঙ্গ সংগঠনগুলোর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## রূপপুর বিদ্যুৎ প্রকল্পের সমাপ্তির

ধন্যবাদ জানান। রাষ্ট্রদূত প্রকল্পের সফল সমাপ্তি নিশ্চিত করার বিষয়ে অব্যাহত সহযোগিতার আশ্বাস দেন।পররাষ্ট্র সচিব রাশিয়ায় উচ্চশিক্ষা গ্রহণকারী বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য বৃত্তির সংখ্যা বাড়ানোয় দেশটির সরকারকে ধন্যবাদ জানান।

## ডলারের মান এক বছরের মধ্যে

হার কমছে।এদিকে বার্তা সংস্থা রয়টার্স বলছে, বিনিয়োগকারীরা আশা করছেন প্রথম ধাপেই ফেডারেল রিজার্ভ শূন্য দশমিক ৫০ শতাংশীয় পয়েন্ট হারে নীতিসুদ কমাবে। যদিও আগে ধারণা করা হয়েছিল, নীতি সুদহার প্রথাগতভাবে শূন্য দশমিক ২৫ শতাংশীয় পয়েন্ট হারে কমানো হবে, যা ডলারের ওপর চাপ বৃদ্ধির অন্যতম কারণ। বর্তমানে ফেডের নীতি সুদহার ৫ দশমিক ২৫ থেকে ৫ দশমিক ৫০ শতাংশের মধ্যে রয়েছে, যা গত ২৩ বছরের মধ্যে সর্বোচ্চ।একই সময়ে বিশ্বের অন্যান্য গুরুত্বপূর্ণ মুদ্রার বিনিময় মূল্য বৃদ্ধির কারণেও ডলারের বিনিময় হার কমেছে বলে ফাইন্যান্সিয়াল টাইমসের সংবাদে বলা হয়েছে। গত বছরের জুলাই মাসের পর জাপানি মুদ্রা ইয়েনের দর এখন সর্বোচ্চ। জাপানি মুদ্রার দরবৃদ্ধির কারণ হিসেবে দুই দেশের কেন্দ্রীয় ব্যাংকের বিপরীতমুখী অবস্থানকে দায়ী করা হয়েছে। ফেডারেল রিজার্ভ যেখানে নীতিসুদ কমাতে যাচ্ছে, সেখানে ব্যাংক অব জাপান ইতিমধ্যে নীতিসুদ বাড়াতে শুরু করেছে।

## আগামী সপ্তাহে বৃষ্টিপাত বাড়তে পারে

রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। এসময় সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। গত মঙ্গলবার দেশের সর্বোচ্চ ৩৬.৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা ছিল রংপুরের রাজারহাটে। ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

## ডিএমপির দুই থানায় নতুন ওসিসহ

নিরস্ত্র পুলিশ পরিদর্শক মোহাম্মদ মনিরুল ইসলামকে গোয়েন্দা-রমনা বিভাগ এবং অফিসার ইনচার্জ উত্তরা পূর্ব থানা মো. হাবিবুর রহমানকে ও সংযুক্ত সিআরও থেকে নিরস্ত্র পুলিশ পরিদর্শক এ কে এম সাহাবুদ্দিন শাহিনকে গোয়েন্দা-মতিঝিল বিভাগ, সংযুক্ত সিআরও থেকে নিরস্ত্র পুলিশ পরিদর্শক মোল্লা মো. খালিদ হোসেনকে গোয়েন্দা-ওয়ারী বিভাগ এবং নিরস্ত্র পুলিশ পরিদর্শক ওয়েলফেয়ার অ্যান্ড ফোর্স বিভাগ থেকে খোকন চৌধুরীকে প্লানিং রিসার্চ অ্যান্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বিভাগে পদায়ন করা হয়েছে।

## অনুপস্থিত পুলিশ সদস্যদের আর

স্বল্পতা রয়েছে। সেটা পূরণের লক্ষ্যেই কাজ করছে সেনাবাহিনী। সাংবাদিকদের তিনি বলেন, বাংলাদেশ সেনাবাহিনী একটি জনবান্ধব সুশৃঙ্খল বাহিনী। তাদের সঙ্গে যোগাযোগ বা তাদের কাছ থেকে সহযোগিতা নিতে সাধারণ জনগণের কোনো সমস্যা নেই। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে সংস্কারের মাধ্যমে একটি দক্ষ, সুসংগঠিত, পেশাদার ও সময়োপযোগী বাহিনী হিসেবে গড়ে তোলা হবে। এ লক্ষ্যে যা যা করণীয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে তা তা করা হবে। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, বাংলাদেশ সৃষ্টির ঐতিহাসিক প্রেক্ষাপট থেকে শুরু করে স্বাধীনতার পরবর্তী সময়ে দেশের প্রতিটি জরুরি মুহূর্তে আনসার বাহিনীর সদস্যরা গভীর দেশপ্রেম নিয়ে এগিয়ে এসেছে। দেশের আইন-শৃঙ্খলা রক্ষাসহ সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। দেশের গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা বিধানসহ কূটনৈতিক এলাকার সুরক্ষায় এ বাহিনী বিশেষ ভূমিকা রেখে চলেছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মাধ্যমে স্বৈরাচারী সরকারের পতনের পর থানা, ট্র্যাফিক, বিমানবন্দরসহ গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর সুরক্ষায় জীবনের ঝুঁকি নিয়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যরা দায়িত্ব পালন করেছে বলেও উল্লেখ করেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)। তিনি বলেন, বিশেষ করে আনসার গার্ড ব্যাটালিয়নের সদস্যরা ডিএমপির থানাগুলোর অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করেছে এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তায় নিয়োজিত রয়েছে। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের সঙ্গে সঙ্গে পুলিশ বাহিনীর স্বল্পতার মাঝেও রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনাতে আনসার গার্ড ব্যাটালিয়নের সদস্যরা সাহসিকতার সঙ্গে দায়িত্ব পালন করছে। তিনি জাতির জরুরি প্রয়োজনে সাহসী ভূমিকা রাখার জন্য বাহিনীটির সব সদস্যকে প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। স্বরাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, বাংলাদেশের প্রতিটি গ্রামে গ্রামে ছড়িয়ে থাকা স্বেচ্ছাসেবী ভিডিপি সদস্যরাও দেশের শান্তিশৃঙ্খলা রক্ষায় ব্যাপক ভূমিকা রেখেছে। সাম্প্রতিক সময়ে গ্রামে গ্রামে যে সামাজিক নিরাপত্তা সংকট দেখা দিয়েছিল, ভিডিপি সদস্যরা তা নিরসনে প্রশংসনীয় ভূমিকা রেখেছে। তিনি বলেন, যারা মন্দির, গির্জা, চার্চে হামলা চালিয়ে সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়িয়ে দিতে চেয়েছিল, তাদের সামনে বাধা হয়ে দাঁড়িয়েছিলো ভিডিপি সদস্যরা। তারা ধর্মীয় উপাসনালয়গুলোতে পাহারা বসিয়ে সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে সৌহার্দ্য-সম্প্রীতি রক্ষায় অবদান রেখেছিল। উপদেষ্টা ভবিষ্যতেও ভিডিপি সদস্যরা তারুণ্য নির্ভর স্বেচ্ছাসেবকের ভূমিকায় সুসংগঠিত হয়ে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক নিরাপত্তায় আরো বেশি অবদান রাখবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার ফয়সল হাসান জানান, কুচকাওয়াজ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব ড. মোহাম্মদ আবদুল মোমেন এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ। পরে স্বরাষ্ট্র উপদেষ্টা মৌলিক প্রশিক্ষণের সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে সালাম গ্রহণ করেন এবং কৃতী প্রশিক্ষণার্থীদের মাঝে পুরস্কার প্রদান করেন।

## একনেকে চার প্রকল্পে ১২২২ কোটি

কোম্পানি লিমিটেড (বাপেক্স) এই প্রকল্প বাস্তবায়ন করবে। নতুন প্রকল্পটির ব্যয় ধরা হয়েছে ৫৮৮কোটি ৪০ লাখ টাকা। একনেক সভার কার্যতালিকায় থাকা তৃতীয় প্রকল্পটি ছিল- আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের 'মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত তথ্য আপা নামক প্রকল্প)'। প্রকল্পটির ব্যয় ১৬৩ কোটি ১০ লাখ টাকা থেকে বেড়ে দাঁড়াচ্ছে ৭৪৮ কোটি ৮৭ লাখ টাকা। প্রকল্পটি বাস্তবায়ন করছে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়)' প্রকল্পটি ছিল চতুর্থ নম্বরে। প্রকল্পটি বাস্তবায়ন করবে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড। নতুন এই প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৪০০ কোটি টাকা। প্রকল্পটিতে ইউনিসেফ অনুদান হিসেবে ১০০ কোটি ১৬ লাখ টাকা দেবে। বাকি ২৯৯ কোটি ৮৪ লাখ টাকা সরকার দেবে। সভায় চারটি প্রকল্পই অনুমোদন দেওয়া হয়।

## হবিগঞ্জে হত্যা মামলায় সাবেক পৌর মেয়র গ্রেপ্তার

**স্টাফ রির্পোটার :** হবিগঞ্জ পৌরসভার সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিমকে গ্রেপ্তার করা হয়েছে। পরে গতকাল বুধবার দুপুরে জেলার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ফখরুল ইসলামের আদালতে নেওয়া হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। হবিগঞ্জ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. নূর আলম বিষয়টি নিশ্চিত করে জানান, বৈষম্যবিরোধী ছাত্রজনতার আন্দোলনে দুটি হত্যা মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়েছে। তার রিমান্ডের আবেদন প্রক্রিয়াধীন। পুলিশ জানায়, গত মঙ্গলবার যৌথ অভিযানের সময় আতাউর রহমান সেলিমকে ঢাকার ধানমন্ডি এলাকা থেকে গ্রেপ্তার করে। রাতেই তাকে ধানমন্ডি থানায় হস্তান্তর করা হয়। তিনি বৈষম্যবিরোধী ছাত্রজনতার আন্দোলনে নাশকতা সৃষ্টিকারী। এবং সদর মডেল থানার দুটি মামলার অন্যতম আসামি। সকালে হবিগঞ্জ সদর মডেল থানা পুলিশের নিকট হস্তান্তর করে। পরে পুলিশ তাকে আদালতে হাজির করে। সরকার পতনের পর থেকে তিনি পলাতক।

## খাগড়াছড়িতে ৬ শতাধিক মানুষ পেল সেনাবাহিনীর চিকিৎসাসেবা

**স্টাফ রির্পোটার :** খাগড়াছড়ির গুইমারায় সেনাবাহিনীর চিকিৎসাসেবা ও বিনামূল্যে ওষুধ পেয়েছেন পাহাড়ের ছয় শতাধিক মানুষ। গতকাল বুধবার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার নতুনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দিনব্যাপী চিকিৎসা ক্যাম্পের উদ্বোধন করেন মাটিরাঙ্গা জোনের অধিনায়ক কর্নেল মো. কামরুল হাসান। এরপর মাটিরাঙ্গা সেনা জোন পরিচালিত কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণে অংশগ্রহণকারী ২৩ প্রশিক্ষণার্থীর হাতে সার্টিফিকেট ও পুরস্কার তুলে দেওয়া হয়। এর আগে মাটিরাঙ্গা জোন সদরে জোনের আওতাধীন এলাকার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে স্কুলব্যাগ, ছাতা, বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে বিশেষ মানবিক সহায়তার অংশ হিসেবে ঢেউটিন এবং ক্ষতিগ্রস্ত কৃষকের মাঝে কৃষিপণ্য বিতরণ করে সেনাবাহিনী। এ সময় মাটিরাঙ্গা জোনের উপ-অধিনায়ক মেজর মো. মুরাদ হোসাইন ছাড়াও সামরিক বাহিনীর পদস্থ কর্মকর্তা, হেডম্যান-কার্বারিরা উপস্থিত ছিলেন।

## শেখ হাসিনাসহ ১৬৩ জনের বিরুদ্ধে হত্যাচেষ্টা মামলা

**স্টাফ রির্পোটার :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে গুলি করে ডেলিভারিম্যান শিমুল আহমেদকে হত্যাচেষ্টার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১৬৩ জনের বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে। গতকাল বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সাইফুজজামানের আদালতে ভুক্তভোগী নিজে বাদী হয়ে মামলা করেন। আদালত বাদীর জবানবন্দি রেকর্ড করে মিরপুর মডেল থানা পুলিশকে অভিযোগটি এজাহার হিসেবে গ্রহণের নির্দেশ দেন। এ মামলার উল্লেখযোগ্য অন্য আসামিরা হলেন-ওবায়দুল কাদের, আসাদুজ্জামান খান কামাল, মাইনুল হোসেন খান নিখিল, কামাল আহমেদ মজুমদার ও গাজী মেজবাউল হোসেন বাচ্চু। মামলার অভিযোগে বলা হয়, ভুক্তভোগী শিমুল আহমেদ একটি বেসরকারি কোম্পানিতে একজন চাকরি করেন। গত ১৯ জুলাই বৈষম্যবিরোরধী ছাত্র আন্দোলন চলাকালে সকাল সাড়ে ১০টার দিকে মিরপুর থানাধীন এলাকায় মুক্তিকামী ছাত্রদের সঙ্গে তিনি আন্দোলনে যোগ দেন। পরে বিকেল সাড়ে ৫টার দিকে তিনি ডান পায়ের উপরিভাগে গুলিবিদ্ধ হন। এতে শিমুল পঙ্গুত্ব বরণ করেন।

## অগ্রণী ব্যাংকের পর্ষদ থেকে কাশেম হুমায়ুনকে অব্যাহতি

**স্টাফ রির্পোটার :** সাংবাদিক কাশেম হুমায়ুনকে অগ্রণী ব্যাংক পিএলসির পরিচালনা পর্ষদের পরিচালক পদ থেকে অব্যাহতি দিয়েছে সরকার। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপ-সচিব আফছানা বিলকিসের সই করা এ-সংক্রান্ত একটি নির্দেশনা জারি করা হয়। গত মঙ্গলবার আফছানা বিলকিস এই নির্দেশনায় সই করেন। এতে বলা হয়, অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক কাশেম হুমায়ুনকে এই প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের পরিচালকের পদ থেকে প্রত্যাহার করা হলো। জনস্বার্থে জারি করা এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে বলে এতে উল্লেখ করা হয়েছে। দৈনিক সংবাদের ব্যবস্থাপনা সম্পাদক কাশেম হুমায়ুনকে ২০১৬ সালের সেপ্টেম্বরে প্রথম দফায় ৩ বছরের জন্য অগ্রণী ব্যাংকের পরিচালক হিসেবে নিয়োগ দিয়েছিল সরকার। পরবর্তিতে তার মেয়াদ আরও বাড়ানো হয়। অগ্রণী ব্যাংকের পরিচালক হওয়ার আগে তিনি সোনালী ব্যাংকের পরিচালনা পর্ষদে ছিলেন।

## ফরিদপুরে হত্যা মামলায় পাঁচজনের যাবজ্জীবন

**স্টাফ রির্পোটার :** ফরিদপুরে বাসের হেলপার সাদ্দাম হোসেন হত্যা মামলায় পাঁচজনের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। গতকাল বুধবার দুপুরে ফরিদপুর অতিরিক্ত জেলা ও দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক শিহাবুল ইসলাম এ রায় দেন। এ ছাড়া দুইজনকে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। রায় ঘোষণার সময় আসামিরা আদালতে উপস্থিত ছিলেন। যাবজ্জীবন সাজাপ্রাপ্তরা হলেন- জনি মোল্লা (২৬), মো. মেহেদী আবু কাউসার (২৩), সাজ্জাদ হোসেন মাতুব্বর (২৯), রাজেশ ওরফে রবিদাস (২৮) ও রবিন মোল্লা (২৪)। একই সঙ্গে প্রত্যেককে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অপর দুই আসামি আলমগীর হোসেন পাঠান (৩৬) ও হাফিজুল বেপারীকে (২৩) পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়। সাজাপ্রাপ্ত আসামিদের বাড়ি ফরিদপুর শহরের বিভিন্ন এলাকায়। আদালত সূত্রে জানা গেছে, ২০১৯ সালের ২৪ অক্টোবর ফরিদপুর শিশু পার্ক এলাকা থেকে নুপুর পরিবহনের একটি বাস চুরি হয়। এ ঘটনায় বাসের মালিক জয়নাল আবেদীন থানায় অভিযোগ করেন। পরদিন বাসটি ভাঙ্গা চৌরাস্তা মোড় থেকে উদ্ধার করে পুলিশ। এ সময় বাসের ভেতর থেকে হাত-পা বাঁধা অবস্থায় হেলপার সাদ্দাম হোসেনের লাশ উদ্ধার করা হয়। পরে পুলিশ সাতজনের নাম উল্লেখ করে ২০২০ সালের ২৩ নভেম্বর আদালতে অভিযোগপত্র দেয়। আদালত সাক্ষ্য প্রমাণ শেষে এ রায় ঘোষণা করেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী সানোয়ার হোসেন রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, রায়ে বাদীপক্ষ সন্তোষ প্রকাশ করেছে।

## অন্তর্বর্তীকালীন সরকারকে সহযোগিতা করতে হবে: এ্যানি

**স্টাফ রির্পোটার :** বিএনপির যুগ্ম-মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, অন্তর্বর্তীকালীন সরকারকে সহযোগিতা করতে হবে। যেন দেশে গণতান্ত্রিক পরিবেশ তৈরি করে জনগণের সরকার প্রতিষ্ঠিত হতে পারে। দেশ সংস্কারের পর নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের মাধ্যমে দেশের জনগণ সরকার প্রতিষ্ঠিত করবে। সুষ্ঠু ভোটের মাধ্যমে দেশে ঐক্যবদ্ধ সরকার গঠন হবে। গতকাল বুধবার দুপুরে লক্ষ্মীপুর সদরে বন্যা দুর্গতদের জন্য আয়োজিত ফ্রি মেডিকেল ক্যাম্পে তিনি এসব কথা বলেন। এ্যানি বলেন, ফ্যাসিবাদী শাসক আমাদের নেতাকর্মীদের ওপর ব্যাপক অত্যাচার নির্যাতন করেছে। তবে আমরা সরাসরি প্রতিশোধ নেবো না। আমাদের প্রতিশোধের ভাষা হচ্ছে আইনগতভাবে। মামলা হবে, বিচার বিভাগ মামলার দায়িত্ব গ্রহণ করেছে। আইনের মাধ্যমে সবকিছু মোকাবিলা করতে হবে। সর্বোপরি আমরা রাজনৈতিকভাবে তাদের মোকাবিলা করবো। তবে কেউই আইন নিজের হাতে তুলে নেবো না। এতে একদিকে বিচার ব্যবস্থা চলবে, আরেকদিকে দেশ গড়ার কাজ চলবে। এখানেই আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে পার্থক্য রয়েছে। তিনি আরও বলেন, গণতন্ত্র ও ভোটাধিকার আদায়ের লড়াই এখনো শেষ হয়নি। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস অত্যন্ত সম্মানিত ব্যক্তি। আপনার কাছে আহ্বান করছি- যারা গত ১৫ বছর ধরে গুম, খুন ও লুটপাটে জড়িত ছিল। দুঃখ-কষ্টের মাঝেও এখন আপনাদের মুখে হাসি ফুটে উঠেছে। এ সময় জেলা ছাত্রদলের সভাপতি হাসান মাহমুদ ইব্রাহিমসহ বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## গোপালগঞ্জে দুপক্ষের সংঘর্ষে নিহত ১, আহত ৫

**এফএনএস:** গোপালগঞ্জের মুকসুদপুরে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করাকে কেন্দ্র করে দুপক্ষের মধ্যে সংঘর্ষে সতীশ রায় ঠাকুর (৫৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন পাঁচজন। গত মঙ্গলবার রাতে মুকসুদপুর উপজেলার মহিষতুলী গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। মুকসুদপুর থানার ওসি মুস্তফা কামাল জানান, বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করাকে কেন্দ্র করে ওই গ্রামের সুদীপ মৌলিক ও মিলন মণ্ডলের মধ্যে কথা কাটাকাটি ও হাতাহাতির ঘটনা ঘটে। একপর্যায়ে দুই বংশের লোকজনের মধ্যে লাঠিসোঁটা নিয়ে সংঘর্ষ শুরু হলে একই গ্রামের সতীশ রায় ঠাকুর ঠেকাতে গেলে পেছন থেকে তার মাথায় আঘাত লাগে। এতে ঘটনাস্থলেই সতীশের মৃত্যু হয়। এ সময় দোষীরা এলাকা ছেড়ে পালিয়ে যায়। মুকসুদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রায়হান ইসলাম শোভন জানান, সতীশকে রাত সাড়ে ১২টার দিকে হাসপাতালে নিয়ে আসা হয়। তবে আসার আগেই তিনি মারা যান।

## বেতন পেয়ে সড়ক ছাড়লেন পোশাক শ্রমিকরা

**স্টাফ রির্পোটার :** বকেয়া বেতন আদায়ের দাবিতে রাজধানীর শিয়ালবাড়ী এলাকার সড়কে অবস্থান নিয়েছিলেন যমুনা ফ্যাশনওয়্যার লিমিটেড নামে একটি পোশাক কারখানার শ্রমিকরা। তবে বেলা ১১টার দিকে গার্মেন্টসের মালিক বকেয়া বেতন দেওয়া শুরু করায় আন্দোলনরত শ্রমিকরা সড়ক থেকে সরে যান। গতকাল বুধবার দুপুরে রূপনগর থানার ওসি মোকাম্মেল হক বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, রূপনগর শিয়ালবাড়ি এলাকার সড়ক থেকে সরে গেছেন আন্দোলনরত শ্রমিকরা। এদিন বেলা ১১টার দিকে গার্মেন্টসের মালিক শ্রমিকদের বেতন দেওয়া শুরু করে। এর ফলে শ্রমিকরা সড়ক থেকে সরে যান। যমুনা ফ্যাশনওয়্যার লিমিটেড মালিকের সঙ্গে শ্রমিকরা তাদের অন্যান্য সুযোগ-সুবিধা নিয়ে কথা বলেছেন। এর আগে, গতকাল বুধবার সকাল ৯টার দিকে রূপনগরের শ্রমিকরা বকেয়া বেতন ও বিভিন্ন সুবিধার দাবিতে সড়ক অবরোধ করেন।

## খাগড়াছড়িতে যুবকের লাশ উদ্ধার

**স্টাফ রির্পোটার :** খাগড়াছড়িতে মো. মামুন (৩০) নামে এক যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার ভোরে জেলার পানখাইয়া পাড়া থেকে তার লাশ উদ্ধার করা হয়। মামুন খাগড়াছড়ির মধ্য শালবাগান এলাকার মৃত নূর নবীর ছেলে। মামুনের মামা মো. নূর হোসেন জানান, সকালে জানতে পারি মামুন পানখাইয়া পাড়ার স্লুইস গেট এলাকায় হাত পা বাঁধা অবস্থায় পড়ে রয়েছে। সেখান থেকে তাকে উদ্ধার করে খাগড়াছড়ি আধুনিক জেলা সদর হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তার মাথায় আঘাতের চিহ্ন রয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, মামুন নিজ এলাকায় ফার্নিচারের ব্যবসা করতেন। তিনি চুরির অপরাধে এর আগেও বেশ কয়েক বার জেল খেটেছেন। তার মরদেহের পাশে একটি মোটরসাইকেল পড়ে ছিল। খাগড়াছড়ি সদর থানা পুলিশের ওসি আবদুল বাতেন মৃধা জানান, হাসপাতাল থেকে জানানো হয়েছে এক যুবকের লাশ উদ্ধার করা হয়েছে। সুরতহাল প্রতিবেদন তৈরি করছে পুলিশ। তদন্ত সাপেক্ষে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

## শাহজালাল প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সরওয়ারউদ্দিন চৌধুরী

**স্টাফ রির্পোটার :** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ১৩তম উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অ্যাপ্লাইড কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. এ এম সরওয়ারউদ্দিন চৌধুরী। গতকাল বুধবার রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব মোছা. রোখছনা বেগম সাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮৭-এর ধারা ১১ (১) অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাপ্লাইড কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. এ এম সরওয়ারউদ্দিন চৌধুরীকে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ দেওয়া হলো। নিয়োগের শর্তে বলা হয়, ভাইস চ্যান্সেলর হিসেবে তার নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে চার বছর হবে। ভাইস চ্যান্সেলর পদে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন। তিনি বিধি অনুযায়ী ভাইস চ্যান্সেলর পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন। তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন। নিজের অনুভূতি জানিয়ে শাবিপ্রবির নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. সরওয়ারউদ্দিন চৌধুরী বলেন, শাবিপ্রবির উপাচার্য হিসেবে আমাকে নিয়োগ দিয়ে মহামান্য রাষ্ট্রপতির কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমার অর্জিত জ্ঞান দিয়ে শাবিপ্রবিকে বিশ্বের স্বনামধন্য একটি প্রতিষ্ঠান হিসেবে রূপান্তর করতে চাই। এজন্য বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করছি।

## আইন কমিশনের পরামর্শক হলেন মোহাম্মদ হোসেন

**স্টাফ রির্পোটার :** আইন কমিশনের পরামর্শক হিসেবে নিয়োগ পেয়েছেন সুপ্রম কোর্টের আইনজীবী এ কে মোহাম্মদ হোসেন। গত মঙ্গলবার এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়কি বিভাগ। প্রজ্ঞাপনে বলা হয়েছে, আইন কমিশন আইন, ১৯৯৬ এর ৭ (ক) (৩) ধারা অনুযায়ী এ কে মোহাম্মদ হোসেনকে সরকারের সচিব পদ মর্যাদা ও সুযোগ সুবিধায় যোগদানের তারিখ থেকে পরবর্তী তিন মাস মেয়াদে আইন কমিশনের পরামর্শক হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হলো।

## আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর তিন কর্মকর্তা সাময়িক বরখাস্ত

**স্টাফ রির্পোটার :** নাশকতামূলক কর্মকাণ্ডের অভিযোগে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ঊর্ধ্বতন তিন কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। তারা হলেন, বরিশাল রেঞ্জের উপ-মহাপরিচালক ফখরুল আলম, শ্রীমঙ্গলের কালাপুর ২৪ আনসার ব্যাটালিয়নের পরিচালক মুহাম্মদ মেহেদী হাসান এবং কাপ্তাই শিলছড়ির ৩৫ আনসারের পরিচালক সৈয়দ ইফতেহার আলী। এরমধ্যে একজন উপ-মহাপরিচালক ও দু'জন পরিচালক পদমর্যাদার কর্মকর্তা রয়েছেন। গতকাল বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের আনসার শাখা-১ থেকে জারি করা সিনিয়র সচিব ড. মোহাম্মদ আবদুল মোমেনের স্বাক্ষরিত পৃথক তিনটি প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক নাশকতামূলক কর্মকাণ্ডের অভিযোগে বিভাগীয় কার্যধারা রুজুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় তাদের দায়িত্ব থেকে বিরত রাখার আবশ্যকতা রয়েছে। সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারার বিধান অনুযায়ী তাদের ১৭ সেপ্টেম্বর তারিখ থেকে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো। প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, সাময়িক বরখাস্তবাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বরিশাল রেঞ্জের উপ-মহাপরিচালক মো. ফখরুল আলম ময়মনসিংহ রেঞ্জে, শ্রীমঙ্গলের কালাপুর ২৪ আনসার ব্যাটালিয়নের পরিচালক মুহাম্মদ মেহেদী হাসান চট্টগ্রাম রেঞ্জে এবং কাপ্তাই শিলছড়ির ৩৫ আনসারের পরিচালক সৈয়দ ইফতেহার আলী রাজশাহী রেঞ্জে সংযুক্ত থাকবেন।

## বিসিএসআইআর চেয়ারম্যান হলেন সামিনা আহমেদ

**স্টাফ রির্পোটার :** বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) চেয়ারম্যান নিয়োগ পেয়েছেন ড. সামিনা আহমেদ। বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আেইন, ২০১৩ এর ধারা ৫(৩) ও ৫(৬) অনুযায়ী যোগদানের তারিখ থেকে তিন বছরের জন্য নিয়ে দিয়ে গতকাল বুধবার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

## সেতু বিভাগের সিনিয়র সচিব ওএসডি

**স্টাফ রির্পোটার :** সেতু বিভাগের সিনিয়র সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মো. মনজুর হোসেনকে জনপ্রশাসনের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। গতকাল বুধবার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। গত ১১ জুন সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মো. মনজুর হোসেনকে সিনিয়র সচিব পদে পদোন্নতি দেওয়া হয়।

## জাহাঙ্গীরনগরে দুই প্রোভিসি ও কোষাধ্যক্ষ নিয়োগ

**স্টাফ রির্পোটার :** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দুই জন উপ-উপাচার্য এবং কোষাধ্যক্ষ নিয়োগ দিয়েছে সরকার। জাহাঙ্গীরনগর থেকেই তারা নিয়োগ পেয়েছেন। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এই নিয়োগ নিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়টির প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সোহেল আহমেদকে উপ-উপাচার্য (প্রশাসন) হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। তাকে চার বছরের জন্য এই নিয়োগ দেওয়া হয়। আর বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এম মাহফুজুর রহমানকে উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। তাকেও চার বছরের জন্য নিয়োগ দেওয়া হয়। কোষাধ্যক্ষ নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অদ্যাপক ড. মো. আবদুর রব। তাকে চার বছরের জন্য নিয়োগ দেওয়া হয়।

## সাবেক তিন নির্বাচন কমিশনারসহ ১৮ জনের বিরুদ্ধে চট্টগ্রামে মামলা

**স্টাফ রির্পোটার :** অবৈধ জাতীয় সংসদ নির্বাচন আয়োজন ও অনির্বাচিত ব্যক্তিদের সংসদ সদস্য ঘোষণা করার অভিযোগে সাবেক তিন প্রধান নির্বাচন কমিশনারসহ ১৮ জনের বিরুদ্ধে চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ৬ষ্ঠ আদালতে মামলা দায়ের করা হয়েছে। গতকাল বুধবার মামলাটি দায়ের করেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক, চকবাজার থানাধীন চট্টেশ্বরী রোড এলাকার বাসিন্দা মো. একরামুল করিম (৭০)। মামলায় আসামি করা হয়- ২০১৪, ২০১৮, ২০২৪ সালে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনকারী তিন প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিব উদ্দিন আহমদ, কে এম নূরুল হুদা, কাজী হাবিবুল আওয়াল এবং নির্বাচন কমিশনার আবু হাফিজ, মো. জাবেদ আলী, মো. আবদুল মোবারক, মো. শাহনেওয়াজ, রফিকুল ইসলাম, কবিতা খানম, শাহাদাৎ হোসেন চৌধুরী, নির্বাচন কমিশনের সচিব হেলাল উদ্দিন আহমদ, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মো. আহসান হাবিব খান, বেগম রাশেদা সুলতানা, মো. আলমগীর, মো. আনিসুর রহমান, নির্বচান কমিশন সচিব মো. জাহাঙ্গীর আলমকে। এছাড়া নির্বাচনের নির্দেশদাতা হিসেবে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে আসামি করা হয়। বাদীর আইনজীবী অ্যাডভোকেট কফিল উদ্দিন জানান, জনগণের অংশগ্রহণবিহীন ভুয়া জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন এবং অনির্বাচিত ব্যক্তিদের সংসদ সদস্য ঘোষণা করার অভিযোগে বাদী মামলাটি দায়ের করেছেন। বিচারক মামলা গ্রহণ করে এসি পদমর্যাদার পুলিশ কর্মকর্তাকে দিয়ে ঘটনা তদন্ত করে প্রতিবেদন দেওয়ার নির্দেশ দিয়েছেন।

## নারায়ণগঞ্জে গাড়ির ধাক্কায় পুলিশের এএসআই নিহত

**স্টাফ রির্পোটার :**ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ অংশে অজ্ঞাত গাড়ির ধাক্কায় আবু বকর সিদ্দিক নামে পুলিশের সহকারী-উপ পরিদর্শক (এএসআই) নিহত হয়েছেন। গত মঙ্গলবার দিবাগত রাতে মহাসড়কের মৌচাক অংশে এ দুর্ঘটনা ঘটে। জানা গেছে, এএসআই আবু বকর সিদ্দিক নারায়ণগঞ্জ ইন্ডাস্ট্রিয়াল এলাকায় কর্মরত ছিলেন। তার গ্রামের বাড়ি দিনাজপুর জেলা সদরে। শিমরাইল হাইওয়ে পুলিশের ইনচার্জ আবু নাঈম বলেন, লাশ উদ্ধার করা হয়েছে। তবে গাড়ি কিংবা চালককে আটক করা যায়নি। এ ঘটনায় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন।

## নারায়ণগঞ্জে ত্বকী হত্যার স্পট ও টর্চার সেলে আসামিকে নিয়ে অভিযান

**স্টাফ রির্পোটার :** নারায়ণগঞ্জের আলোচিত ত্বকী হত্যার ঘটনায় আসামির দেওয়া জবানবন্দির ভিত্তিতে ত্বকী হত্যায় ব্যবহৃত টর্চার সেল ও লাশ শনাক্ত হওয়া স্পটে আসামিকে নিয়ে অভিযান পরিচালনা করেছে র?্যাব-১১। গতকাল বুধবার কুমুদিনী ও কলেজ রোড এলাকায় টর্চার সেলের স্থানে অভিযান পরিচালনা করেন র?্যাব সদস্যরা। এ সময় র?্যাব-১১-এর অধিনায়ক লে. কর্নেল তানভীর মাহমুদ পাশা বলেন, ২০১৩ সালে ত্বকী হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। দীর্ঘদিন এই মামলার তদন্তভার র?্যাবের হাতে রয়েছে। আমরা তদন্ত করছি। তদন্তের শুরুতে এর অগ্রগতি ছিল। মাঝখানে বেশ কয়েকদিন স্থবির থাকার পর মামলার তদন্ত আবারও শুরু হয়েছে। তিনি আরও বলেন, র?্যাব হেডকোয়ার্টারের সহায়তা আমরা পাচ্ছি। তারা আমাদের ব্যাটালিয়নকে সহায়তা করছে। সম্প্রতি আমরা এ হত্যা মামলায় পাঁচজনকে গ্রেপ্তার করেছি। এর মধ্যে একজন ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন। জবানবন্দি ও জিজ্ঞাসাবাদে আমরা গুরুত্বপূর্ণ তথ্য পেয়েছি। সেই তথ্য অনুযায়ী আমরা এখানে এসেছি। তাকে যেখানে হত্যা করা হয় এবং যেখানে লাশ ফেলা হয়, আমরা সেইসব জায়গা তদন্তের স্বার্থে ভিজিট করছি। আশা করছি, আমরা খুব দ্রুত একটি তদন্ত রিপোর্ট জমা দিতে পারব। র‌্যাবের অধিনায়ক বলেন, যাকে (আসামি) আমরা নিয়ে এসেছি তিনি আটক আছেন এবং রিমান্ডে আছেন। তিনি আমাদের তথ্য দিয়ে সহায়তা করছেন। এখন পর্যন্ত আমরা যা জেনেছি, তিনি এ ঘটনায় সম্পৃক্ত। উইনার ফ্যাশনের (কলেজ রোডে) বিল্ডিংটি এখন আর নেই। তবে সে সময়কার তথ্য রয়েছে, সে সময়কার অফিসাররা নেই। তবে আমরা স্থানীয়দের কাছ থেকে তথ্য নিচ্ছি। তার দেওয়া তথ্যের সঙ্গে স্থানীয়দের তথ্যের মিল পেয়েছি।

## কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্পে অস্ত্র-গুলিসহ আটক ১

**স্টাফ রির্পোটার :** কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা শিবিরে বিদেশি আগ্নেয়াস্ত্র (পিস্তল) ও গুলিসহ এক রোহিঙ্গাকে আটক করেছে আর্মড পুলিশ ব্যাটেলিয়ন (এপিবিএন)। গতকাল বুধবার ভোরে উপজেলার বালুখালী ৮-ওয়েস্ট নম্বর রোহিঙ্গা ক্যাম্পের বি-ব্লকে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। বিষয়টি নিশ্চিত করেন, রোহিঙ্গা ক্যাম্পের নিরাপত্তায় নিয়োজিত ১৪ আর্মড পুলিশ ব্যাটালিয়নের অধিনায়ক অতিরিক্ত উপ-মহাপরিদর্শক (এডিআইজি) মোহাম্মদ ইকবাল। তিনি জানান, আটক ব্যক্তি উখিয়ার বালুখালী ৮-ওয়েস্ট নম্বর রোহিঙ্গা ক্যাম্পের ডি-ব্লকের কালা মিয়ার ছেলে সৈয়দ আলম ওরফে আব্বাস (৩৭)। মোহাম্মদ ইকবাল বলেন, গতকাল বুধবার ভোরে উখিয়ার বালুখালী ৮-ওয়েস্ট নম্বর রোহিঙ্গা ক্যাম্পের বি-ব্লকে কতিপয় সশস্ত্র লোকজন অপরাধ সংঘটনের উদ্দেশ্যে সশস্ত্র অবস্থায় অবস্থান করছে-এমন খবরে এপিবিএনের একটি দল সেখানে অভিযান চালায়। ঘটনাস্থলে পৌঁছলে এপিবিএন সদস্যদের উপস্থিতি টের পেয়ে দুই-তিন জন লোক দৌড়ে পালানোর চেষ্টা করেন। এ সময় ধাওয়া দিয়ে একজনকে আটক করতে সক্ষম হলেও অন্যরা পালিয়ে যান বলেও জানান তিনি। তিনি বলেন, পরে আটক আব্বাসের দেহ তল্লাশি করে একটি বিদেশি পিস্তল ও পাঁচটি গুলি পাওয়া যায়। এডিআইজি জানান, আব্বাস একজন চিহ্নিত সন্ত্রাসী। তার বিরুদ্ধে অস্ত্র, অপহরণ, ডাকাতি ও চাঁদাবাজিসহ নানা অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে উখিয়া থানায় মামলা করা হয়েছে বলে জানান মোহাম্মদ ইকবাল।

## পাবনায় ধানক্ষেত থেকে কঅজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

**স্টাফ রির্পোটার :** পাবনার সাঁথিয়া উপজেলার আতাইকুলায় অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির গলাকাটা লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার সকাল ১০টার দিকে ভূলবাড়িয়া ইউনিয়নের বায়নাপাড়া গ্রামের একটি ধানক্ষেত থেকে লাশটি উদ্ধার করা হয়। আতাইকুলা থানা পুলিশের ওসি মিজানুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, সকালে ভূলবাড়িয়া ইউনিয়নের চুলকাটাই ভায়নাপাড়ার একটি ধানক্ষেতের ভেরতরে লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা থানা পুলিশে খবর দেয়। পরে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে রাতের কোনো একসময় তাকে জবাই করে হত্যা করেছে দুর্বৃত্তরা। অন্য জায়গা থেকে হত্যা করে ওই এলাকার একটি ধানক্ষেতে লাশ ফেলে রেখে গেছে তারা। নিহতের পরিচয় এখনও জানা যায়নি। তিনি আরও বলেন, তবে নিহতের পরিচয় জানতে পুলিশ কাজ করছে। ময়নাতদন্তের জন্য পাবনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ভূলবাড়িয়া ইউনিয়ন পরিষদ সদস্য বকুল হোসেন প্রামাণিক বলেন, লোকমুখে খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে লাশ দেখতে পাই। এলাকার কেউ তাকে চেনে না। পরিচয় জানতে আমরা অনেক জায়গায় খবর দিয়েছি। সামাজিক যোগাযোগ মাধ্যমেও মরদেহের ছবি দেওয়া হয়েছে।

## আন্দোলনে হামলার অভিযোগে ভোলায় যুবলীগ নেতা গ্রেপ্তার

**স্টাফ রির্পোটার :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ছাত্র-জনতার ওপর হামলাকারী বাকলিয়ার কথিত যুবলীগ নেতা মো.সাদ্দামকে ফৌজদারহাট এলাকা থেকে গ্রেপ্তার করেছে র‌্যাব-৭। মো. সাদ্দাম ভোলার চর ফ্যাশন থানার পশ্চিম এওয়াজপুর এলাকার মৃত আলী আজমের ছেলে। র‌্যাব জানিয়েছে, গত ৪ আগস্ট নগরের কোতোয়ালী এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে অংশগ্রহণ মো. ইব্রাহিম। এ সময় বাকলিয়ার দুর্ধর্ষ সন্ত্রাসী মো.সাদ্দামসহ আরও ২৫ থেকে ৩০ জন দেশিয় অস্ত্রধারী সন্ত্রাসী জুবলী রোড আমতল মোড় অপর্ণাচরণ স্কুলের সামনে পাকা রাস্তার ওপর অবস্থান নিয়ে ইব্রাহিমকে এলোপাতাড়ি মারতে থাকে। এসময় তার দুই বন্ধু এবং অজ্ঞাতনামা কয়েকজন শিক্ষার্থী তাকে উদ্ধার করতে গেলে আসামিরা তাদেরকেও মারধর করে। একপর্যায়ে আসামি সাদ্দাম তার হাতে থাকা বাটাম দিয়ে ইব্রাহিমকে হত্যার উদ্দেশ্যে মাথায় আঘাত করার চেষ্টা করে। এ সময় কোমরে আঘাতপ্রাপ্ত হয়ে মাটিতে পড়ে যাওয়ার পরও আসামিরা তাকে মারধর করতে থাকে। ইব্রাহিমের আর্তচিৎকারে আশপাশের ছাত্ররা সহায়তার জন্য এগিয়ে আসলে আসামিরা তাকে হত্যার হুমকি দিয়ে ঘটনাস্থল ত্যাগ করে। এ ঘটনায় গত ৫ সেপ্টেম্বর ইব্রাহিম বাদী হয়ে কোতোয়ালী থানায় ৮ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাতনামা ১৫ থেকে ২০ জনকে আসামি করে মামলা দায়ের করেন। র‌্যাব-৭ এর সিনিয়র সহকারী পরিচালক (গণমাধ্যম) মো.শরীফ-উল-আলম জানান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ছাত্র-জনতার ওপর হামলাকারী মামলার আসামি মো.সাদ্দামকে সীতাকুণ্ড থানার ফৌজদারহাট এলাকায় অবস্থান করার খবর পেয়ে গত মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) রাত সোয়া দশটার দিকে অভিযান চালিয়ে গ্রেপ্তার করা হয়। তাকে নগরের কোতোয়ালী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন। রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

## রংধনু গ্রুপের রফিক-মিজানের ফাঁসির

ফাঁসি চাই। এর বেশি আমি আর কোনো কিছু চাই না। ওগো জ্বালায় কেউ শান্তিতে থাকতে পারি না। স্বাধীনের বাবা শাহীন আলম বলেন, জমির জন্য ছেলেকে মেরে নদীতে ভাসিয়ে দিয়েছে। গত বছরের ১৫ ডিসেম্বর খিলগাঁও থানায় মামলা করতে গেলে থানার ওসি জানান, রফিক-মিজানের নাম বাদ দিলে মামলা নেবে। প্রশাসনের কোথাও গিয়ে আমরা সুষ্ঠু বিচার পাইনি। রংধনুর রফিক ও মিজানের প্রতারণার শিকার সাজেদুল ইসলাম সোহাগ বলেন, আমার ভাই আব্দুল্লাহ আল মামুন থেকে ৮৫ লাখ টাকা নিয়েছে তারা। মানুষের জমিগুলো তারা জোর করে দখল করে নিত। জমির মালিককে পাওনা না দিয়েই পুকুর-আবাদি জমি বালু ফেলে ভরাট করে নিত। আন্ডা রফিকের গুন্ডা বাহিনীর হয়ে মিজান এসব কাজ করতো। এখনো জমিগুলো উদ্ধার হয়নি। তাদের ৪০০-৫০০ জনের গুন্ডা বাহিনী আছে। এখনো তাদের দখলবাণিজ্য চলছে। আমাদের এলাকার অন্তত ২০০-৩০০ বাড়ির মানুষ ভুক্তভোগী। মিজান গ্রেপ্তার হয়েছে, আমাদের দাবি, তার ফাঁসির রায়ের পাশাপাশি আন্ডা রফিককে গ্রেপ্তার করা হোক। মানববন্ধনে বিচারের দাবিতে জড়ো হওয়া ভুক্তভোগীদের হাতে 'বেনজীরের ক্যাশিয়ার আন্ডা রফিকের ফাঁসি চাই', 'রূপগঞ্জের কসাই আন্ডা রফিকের ফাঁসি চাই', 'অসংখ্য মায়ের বুক খালি করা খুনি রফিকের ফাঁসি চাই', 'স্বাধীন হত্যার বিচার চাই', 'ছাত্র-জনতা হত্যার বিচার চাই' ইত্যাদি লেখা বিভিন্ন প্ল্যাকার্ড দেখা যায়।

## উন্নত চিকিৎসার জন্য থাইল্যান্ড

সহায়তা বাবদ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে। বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন আরও দুজন ছাত্র মো. আবু বকর ছিদ্দিক ও খোকন চন্দ্র বর্মনকে উন্নত চিকিৎসার প্রয়োজনে বিদেশে পাঠানোর প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। দেশে চিকিৎসা সম্ভব নয়, এমন আহতদের বিষয়ে তথ্য দেওয়ার জন্য সংশ্লিষ্ট হাসপাতালগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে। এ ধরনের আহতদের শনাক্ত করা গেলে প্রয়োজনে তাদেরকেও উন্নত চিকিৎসার জন্য বিদেশ পাঠানো হবে। স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, যেসব ব্যক্তি চোখে আঘাতপ্রাপ্ত হয়ে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন, তাদের উন্নত চিকিৎসার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক সেবা ফাউন্ডেশনের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তারা শিগগিরই বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে গঠিত একটি টিম নিয়ে বাংলাদেশে আসবে।

## কর্মকর্তাদের জবাবদিহিতার আওতায়

হয়েছে। এ ক্ষেত্রে কর্মকর্তাদের কার দপ্তরে কোনো ক্যাটাগরিতে কত আবেদন অনিষ্পন্ন অবস্থায় রয়েছে তার তথ্য চাওয়া হয়েছে। আর তথ্য পাঠাতে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন তিনি। ইসির এনআইডি অনুবিভাগের সহকারী প্রোগ্রামার আমিনুল ইসলাম ইতোমধ্যে নির্দেশনাটি আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাদের পাঠিয়েছেন। এতে উল্লেখ করা হয়েছে, সচিব মহোদয় আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাগণকে তার আওতাধীন সকল জেলার এনআইডি সংশোধন সংক্রান্ত তথ্য ক্যাটাগরি অনুযায়ী প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। এ ক্ষেত্রে আগামী মঙ্গল বার পর্যন্ত সময় বেঁধে দিয়েছেন। নির্দেশনায় বলা হয়েছে, এক মাসের কম সময়ের কতটি আবেদন, এক মাসের বেশি তবে তিন মাসের কম সময়ের কতটি আবেদন, তিন মাস বা তার বেশি তবে ছয় মাসের কম সময়ের কতটি আবেদন এবং ছয় মাস বা ছয় মাসের বেশি সময়ের কতটি আবেদন অনিষ্পন্ন অবস্থায় পড়ে আছে তা ক্যাটাগরি অনুযায়ী জেলা ভিত্তিক তথ্য পাঠাতে হবে। কর্মকর্তারা জানিয়েছেন, এই তথ্য আসার পর বিশ্লেষণ করলেই বোঝা যাবে কোন কর্মকর্তা কতটা আন্তরিকতার সঙ্গে নাগরিক সেবাটি দিচ্ছেন। সে অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। জানা গেছে, কেবল ক ক্যাটাগরিরই ৩০ হাজার ৩৮৬টি আবেদন Sent Back to Citizen এবং ১৭ হাজার ৪৩৭টি আবেদন Additional Document Required স্ট্যাটাসে অনিষ্পন্ন রয়েছে। এ সকল আবেদন ২০১১ সাল এবং তৎপরবর্তী দীর্ঘ সময় যাবত অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। এ বিষয়ে ইসি সচিব শফিউল জানিয়েছেন, এনআইডি সেবায় খুব মার্জিন লেবেলের এরর আছে। আমরা চেষ্টা করছি ১০০ ভাগ নির্ভুল করতে এবং দুর্নীতিমুক্ত করতে, দ্রুত মানুষ যেন সেবা পায় সেই চেষ্টা করছি।

## ঢাকা থেকে হংকংগামী ফ্লাইটে

কর্তৃপক্ষ জানিয়েছে, ফ্লাইটটি ঢাকা থেকে স্থানীয় সময় দুপুর ২টায় ছেড়ে গতকাল বুধবার সকাল ৭টা ৪৯ মিনিটে হংকং পৌঁছায়। এ ঘটনার পর হংকং এয়ারক্রু অফিসার্স অ্যাসোসিয়েশন যেকোনও যাত্রীকে ফ্লাইটে গুরুতরভাবে অসুস্থ বোধ করলে সঙ্গে সঙ্গে তা কেবিন ক্রুকে জানানোর অনুরোধ করেছে। এটি করা সবচেয়ে গুরুত্বপূর্ণ বলেও জোর দিয়েছে তারা। হংকং কলেজ অব ইমার্জেন্সি মেডিসিনের কাউন্সিল মেম্বার ডা. ইয়াং সিউ-মিং বলেছেন, কোনো যাত্রী কার্ডিওভাসকুলার বা শ্বাসযন্ত্রের রোগে আক্রান্ত হলে তার জন্য আকাশপথে ভ্রমণ করা নিরাপদ কি-না সে সম্পর্কে ডাক্তারদের পরামর্শ নেওয়া উচিত। এর আগে, চলতি মাসের শুরুতেও হংকং থেকে মুম্বাইগামী ক্যাথে ফ্লাইটে ৭১ বছর বয়সী এক জার্মান যাত্রীর মৃত্যু হয়। ফ্লাইট ছেড়ে যাওয়ার নির্ধারিত সময়ের কিছুক্ষণ আগে তিনি অজ্ঞান হয়ে মারা যান। চলতি মাসের শুরুর দিকে হো চি মিন সিটি থেকে সিউল যাওয়ার ফ্লাইটে ৪৭ বছর বয়সী ভিয়েতনামী এক নারী অজ্ঞান হয়ে মারা যান। পাঁচ বছর আগেও একই ঘটনায় আরও এক নারীর মৃত্যু হয়। তার বয়স ছিল ৪৪।

## জয়পুরহাট থানার লুট হওয়া অস্ত্র

সেগুলো নিয়ে যায়। জয়পুরহাট সদর থানার ওসি হুমায়ুন কবীর জানান, গেলো ৫ আগস্ট জয়পুরহাট সদর থানায় ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। সে সময় থানা থেকে লুট হওয়া ৪৪টি সরকারি অস্ত্রের মধ্যে ৩৭টি উদ্ধার হলেও এখনও ৭টি অস্ত্র উদ্ধার হয়নি। পুলিশের লুট হওয়া অস্ত্রের মধ্যে আরও ১টি অস্ত্র উদ্ধার হয়েছে। এখনও ৬টি অস্ত্র উদ্ধার হয়নি। জেলা পুলিশ সুপার (এসপি) মুহম্মদ আবদুল ওয়াহাবের নেতৃত্বে এ অভিযানে অংশ নেন মো. কাওসার আলী, ডিআইও-১, এসআই মো. মাহবুবুর রহমান, ডিএসবি। জয়পুরহাট পুলিশ সুপার (এসপি) মুহম্মদ আবদুল ওয়াহাব বলেন, জয়পুরহাট জেলায় যোগদানের পর থেকে গত ৫ আগস্ট জয়পুরহাট সদর থানায় দুষ্কৃতকারীরা হামলা চালিয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে থানায় রক্ষিত লুট করে নিয়ে যাওয়া সরকারি ও পাবলিক অস্ত্র-গুলি উদ্ধারে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছি। লুট হওয়া অস্ত্র-গুলি উদ্ধারের জন্য পুলিশি তৎপরতা ও গোয়েন্দা নজরদারি বৃদ্ধিসহ জেলার সকল থানা এলাকায় জনগণকে উদ্বুদ্ধকরণ সভা সমাবেশ করছি। এরই ধারাবাহিকতায় গত মঙ্গলবার আরও এটি বিদেশি পিস্তল, ম্যাগাজিন ও গুলি উদ্ধার করতে পেরেছি। এই অভিযান অব্যাহত থাকবে।

**চট্টগ্রামে মিনিট্রাক চাপায় শ্রমিকের মৃত্যু**

**এফএনএস:** চট্টগ্রামের লোহাগাড়ায় মিনিট্রাকের চাপায় মো. সোহেল (২০) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গতকাল বুধবার সকাল ১১টার দিকে আধুনগর ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সামনে এই দুর্ঘটনা ঘটে। নিহত সোহেল কক্সবাজারের চকরিয়া উপজেলার হারবাং ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের মোস্তাক আহমদের ছেলে। লোহাগাড়া ফায়ার সার্ভিসের সিনিয়র ফায়ার ফাইটার আজিজুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে মিনিট্রাক আর ভবনের পিলারের মাঝখানে আটকে পড়া শ্রমিককে উদ্ধার করা হয়। পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তিনি বলেন, সকালে উপজেলা খাদ্য গুদাম থেকে মিনিট্রাক ভর্তি করে ভিজিডি'র চাল ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আনা হয়। মিনি ট্রাকটি পার্কিং করার সময় এই দুর্ঘটনা ঘটে।

**সাতক্ষীরা জেলা ছাত্রদলের কমিটি বিলুপ্ত**

**এফএনএস:** সাতক্ষীরা জেলা ছাত্রদলের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। গত মঙ্গলবার রাতে কেন্দ্রীয় ছাত্রদলের দপ্তর সম্পাদক (সহ-সভাপতি পদমর্যাদা) মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্ত মোতাবেক সাতক্ষীরা ছাত্রদলের কমিটি মেয়াদোত্তীর্ণ হওয়ায় বিলুপ্ত ঘোষণা করা হলো। শিগগিরই ওই ইউনিটের নতুন কমিটি ঘোষণা করা হবে। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির গত মঙ্গলবার এ সিদ্ধান্ত অনুমোদন করেছেন। সূত্রমতে, ২০১৮ সালের ১৩ জুন শেখ সজিবুজ্জামান সজিবকে সভাপতি ও মমতাজুল ইসলাম চন্দনকে সাধারণ সম্পাদক করে সাতক্ষীরা জেলা ছাত্রদলের কমিটি ঘোষণা করা হয়েছিল। প্রসঙ্গত, একই বিজ্ঞপ্তিতে কক্সবাজার জেলা ছাত্রদলের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

## সালমান এফ রহমানসহ ২৮ জনের

১ হাজার কোটি টাকা) মূল্যমানের পণ্য সংযুক্ত আরব আমিরাতসহ বিভিন্ন দেশে রপ্তানি করে। সিআইডি বলছে, বাংলাদেশের বিদ্যমান আইন অনুযায়ী পণ্য রপ্তানি করার পর রপ্তানিমূল্য ৪ মাসের মধ্যে প্রত্যাবাসন করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও যথাসময়ে রপ্তানি মূল্য বাংলাদেশে প্রত্যাবাসন না করে সালমান এফ রহমানসহ বেক্সিমকো গ্রুপের অন্যান্য স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক ওই অর্থ বিদেশে পাচার করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে। সংস্থাটি আরও বলছে, বিদেশে রপ্তানি হওয়া পণ্যগুলোর মধ্যে বেশিরভাগ পণ্যই বেক্সিমকো গ্রুপের মালিক সালমান এফ রহমানের ছেলে আহমেদ শায়ান ফজলুর রহমান এবং এ এস এফ রহমানের ছেলে আহমেদ শাহরিয়ার রহমানের যৌথ মালিকানাধীন আর আর গ্লোবাল ট্রেডিংয়ের (এফজিই) শারজাহ, সংযুক্ত আরব আমিরাত এবং সৌদি আরব এর ঠিকানায় রপ্তানি করা হয়েছে। এ ছাড়া জার্মানি, নেদারল্যান্ড, ইউকে, তুরস্ক, শ্রীলঙ্কাসহ বিভিন্ন দেশেও পণ্য রপ্তানির মাধ্যমে রপ্তানি মূল্য বাংলাদেশে না এনে আসামিরা পারস্পরিক যোগসাজশে বিদেশে পাচার করেছেন। আসামিরা সংঘবদ্ধভাবে বৈদেশিক বাণিজ্যের আড়ালে বিদেশে টাকা পাচারের অসৎ উদ্দেশ্যে নিজেদের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পণ্য রপ্তানি করে ইচ্ছাকৃতভাবে রপ্তানিমূল্য প্রত্যাবাসন না করে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(শ) এর (১৪) ও (২৬) ধারায় সম্পৃক্ত অপরাধ করে যা একই আইনের ৪(২)/৪(৪) ধারা মোতাবেক দণ্ডনীয় অপরাধ করেছেন বলে মনে করে সিআইডি। সংস্থাটি জানিয়েছে, বেক্সিমকো গ্রুপের চেয়ারম্যান সালমান এফ রহমান এবং তার সহযোগীরা তাদের ব্যক্তিগত প্রভাব খাটিয়ে সংঘবদ্ধ অপরাধী চক্রের সহযোগিতায় বিদেশে অর্থপাচার করেছে মর্মে অনুসন্ধানে প্রতীয়মান হওয়ায় ফাইন্যান্সিয়াল ক্রাইম, সিআইডি রাজধানীর মতিঝিল থানায় ১৭টি মামলা দায়ের করেছে। এছাড়া সালমান এফ রহমান এবং তার স্বার্থসংশ্লিষ্ট কোম্পানি বেক্সিমকো গ্রুপের বিভিন্ন প্রতিষ্ঠানের নামে ও বেনামে প্রায় ৩৩ হাজার ৪৭০ কোটি টাকা ঋণ গ্রহণ করে বিদেশে পাচার এবং অন্যান্য আর্থিক অনিয়মের অভিযোগে পৃথক অনুসন্ধান কার্যক্রম ফাইন্যান্সিয়াল ক্রাইম, সিআইডি-তে চলমান।

## চাঁদপুরে ৩ মামলায় আদালতে তোলা

থাকলেও শেষ পর্যন্ত তার আর সম্ভব হয়নি। দুটি মামলার তদন্তে রয়েছেন মডেল থানার উপপরিদর্শক (এসআই) মকবুল হোসেন এবং উপপরিদর্শক লোকমান হোসেন। এর মধ্যে গত ১৮ জুলাই চাঁদপুর জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিকের বাড়ি মনিরা ভবনে হামলা, ভাঙচুর ও আগুন দেওয়ার ঘটনায় দীপু মনি ও তার ভাই টিপুকে হুকুমের আসামি করে মামলা দায়ের করা হয়। দ্বিতীয় মামলা চাঁদপুর শহরের বাসস্ট্যান্ড এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মসূচিতে হামলার ঘটনায় দীপু মনি, তার ভাই টিপু ও সেলিম মাহমুদসহ ৬২৪ জনকে আসামি করে মামলা করেন শিক্ষার্থীদের অভিভাবক নুরুল ইসলাম খান। এ ছাড়া তৃতীয় মামলা চাঁদপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ডের পূর্ব-পশ্চিম পাশের সড়ক ভবন এলাকায় বেআইনিভাবে বৈষম্যবিরোধী ছাত্রদের ওপর হামলার ঘটনায় মামলা করেন জনৈক আবুল হোসেন আহমেদ। এ বিষয়ে চাঁদপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সিনিয়র আইনজীবী সলিমুল্লাহ সেলিম বলেন, সকালে ৩টি মামলায় আসামি হিসেবে গ্রেপ্তার দেখানোর জন্য দীপু মনিকে চাঁদপুর আদালতে আনার কথা। কিন্তু দীর্ঘ ১৭ বছর তিনি ও তার সিন্ডিকেট মানুষকে অনেক হয়রানি করেছে। দুর্নীতি ও সীমা লঙ্ঘনের জন্য ভুক্তভোগীরা তাকে খুঁজছে। তিনি চাঁদপুরের রাজনৈতিক সৌহার্দ্য ও সম্প্রীতি ধ্বংস করেছেন। আমার কাছে খবর আছে, প্রকৃত ও ত্যাগী আওয়ামী লীগের নেতাকর্মীরা তাকে খুঁজছে। তিনি তাদের বিভিন্ন সময় বঞ্চিত ও অসম্মান করেছেন। এ ছাড়া যারা গত ১৭ বছর নির্যাতনের শিকার হয়েছেন, তারা সবাই দীপু মনির কাছে কৈফিয়ত চাইতে অপেক্ষায় আছেন। এ অবস্থায় যদি কেউ এসে হামলা চালায় বা কোনো ঝামেলা করে তার দায়িত্ব কে নেবে? নিরাপত্তার জন্য আমার কাছে সহায়তা চেয়েছিলাম, কিন্তু নিরাপত্তা দেওয়ার আমি কে? তার নিরাপত্তা দেবে প্রশাসন আর আওয়ামী লীগ। এ বিএনপি নেতা ও আইনজীবী আরও বলেন, সন্ধ্যা ৭টায় আদালত বসানোর একটা চেষ্টা ছিল। কোর্টের নিয়ম হলো ৯ থেকে ৫টা পর্যন্ত। তবে ম্যাজিস্ট্রেট যদি বসা থাকেন তাহলে কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত ইচ্ছে করলে চালাতে পারবেন। কিন্তু কারও জন্য বিশেষ সময়ে বিশেষ কোনো কোর্ট বসানো যাবে না। আইনি বিধান নেই। এটি নিয়ে আইনজীবী মহলেও আপত্তি আছে। বিশেষ কোর্ট বসাতে হলে প্রজ্ঞাপন লাগবে।

## নেতাকর্মীদের অভিযোগ নিয়ে

আমরা সারা দেশ থেকে খবর পেয়েছি বেশিরভাগ থানাতে আওয়ামী লীগের নেতা কর্মীদের বাড়িঘরে হামলা ও লুটপাটের বিষয়ে থানায় সাধারণ ডায়েরিও করতে দেওয়া হয়নি। যেহেতু সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি দেওয়া হয়েছে, তাই এই অপরাধীদের থানাতে এখন সেনাবাহিনীর কাছেই অভিযোগ দেওয়ার বিকল্প নেই। এতে বলা হয়, ক্ষতিগ্রস্ত সবাই পরিবারের সদস্যদের মাধ্যমে নিকটস্থ সেনাক্যাম্পে লিখিত অভিযোগ, সন্ত্রাসীদের নাম উল্লেখ করে জমা দিন। সেনাবাহিনীর কাছে আমাদের প্রত্যাশা থাকবে সকল অপরাধী, লুটেরা, সন্ত্রাসীদের যেন তারা আইনের আওতায় আনবে। এর আগে ফেসবুকে পেজে এক পোস্টে আওয়ামী লীগের নেতাকর্মীদের বাড়িঘরে হামলা ও লুটপাটের বিষয়ে থানায় মামলা অথবা সাধারণ ডায়েরি করার নির্দেশনা দেওয়া হয়েছিল। গত ৫ আগস্ট আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে দেশ ছেড়ে ভারতে চলে যান। এ খবর গণমাধ্যমে প্রকাশের পর থেকে দলটির অধিকাংশ নেতাকর্মী আত্মগোপনে চলে গেছেন। শেখ হাসিনা সরকারের পতনের পরই বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়, ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়, ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করা হয়। এ ছাড়া দেশের বিভিন্ন স্থানে আওয়ামী লীগের কার্যালয়, দলটির নেতাকর্মীদের বাসা ও ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগের খবর এসেছে।

## বগুড়ায় শেখ হাসিনা-জয়-রেহানার

আওয়ামী লীগের সহ-সভাপতি টি. জামান নিকেতা, যুগ্ম সম্পাদক মঞ্জুরুল আলম মোহন, আসাদুর রহমান দুলু, শহর আওয়ামী লীগের সভাপতি রফি নেওয়াজ খান রবিন, যুবলীগ নেতা পৌর কাউন্সিলর আমিনুল ইসলাম, যুবলীগ নেতা পৌর কাউন্সিলর আবদুল মতিন সরকার প্রমুখ। তারা এজাহারে উল্লেখ করেছেন, তার স্বামী রিপন ফকির গত ৪ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মিছিলে বগুড়া শহরের বড়গোলা ঝাউতলা এলাকায় যান। এ সময় শেখ হাসিনা, ওবায়দুল কাদের ও আসাদুজ্জামান খান কামালের নির্দেশে অন্য আসামিরা ককটেল বিস্ফোরণ ও গুলিবর্ষণ করলে তার স্বামী রিপন ফকির নিহত হন।

## কৃষি গুচ্ছের ৯ বিশ্ববিদ্যালয়ে ভর্তি

সচিব, সিভাসুর রেজিস্ট্রার এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত টেকনিক্যাল কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্য কৃষি গুচ্ছের ভর্তির ওয়েবসাইটে পাওয়া যাবে। গত ২২ এপ্রিল কৃষি গুচ্ছভুক্ত দেশের ৯টি বিশ্ববিদ্যালয়ে আবেদন প্রক্রিয়া শুরু হয়, যা চলে গত ৩০ মে পর্যন্ত। এতে ৭০ হাজারের বেশি শিক্ষার্থী আবেদন করেন। প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী গত ৩০ মে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। তবে তা কয়েক দফা পেছানোর পর অনির্দিষ্টকালের জন্য স্থগিত করে আয়োজক ভর্তি কমিটি। এতে আবেদন করা শিক্ষার্থীদের মধ্যে হতাশার সৃষ্টি হয়।

## গণহত্যায় উসকানিদাতাদের

অভিযোগ থাকে বা ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয় থাকে, তথ্য মন্ত্রণালয়ের তার বিষয়ে বিস্তারিত পাঠাবেন। আমরা দেখবো। পাশাপাশি এটাও বলছি, কেবল সাংবাদিক, সাংস্কৃতিক ব্যক্তি ও কবি পরিচয়ে কেউ রেহাই পাবেন না। যারা ফ্যাসিবাদের সঙ্গে জড়িত ছিলেন, বৈধতা উৎপাদনে কাজ করেছেন লেখনি ও মতামতের মাধ্যমে জনমত তৈরি করেছেন, গণহত্যার পক্ষে কাজ করেছেন, উসকানি দিয়েছেন, তাদের অবশ্যই বিচারের আওতায় আনা হবে। সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়া নিয়ে এক প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি ধীরে ধীরে উন্নতির দিকে যাচ্ছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি যাতে দ্রুত সময়ের মধ্যে ঠিক হয়ে যায়, জনগণের নিরাপত্তা যাতে নিশ্চিত হয়, আমরা যেহেতু একটি জরুরি পরিস্থিতিতে আছি, দেশ পুনর্গঠন করা লাগছে, সেহেতু সেনাবাহিনীকে এই ক্ষমতা দেওয়া হয়েছে। আগামী দুই মাসের জন্য এই ক্ষমতা দেওয়া হয়েছে। এই সময়ের মধ্যে পুলিশ বাহিনীকে সম্পূর্ণ রিফর্ম (সংস্কার) করে আরও শক্তিশালী ও আস্থার জায়গায় নিয়ে এসে তাদের মাঠে ফিরিয়ে নিয়ে আসা হবে। এ কারণেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নাহিদ বলেন, সামাজিকমাধ্যমে ব্যাপক গুজব ছড়ানো হচ্ছে। আমরা ফ্যাক্ট চেকিং নিয়ে বিভিন্ন অংশীজন ও মিডিয়ার সঙ্গে কথা বলছি। কীভাবে ফ্যাক্ট চেকিং বিষয়টি আরও শক্তিশালী করা যায়, সেটা নিয়ে ভাবছি। একটি ফ্যাক্টচেকিং সেল করার পরিকল্পনা আছে জানিয়ে তথ্য উপদেষ্টা আরও বলেন, সামাজিকমাধ্যমে যাতে যে কোনো ধরনের গুজবের সত্যতা যাচাই করে মানুষের কাছে সত্য তুলে ধরা যায়, মানুষ যাতে গুজব ও মিথ্যায় প্রভাবিত না হয়, সে জন্য আমরা ফ্যাক্ট চেকিং নিয়ে ভাবছি। জননিরাপত্তা নিশ্চিত করতে সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়া হয়েছে বলে জানিয়ে নাহিদ ইসলাম বলেন, আমরা যেহেতু একটি জরুরি পরিস্থিতিতে আছি, দেশ পুনর্গঠন করতে হচ্ছে, সেহেতু সেনাবাহিনীকে এই ক্ষমতা দেওয়া হয়েছে। সেনাবাহিনীকে এই ক্ষমতা দেওয়া হয়েছে মাত্র ৬০ দিনের জন্য। তিনি বলেন, পুলিশ বাহিনী সম্পূর্ণ রিফর্ম হলে জনগণের মাঝে আস্থা ফিরে এলে সেনাবাহিনীকে ফিরিয়ে নেওয়া হবে।

## সাবেক বিচারপতি মানিক ঢাকার ৬

এলাকায় রাত সাড়ে ৯টার দিকে শামসুদ্দিন চৌধুরী মানিককে স্থানীয় জনতার সহায়তায় আটক করে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। পরদিন সকালে তাকে কানাইঘাট থানায় হস্তান্তর করা হয়। ৫৪ ধারায় গ্রেপ্তার দেখিয়ে আদালতে হাজির করা হলে সিলেটের জ্যেষ্ঠ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট-১-এর বিচারক আলমগীর হোসাইন তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। গত ১৭ সেপ্টেম্বর সিলেট অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আঙ্গুর কান্তি দাস তার জামিন মঞ্জুর করেন। পরে তাকে সিলেট থেকে হেলিকপ্টারে করে ঢাকায় আনা হয়।

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎপ্রকল্পের

হবে। এই টেস্টগুলোর সফলতার ওপর নির্ভর করে রিয়্যাক্টরের নিরাপদ ও নির্ভরযোগ্য অপারেশন। রসাটমের ভাইস-প্রেসিডেন্ট আলেক্সি দেইদি এই প্রসঙ্গে বলেন, রসাটম রাশিয়ার অন্যতম বৃহৎ প্রযুক্তি কর্পোরেশন হিসেবে এই প্রকল্পে নিয়মিতভাবে তার দক্ষতা ও বিশাল অভিজ্ঞতার প্রমাণ রেখে চলেছে। রূপপুর প্রকল্পের প্রথম ইউনিটের নির্মাণ এবং এর স্টার্টআপ ও অন্যান্য অ্যাডজাস্টমেন্ট কার্যক্রম পুরোদমে এগিয়ে চলছে। এই ইউনিটটির স্টার্টআপের মাধ্যমে বাংলাদেশ তার উন্নয়নের জন্য অতি প্রয়োজনীয় বিদ্যুৎ লাভ করবে। এটমএনার্গো-বাংলাদেশ শাখার পরিচালক ডেনিস মাজলভ জানান, ডামি ফুয়েল অ্যাসেম্বলি লোডিং এর কার্যক্রম ২৪/৭ ভিত্তিতে পরিচালিত হবে। রিফুয়েলিং মেশিনের সাহায্যে রিয়্যাক্টরে একটি ডামি ফুয়েল অ্যাসেম্বলি লোডিংয়ে গড়ে ২৫ মিনিটের প্রয়োজন হয়। ডামি ফুয়েল অ্যাসেম্বলি লোডিংয়ের পর আমরা সার্কুলেশন ফ্ল্যাশিং, কোল্ড এবং হট টেস্টের জন্য রিয়্যাক্টরকে প্রস্তুত করবো। রাশিয়ার কারিগরি ও আর্থিক সহায়তায় রূপপুরে নির্মিত হচ্ছে বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। প্রকল্পটিতে দুটি বিদ্যুৎ ইউনিট থাকবে এবং এর মোট উৎপাদন ক্ষমতা হবে ২,৪০০ মেগাওয়াট। প্রতিটি ইউনিটে স্থাপিত হয়েছে ৩+ প্রজন্মের রুশ ভিভিইআর-১২০০ রিয়্যাক্টর যা সকল আন্তর্জাতিক নিরাপত্তা চাহিদা পূরণে সক্ষম। রসাটমের প্রকৌশল শাখা জেনারেল ডিজাইনার এবং কন্ট্রাকটর হিসেবে প্রকল্পটি বাস্তবায়ন করছে।

## চাকরিতে প্রবেশের বয়সসীমা

আবার এটি উন্মুক্ত। একই সঙ্গে অবসরের বয়সসীমা বিভিন্ন ডিপার্টমেন্ট ভেদে ৬৫ থেকে ৬৭ বছর এবং কোনো কোনো ক্ষেত্রে ৭২ বছর। সরকারি চাকরিতে প্রবেশ এবং অবসরের যাওয়ার বয়স বৃদ্ধির বিষয়ে বিভিন্ন সময়ে চাকরিপ্রত্যাশী এবং চাকরিরতদের পক্ষে আন্দোলন ও দাবি উত্থাপিত হয়েছে।'বিগত ১৫ বছরের স্বৈরাচার ও ফ্যাসিস্ট সরকারের যাতাকলে পড়ে বিভিন্নভাবে নিপীড়িত, বঞ্চিত ও বৈষম্যের শিকার হয়ে সৎ, যোগ্য ও মেধাবী কর্মকর্তা সময় মতো পদোন্নতি ও উপযুক্ত পদে পদায়ন না হওয়ায় সরকারি কাজে তারা তাদের প্রকৃত মেধা ও যোগ্যতার সাক্ষর রাখতে সক্ষম হননি। স্বৈরাচারী কায়দায় দলীয় বিবেচনায় নিয়োগ দেওয়ায় মেধাবী যুবসমাজকে কোটার আবরণে বঞ্চিত করাসহ কোনো কোনো ক্ষেত্রে মিথ্যা মামলায় জড়িয়ে কিংবা রাজাকারের সন্তান, ভিন্নমতাবলম্বী তকমা দিয়ে বিভিন্ন অপকৌশলে সরকারি চাকরিতে প্রবেশের সুযোগ থেকে বঞ্চিত করায় বৈষম্যহীন, মেধাভিত্তিক ও যোগ্যতাভিত্তিক নিরপেক্ষ প্রশাসন গড়া সম্ভব হয়নি' বলেও চিঠিতে উল্লেখ করে অ্যাসোসিয়েশন।

চিঠিতে আরও বলা হয়, তাই মেধাভিত্তিক নতুন প্রজন্মের চাহিদাভিত্তিক কাঙ্ক্ষিত সংস্কারমুখী পুনর্গঠিত বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকারি চাকরিতে প্রবেশ ও অবসরের সময়সীমা যথাক্রমে ৩৫ ও ৬৫ বছর করার জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন যথাযথ পদক্ষেপ নিতে দাবি জানাচ্ছে।

## ব্যবসায়ী সংগঠনগুলোতে অস্থিরতার

ইসলাম। এছাড়া সংগঠনটির আরও কিছু পদে পরিবর্তন এসেছে। যদিও এখনো আন্দোলন চলছে পর্ষদ ভেঙে দেওয়ার দাবিতে।

বর্তমানে নিজের শারীরিক অবস্থা এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী আমি ই-ক্যাব সভাপতি পদ থেকে পদত্যাগ করছি এবং তাৎক্ষণিকভাবে পদত্যাগপত্রটি কার্যকর করার অনুরোধ করছি।- শমী কায়সারবিজিএমইএর সাধারণ সদস্যদের পক্ষে অনন্ত গার্মেন্টসের ব্যবস্থাপনা পরিচালক ইনামুল হক খান বাবলু জাগো নিউজকে বলেন, এ সংগঠনটি (বিজিএমইএ) দীর্ঘদিন ধরে একটি স্বার্থান্বেষী ও স্বৈরাচারী শাসকের কতিপয় ব্যক্তির মাধ্যমে নিয়ন্ত্রিত হওয়ার কারণে এর স্বাভাবিক কার্যক্রম আজ প্রশ্নের সম্মুখীন হয়েছে। গত ৯ মার্চ নির্বাচনে ব্যাপক কারচুপি ও ভোট জালিয়াতির মাধ্যমে বর্তমান পরিচালনা পর্ষদ ক্ষমতায় আসে, যা সাধারণ সদস্যদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি করে।

বাপার নির্বাচনে নিরঙ্কুশ জয় পায় ঐক্য পরিষদবাপার নির্বাচনে নিরঙ্কুশ জয় পায় ঐক্য পরিষদ

বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ) থেকে পদত্যাগ করেন মোহাম্মদ আলী খোকন। সংস্থাটির সাবেক সহ-সভাপতি ও আম্বার গ্রুপের চেয়ারম্যান শওকত আজিজ রাসেল নতুন সভাপতি হয়েছেন। গত ১১ আগস্ট ব্যক্তিগত কারণ দেখিয়ে সভাপতির পদ ছাড়েন মোহাম্মদ আলী খোকন। বিটিএমএতে বিনা ভোটে নির্বাচিত হয়েছিলেন তিনি।

নির্বাচনের মাধ্যমে জয় পেলে সেই নেতৃত্ব অ্যাসোসিয়েশনের জন্য কাজ করে, সংগঠনকে বুঝতে পারে। কিন্তু বিনা ভোটে নেতৃত্ব এলে সেটা হয় না।- রিহ্যাবের সিনিয়র সহ-সভাপতি লিয়াকত আলী ভূঁইয়াএছাড়া দেশের ই-কমার্স প্রতিষ্ঠানগুলোর সংগঠন ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ইক্যাব) সভাপতির পদ থেকে পদত্যাগ করেন শমী কায়সার। গত ১৪ আগস্ট সংগঠনের প্যাডে ই-ক্যাবের নির্বাহী পরিষদ বরাবর লেখা চিঠির মাধ্যমে তিনি পদত্যাগ করেন।পদত্যাগপত্রে শমী কায়সার উল্লেখ করেন, বর্তমানে নিজের শারীরিক অবস্থা এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী আমি ই-ক্যাব সভাপতি পদ থেকে পদত্যাগ করছি এবং তাৎক্ষণিকভাবে পদত্যাগপত্রটি কার্যকর করার অনুরোধ করছি। নির্বাচনের আগ পর্যন্ত কার্যপরিচালনা চলমান রাখার জন্য আমার অবর্তমানে বর্তমান ইসি (ই-ক্যাবের নির্বাহী কমিটি) দায়িত্ব পালন করবে।ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) এ সমস্যা চলছে বেশকিছু দিন ধরে। গত ৫ আগস্ট দেশে রাষ্ট্রক্ষমতার পট পরিবর্তনের পর এফবিসিসিআই ঘিরে ব্যবসায়ীদের ক্ষোভ প্রকাশ্যে আসে। এফবিসিসিআইয়ের বর্তমান পরিচালনা পর্ষদ বাতিল করে প্রশাসক নিয়োগ করার দাবি জানিয়ে গত ১৮ আগস্ট অর্থ ও বাণিজ্য উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদকে চিঠি দেন এফবিসিসিআইয়ের কয়েক জন ব্যবসায়ী। কমিটি ভেঙে দেওয়ার জন্য মানববন্ধনও করা হয়।

রিহ্যাব নির্বাচনে নিরঙ্কুশ জয় পায় ব্যবসায়ী ঐক্য পরিষদরিহ্যাব নির্বাচনে নিরঙ্কুশ জয় পায় ব্যবসায়ী ঐক্য পরিষদ

তবে এফবিসিসিআইয়ের এ কমিটি সমঝোতার চেষ্টা করেও ব্যর্থ হয়। সমঝোতার পথ বন্ধ করে সরকার প্রশাসক বসিয়েছে। গত ১১ সেপ্টেম্বর এফবিসিসিআইয়ে মো. হাফিজুর রহমান ও ই-ক্যাবে মোহাম্মদ সাঈদ আলীকে প্রশাসক হিসেবে নিয়োগ দেয় বাণিজ্য মন্ত্রণালয়। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মহাপরিচালক বাণিজ্য সংগঠন) ড. নাজনীন কাউসার চৌধুরীর সই করা আদেশে এ বিষয়ে বলা হয়েছে, নিয়োগকৃত প্রশাসক ১২০ দিনের মধ্যে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নির্বাচিত কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।সিলেকশন না করে ইলেকশনের মাধ্যমে নির্বাচন করে নজির স্থাপন করেছে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এবং বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা)। গত বছরের ২ সেপ্টেম্বর বাপা ২০২৩-২৫ মেয়াদের কার্যনির্বাহী পরিষদের দ্বিবার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে অ্যাগ্রিকালচারাল মার্কেটিং কোম্পানি ও প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান আহসান খান চৌধুরীর নেতৃত্বাধীন ঐক্য পরিষদ পূর্ণ প্যানেলে জয়ী হয়েছে। ঐক্য পরিষদ ও সর্বজনীন ব্যবসায়ী পরিষদে দুটি প্যানেলের ১৫ জন করে প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। এছাড়া দুজন স্বতন্ত্র প্রার্থীও ছিলেন। যেখানে ভোট বা নেতা নির্বাচন নিয়ে কারও মধ্যে কোনো ক্ষোভ তৈরি হয়নি।

একই চিত্র দেখা যায় আবাসন ব্যবসায়ীদের সংগঠন রিহ্যাব নির্বাচনেও। এ সংগঠনের নির্বাচন নিয়েও কোনো প্রশ্ন ওঠেনি। যদিও একটি পক্ষ প্রায় এক যুগ নেতৃত্ব কুক্ষিগত করে রেখেছিল বলে অভিযোগ রয়েছে। রিহ্যাব পরিচালনা পর্ষদের অন্যায় কার্যক্রমের প্রতিবাদ করায় তৎকালীন পরিচালনা পর্ষদের কয়েকজন তাদের ইচ্ছেমতো বিভিন্ন সময় অনেককে বহিষ্কারও করে। দীর্ঘদিন পর রিহ্যাবে চলতি বছরের ২৭ ফেব্রুয়ারি বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে সরাসরি ভোটারদের ভোটে নির্বাচন অনুষ্ঠিত হয়। এক যুগেরও বেশি সময় ধরে গণতান্ত্রিক পদ্ধতিতে কোনো নির্বাচন হচ্ছিল না এ সংগঠনে।

রিহ্যাব সদস্যরা বলেন, রিহ্যাবে গণতান্ত্রিকভাবে যে নির্বাচন শুরু হলো তা সংগঠনকে ব্যবসায়ী মহলে ইতিবাচক হিসেবে তুলে ধরছে। তারা বলেন, দীর্ঘদিন পর নির্বাচন হওয়ায় সদস্যদের পক্ষে কাজ করছে বর্তমান পরিচালনা পর্ষদ। তারা বিভিন্ন সমস্যা সমাধানের চেষ্টা করছেন।

ই-ক্যাব সভাপতির পদ ছাড়েন শমী কায়সারই-ক্যাব সভাপতির পদ ছাড়েন শমী কায়সার এ বিষয়ে রিহ্যাবের সিনিয়র সহ-সভাপতি লিয়াকত আলী ভূঁইয়া বলেন, আমরা ভোটের অধিকার ফিরিয়ে আনতে বাণিজ্য মন্ত্রণালয়ের হস্তক্ষেপ কামনা করি। একজন প্রশাসকের অধীনে নির্বাচন হয়, যেখানে সবাই প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনের মাধ্যমে জয় পেলে সেই নেতৃত্ব অ্যাসোসিয়েশনের জন্য কাজ করে, সংগঠনকে বুঝতে পারে। কিন্তু বিনা ভোটে নেতৃত্ব এলে সেটা হয় না। এফবিসিসিআইয়ের সাবেক সহ-সভাপতি আবুল কাশেম হায়দার বলেন, ব্যবসায়ীদের এপেক্স বডি এফবিসিসিআই, যেখানে ব্যবসায়ীদের সমান সুযোগ থাকবে। ব্যবসায়ীদের সমস্যা সমাধানে কাজ করবে সংগঠন, কিন্তু এতদিন সেটা হয়নি। সাধারণত ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে সদস্যদের মতামত নেওয়া হতো না। এ কারণে এফবিসিসিআই পর্ষদের পদত্যাগ চেয়েছিলাম। একই সঙ্গে দাবি ছিল বর্তমান পর্ষদ ভেঙে প্রশাসক নিয়োগের। 'সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে নেতা নির্বাচিত হলে সেই নেতা সদস্যদের কাছে দায়বদ্ধ থাকেন। এতে সংগঠন যেমন সঠিকভাবে পরিচালিত হয়, ব্যবসায়ীদের দাবি-দাওয়ারও সমাধান হয়'- যোগ করেন তিনি।

## ময়মনসিংহে যৌথ বাহিনীর অভিযানে আটক যুবদল নেতার মৃত্যু

**স্টাফ রির্পোটার :** ময়মনসিংহে যৌথ বাহিনীর অভিযানের সময় আটক হওয়া সাইদুল ইসলাম (৪০) নামে এক যুবদল নেতার মৃত্যু হয়েছে। তিনি মহানগর যুবদলের যুগ্ম-সাধারণ সম্পাদক ছিলেন। এর আগে গত সোমবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে নগরীর গোলপুকুর পাড় এলাকা থেকে তিনি আটক হন। পরে হাসপাতালে তাকে মৃত ঘোষণা করা হয়। সাইদুল ইসলাম নগরীর গোলপুকুর পাড় এলাকার বাসিন্দা আবদুস ছালামের ছেলে। তিনি নগরীর আলোচিত শামসুল হুদা সুমন হত্যায় ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি ছিলেন। ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট শেখ হাসিনার সরকারের পতনের পর সাইদুল ইসলামের বিরুদ্ধে জমি দখল, বালুরঘাট দখল, স্থানীয় ব৻ব্যবসায়ীদের কাছ থেকে চাঁদাবাজি, অস্ত্র প্রদর্শনসহ নানা অভিযোগ ওঠে। এসব ঘটনায় সম্প্রতি যৌথ বাহিনীর কাছে একাধিক অভিযোগ দায়ের হলে সোমবার দিবাগত রাত ১০টার দিকে তাকে আটক করতে অভিযান চালায় যৌথ বাহিনীর একটি দল। এতে আটক হন তিনি। পরে রাত দেড়টার দিকে সাইদুল ইসলামকে ময়মনসিংহ মেডিকেল কলেজ (মমেক) হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। সাইদুলের স্বজনরা জানান, তিনি আগে থেকে অসুস্থ ছিলেন। কিছুদিন আগে তিনি ভারতে গিয়ে চিকিৎসা করে এসেছেন। হাসপাতালের জরুরি বিভাগের দায়িত্বরত কর্মচারীরা নাম প্রকাশ না করার শর্তে জানান, সোমবার রাত ১টার দিকে যৌথ বাহিনীর সদস৻রা ছয়জনকে আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করেন। পরে তাদের প্রাথমিক চিকিৎসা দিয়ে নিয়ে যান তারা। প্রাথমিক চিকিৎসা নেওয়া অন্যরা হলেন- ময়মনসিংহ নগরীর গোলপুকুর পাড় এলাকার মাছুম (২৩), নান্দাইলের মারুফ (২০), নগরীর চরকালীবাড়ী এলাকার হিমেল (২২), একই এলাকার রিয়াজ (২০), নেত্রকোনা পূর্বধলা উপজেলার সালদীঘা এলাকার মামুন এবং মুক্তাগাছা সৈয়দপুর গ্রামের রাসেল (৩০)। কোতোয়ালি মডেল থানার ওসি (তদন্ত) আনোয়ার হোসেন বলেন, সাইদুল ইসলামের মৃত্যুর বিষয়ে পুলিশের কোনো বক্তব্য নেই। এ বিষয়ে যৌথ বাহিনী বলতে পারবে। সাইদুলের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

## কুষ্টিয়ার সাবেক এমপি সেলিম আলতাফ জর্জ ঢাকায় গ্রেপ্তার

**স্টাফ রির্পোটার :** কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনের সাবেক সংসদ সদস্য সেলিম আলতাফ জর্জকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত মঙ্গলবার দিবাগত রাতে রাজধানীর লালমাটিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার ও গোয়েন্দা শাখার প্রধান রেজাউল করিম মল্লিক গণমাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন। সেলিমের বিরুদ্ধে কুষ্টিয়া ও ঢাকায় একাধিক হত্যা মামলা রয়েছে বলেও জানান তিনি। সেলিম আওয়ামী লীগের প্রার্থী হিসেবে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাআর মাধ্যমে ২০১৯ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের জানুয়ারি পর্যন্ত কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের এমপি হিসেবে দায়িত্ব পালন করেন। তবে সর্বশেষ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনি নৌকার টিকিট পাননি। সেলিম আলতাফ আওয়ামী লীগ পরিবারের সন্তান। কুমারখালী উপজেলা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি ও সাবেক সংসদ সদস্য গোলাম কিবরিয়ার দৌহিত্র তিনি। তার চাচা আবুল হোসেন ও চাচি সুলতানা তরুণও এমপি ছিলেন। আরেক চাচা সামছুজ্জামান অরুণ কুমারখালী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র ছিলেন।

## সালমান, আনিসুল, পলক, মানিক ও মামুন আরও একাধিক মামলায় গ্রেপ্তার

**স্টাফ রির্পোটার :** সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপদেষ্টা সালমান এফ রহমান, সাবেক আইনমন্ত্রী আনিসুল হক, সাবেক আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, সাবেক বিচারপতি শামসুদ্দিন চৌধুরী মানিক ও সাবেক আইজিপি আব্দুল্লাহ আল মামুনকে একাধিক হত্যার মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন মঞ্জুর করেছেন আদালত। গতকাল বুধবার সকালে কারাগার থেকে তাদের ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত আনা হয়। এরপর তাদের সিএমএম হাজতখানায় রাখা হয়। সকাল ৮টা ১০ মিনিটের তাদের আদালতের এজলাসে ওঠানো হয়। এসময় রাজধানীর বাড্ডা, লালবাগ, আদাবর ও খিলগাঁও থানার ১৩ টি হত্যা মামলার একাধিক মামলায় তাদের বিভিন্ন জনকে গ্রেপ্তার দেখানোর আবেদন করেন পুলিশ। শুনানির শেষে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জাকি আল ফারাবীর আদালত তাদেরকে বিভিন্ন মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন মঞ্জুর করেন। শুনানি শেষে তাদের ফের কারাগারে নিয়ে যাওয়া হয়েছে। সংশ্লিষ্ট আদালতের জিআর শাখার পুলিশ ইন্সপেক্টর আসাদুজ্জামান এতথ্য নিশ্চিত করেন।

## রামপাল বিদ্যুৎকেন্দ্রের ৫ হাজার কেজি সরঞ্জামাদি চুরি, গ্রেপ্তার ২

**স্টাফ রির্পোটার :** বাগেরহাটের রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের ৫ হাজার ৬৭ কেজি মূল্যবান সরঞ্জামাদি চুরি হয়েছে। সংঘবদ্ধ চোর চক্রের প্রধানসহ দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। তারা হলেন মো. খালিদ হাসান শেখ (২১) ও মো. রুহুল আমিন মল্লিক (২১)। এ সময় তাদের কাছ থেকে চুরি হওয়া মালামাল উদ্ধার করা হয়। এর মধ্যে ছিল লোহার সরঞ্জামাদি চার হাজার ২০ কেজি, এসএস স্টিল বার এক হাজার ৪৫ কেজি, তামার তার দুই কেজি। র‍্যাব-৬-এর পরিচালক লে. কর্নেল ফায়েজুল আরেফিন জানান, কেপিআই রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের বিআইএফপিসিএল কোম্পানির সিকিউরিটি সুপারভাইজার কেন্দ্রের এসএস স্টিল বার ও লোহার সরঞ্জামাদি চুরির বিষয়ে র‍্যাব-৬ বরাবর একটি অভিযোগ করে। অভিযোগে জানায়, গত ১৬ সেপ্টেম্বর রাতে রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের ম্যাটারিয়াল এলাকা থেকে কন্সট্রাকশনের কাজে ব্যবহৃত বিভিন্ন এসএস স্টিল বার ও লোহার সরঞ্জামাদি চুরি হয়। অভিযোগ পেয়ে র‍্যাব-৬ খুলনার একটি দল ছায়াতদন্ত শুরু করে। গত ১৬ সেপ্টেম্বর আনুমানিক রাত পৌনে ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে বাগেরহাটের ফকিরহাট থানাধীন কাটাখালি গোল চত্বরের পশ্চিমে হাইওয়ে পুলিশ বক্সের সামনে থেকে মো. খালিদ হাসান শেখ (২১) ও মো. রুহুল আমিন মল্লিককে (২১) আটক করে র‍্যাব-৬। এ সময় তাদের কাছ থেকে চুরি করা লোহার সরঞ্জামাদি চার হাজার ২০ কেজি, এসএস স্টিল বার এক হাজার ৪৫ কেজি, তামার তার দুই কেজি উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য তিন লাখ ৭০ হাজার ২০০ টাকা এবং চুরির মালামাল বহনে ব্যবহৃত একটি মিনি ট্রাক উদ্ধার করা হয়। লে. কর্নেল ফায়েজুল আরেফিন জানান, আটক ব্যক্তিদের রামপাল থানায় হস্তান্তর করে তাদের বিরুদ্ধে মামলা করা হয়।

## টাঙ্গাইলে সড়ক দুর্ঘটনায় স্ত্রীর মৃত্যু, হাসপাতালে স্বামী

**স্টাফ রির্পোটার :** টাঙ্গাইলের মির্জাপু?রে মোটরসাইকেলে করে বাসায় ফেরার প?থে অজ্ঞাত প?রিবহনের ধাক্কায় এক নারী নিহত হ?য়ে?ছেন। এ ঘটনায় তার স্বামী গুরুতর আহত হওয়ায় তা?কে কুমু?দিনী হাসপাতা?লে ভ?র্তি করা হ?য়ে?ছে। গত মঙ্গলবার রাত ১১টার দি?কে ঢাকা-টাঙ্গাইল মহাসড়?কের মির্জাপুর ক?্যা?ডেট ক?লে?জের সাম?নে এ ঘটনা ঘ?টে। নিহত শিউলি আক্তার (৪৫) চাঁদপুর জেলার শরিফুল ইসলা?মের স্ত্রী। তিনি মির্জাপু?রের স্কয়ার ফার্মাসিউটিক্যালস লি?মি?ডে?টের প্রোডাকশন বিভাগের সহকারী টিম লিডার হিসেবে কর্মরত ছিলেন। আহত স্বামী শ?রিফুল ওই কোম্পানির ইঞ্জিনিয়ারিং বিভাগের সি?নিয়র সহকা?রী ফিটার হি?সে?বে কর্মরত। মির্জাপুর থানার এসআই জহুরুল ইসলাম জানান, রা?তে তারা স্বামী-স্ত্রী কর্মস্থল থে?কে মোটরসাইকেলে করে বাসায় ফিরছিলেন। এ সময় মহাসড়?কের মির্জাপুর ক?্যা?ডেট ক?লে?জের সাম?নে অজ্ঞাত প?রিবহন মোটরসাইকেল?টি?কে ধাক্কা দি?লে ঘটনাস্থ?লেই শিউলি মারা যায়। এতে গুরুতর আহত হয় তার স্বামী। তা?কে উদ্ধার ক?রে হাসপাতা?লে ভ?র্তি করা হ?য়ে?ছে।

## ট্রাফিক আইন অমান্য করায় একদিনে ২৯২ মামলা, জরিমানা ১১ লাখ টাকা

**স্টাফ রির্পোটার :** একদিনে ঢাকা মহানগর এলাকায় ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে ২৯২টি মামলা ও ১১ লাখ ৬৭ হাজার ৫০০ টাকা জরিমানা করেছে পুলিশ। গতকাল বুধবার দুপুরে ডিএমপির জনসংযোগ ও গণমাধ শাখার অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) মো. ওবায়দুর রহমান এসব তথ্য জানান। তিনি বলেন, সড়কে শৃঙ্খলা ফেরাতে রাত-দিন কাজ করছে ট্রাফিক পুলিশ সদস্যরা। গত মঙ্গলবার দিনভর রাজধানীর বিভিন্ন এলাকায় ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে ২৯২টি মামলা ও ১১ লাখ ৫৮ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও অভিযানকালে ৩৯টি গাড়ি ডাম্পিং ও ১৫টি গাড়ি রেকার করা হয়েছে। ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের কাছ থেকে তাৎক্ষণিক জরিমানা আদায় করা হয়েছে ৬ লাখ ৯ হাজার টাকা। সড়কে শৃঙ্খলা ফেরাতে ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে বলেও জানান পুলিশের এই কর্মকর্তা।

## এ কে মোহাম্মদ হোসেনকে আইন কমিশনের পরামর্শক নিয়োগ

**স্টাফ রির্পোটার :** সুপ্রিম কোর্টের আইনজীবী এ কে মোহাম্মদ হোসেনকে আইন কমিশনের পরামর্শক হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। গতকাল বুধবার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ প্রশাসন শাখা-২ থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, এ কে মোহাম্মদ হোসেনকে যোগদানের তারিখ থেকে পরবর্তী তিন মাস মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হলো। তিনি সচিবের পদমর্যাদা ও সুযোগ-সুবিধা পাবেন। এ নিয়োগের অন্যান্য শর্ত অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে বলেও প্রজ্ঞাপনে জানানো হয়েছে।

## চট্টগ্রামে ১০ হাজার পিস চোরাই টি-শার্ট উদ্ধার

**স্টাফ রির্পোটার :** চট্টগ্রামে তিন কাভার্ডভ্যানভর্তি টি-শার্ট উদ্ধার করেছে বায়েজিদ বোস্তামি থানা পুলিশ। গত মঙ্গলবার নগরীর পাঁচলাইশ থানাধীন আতুরার ডিপো এলাকা থেকে কাভার্ডভ্যানবোঝাই এসব টি-শার্ট উদ্ধার করা হয়। এ সময় তিন কাভার্ডভ্যানচালককে গ্রেপ্তার করা হয়। এরা হলেন মোশাররফ (২৪), মো. আজাদ (৩৬) ও মো. গণি (২৯)। তিন কাভার্ডভ্যান থেকে এক হাজার ৯ কার্টনভর্তি ১০ হাজার ৯০ পিস টি-শার্টের চালান উদ্ধার করা হয়। ঢাকার গাজীপুরের একটি পোশাক কারখানা থেকে এসব টি-শার্ট চুরি হয় বলে জানিয়েছে পুলিশ। গতকাল বুধবার উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) অতিরিক্ত উপপুলিশ কমিশনার (এডিসি-পিআর) কাজী মো. তারেক আজিজ। তিনি বলেন, গাজীপুর থেকে চুরি হওয়া এক হাজার ৯ কার্টনভর্তি ১০ হাজার ৯০ পিস টি-শার্টের একটি চালান উদ্ধার করা হয়েছে। এসব টি-শার্ট তিনটি কাভার্ডভ্যানে ছিল। তিনি আরও বলেন, আমরা খোঁজ নিয়ে জেনেছি।

# সম্পাদকীয়

## লোডশেডিংয়ে তীব্র ভোগান্তি

### বিদ্যুৎ সমস্যার দ্রুত সমাধান জরুরি

প্রচণ্ড গরমের মধ্যে ঘন ঘন লোডশেডিংয়ের কারণে অসহনীয় হয়ে উঠেছে জনজীবন। রাজধানীসহ বড় শহরগুলোতে লোডশেডিং কয়েক ঘণ্টা বা কিছুটা কম হলেও রাজধানীর বাইরের জেলা শহর ও গ্রামাঞ্চলে ১২ থেকে ১৬ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং হচ্ছে। এতে গরমে কষ্ট যেমন হচ্ছে, তেমনি ফ্রিজে রাখা খাবার নষ্ট হয়ে যাচ্ছে। কারখানার উৎপাদন ব্যাহত হচ্ছে। বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে বিদ্যুনির্ভর ক্ষুদ্র ও কুটির শিল্পগুলো। আমন ধান লাগানোর এই সময়ে জমিতে সেচ দেওয়া জরুরি হলেও বিদ্যুতের অভাবে ঠিকমতো সেচ দেওয়া যাচ্ছে না। এতে উৎপাদন কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) সূত্রে জানা যায়, সাড়ে তিন মাস ধরে সামিট গ্রুপের একটি ভাসমান এলএনজি টার্মিনাল থেকে গ্যাস সরবরাহ বন্ধ রয়েছে। সে কারণে গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন দৈনিক এক হাজার ২০০ মেগাওয়াটের মতো কম হচ্ছে। বকেয়া পরিশোধ না করায় ভারতের আদানি গ্রুপও ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ কমিয়ে দিয়েছে। আবার কয়লাসংকটে মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্র এবং এস আলমের বিদ্যুৎকেন্দ্রে উৎপাদন কমে গেছে। কারিগরি ত্রুটির কারণে বন্ধ হয়ে যায় বড়পুকুরিয়া বিদ্যুৎকেন্দ্রের উৎপাদন। বকেয়ার কারণে বেসরকারি খাতের তেলচালিত বিদ্যুৎকেন্দ্র থেকেও সর্বোচ্চ চাহিদায় বিদ্যুৎ উৎপাদন করা যাচ্ছে না। ফলে দেশে বিদ্যুতের বড় ঘাটতি তৈরি হয়েছে। বিপিডিবির তথ্য মতে, বর্তমানে দেশে বিদ্যুতের চাহিদা ১৬ হাজার মেগাওয়াটের কাছাকাছি। আর দৈনিক গড়ে ১৩-১৪ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হওয়ায় দৈনিক লোডশেডিং করতে হচ্ছে দু-তিন হাজার মেগাওয়াট পর্যন্ত। এদিকে, শুধু বিদ্যুৎ নয়, গ্যাসসংকটও তীব্র হয়ে উঠছে। অনেক এলাকায় দিনে রান্না করা যায় না। সিএনজি স্টেশনগুলোতে গ্যাসের চাপ থাকে না। গাড়িগুলোকে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হয়। অন্তর্বর্তী সরকারের প্রতি মানুষের সহানুভূতি রয়েছে। তাই দুর্ভোগ সহ্য করেও মানুষ অপেক্ষায় আছে, রাস্তায় নেমে আসছে না। কিন্তু অনেকেই হুঁশিয়ারি দিয়েছে, এভাবে চলতে থাকলে তারা রাস্তায় নেমে আসতে বাধ্য হবে। তেমন পরিস্থিতি কারো জন্যই সুখকর হবে না। তাই যত তাড়াতাড়ি সম্ভব সরবরাহ বাড়িয়ে বিদ্যুৎ ও গ্যাস পরিস্থিতি স্বাভাবিক করতে হবে। আমরা আশা করি, সরকার এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করে জনভোগান্তি দূর করতে সক্ষম হবে।

অনেক এলাকায় দিনে রান্না করা যায় না। সিএনজি স্টেশনগুলোতে গ্যাসের চাপ থাকে না। গাড়িগুলোকে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হয়। অন্তর্বর্তী সরকারের প্রতি মানুষের সহানুভূতি রয়েছে। তাই দুর্ভোগ সহ্য করেও মানুষ অপেক্ষায় আছে, রাস্তায় নেমে আসছে না। কিন্তু অনেকেই হুঁশিয়ারি দিয়েছে, এভাবে চলতে থাকলে তারা রাস্তায় নেমে আসতে বাধ্য হবে। তেমন পরিস্থিতি কারো জন্যই সুখকর হবে না। তাই যত তাড়াতাড়ি সম্ভব সরবরাহ বাড়িয়ে বিদ্যুৎ ও গ্যাস পরিস্থিতি স্বাভাবিক করতে হবে

## কারামুক্ত সন্ত্রাসীদের কঠোর নজরদারিতে রাখা হোক

ছাত্র-জনতার অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতার পালাবদলের পর জেল থেকে একে একে জামিনে মুক্তি পাচ্ছেন শীর্ষ সন্ত্রাসীরা। এদের প্রায় সবাই কমপক্ষে ২২ বছর ধরে কারাবন্দি ছিলেন। খুন, চাঁদাবাজি, ভাঙচুর ও দখলবাজির অভিযোগে এদের প্রায় সবারই বিরুদ্ধে ৭ টি থেকে ১৫ টি মামলা রয়েছে। সব কটি মামলায় জামিন পাওয়ার পর একে একে তারা কারাগার থেকে মুক্তি পায়। এ ঘটনায় জনমনে আতঙ্ক দেখা দিয়েছে। যেখানে শীর্ষ সন্ত্রাসীরা কারাগারে থেকেই ঢাকার অপরাধজগৎ নিয়ন্ত্রণ করত, সেখানে জামিনে ছাড়া পাওয়ার পর তা আরও পাকাপোক্ত হবে। অথচ নিরীহ মানুষ ভয়ে থানায় অভিযোগ নিয়েও যাবেন না। এই পরিস্থিতি জননিরাপত্তার জন্য বড় হুমকি হয়ে দাঁড়াতে পারে। আওয়ামী লীগ সরকার পতনের পর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহি-নীগুলোর ভঙ্গুর অবস্থা। এই সুযোগে শীর্ষ সন্ত্রাসীরা খুব সহজে বের হয়ে আসছে। বের হওয়ার পর তাদের ওপর নজরদারিও নেই। ঢাকার অপরাধ জগৎ নিয়ে খোঁজখবর রাখেন এমন একাধিক সূত্র জানিয়েছে, ইতোমধ্যে জামিনে বের হওয়া শীর্ষ সন্ত্রাসীদের কেউ কেউ দেশ ছাড়ার চেষ্টা করছেন। কেউ আবার পুরোনো রাজনৈতিক পরিচয় কাজে লাগিয়ে মূলধারার রাজনীতিতে সক্রিয় হওয়ার আশায় আছেন। কারাগারে থাকা অবস্থায় শীর্ষ সন্ত্রাসীদের অনেকের সঙ্গে প্রভাবশালী রাজনৈতিক নেতাদের কারও কারও সখ্য হয়েছে। সেই সুযোগও কাজে লাগাতে চাচ্ছেন কেউ কেউ। বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার যেসব সংস্কারের কথা বলছে, তা বাস্তবায়ন করতে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন আবশ্যক। কিন্তু এ বিষয়ে সরকার এখনো কার্যকর পদক্ষেপ নিতে পেরেছে বলে মনে হয় না। শীর্ষ সন্ত্রাসীদের জামিনে ছাড়া পাওয়ার পর রাজধানীসহ বিভিন্ন স্থানে সংঘবদ্ধ ডাকাতির চেষ্টা ও সন্ত্রাসী ঘটনার কোনো যোগসূত্র থাকাও অস্বাভাবিক নয়। জামিন পাওয়াকে অভিযুক্ত ব্যক্তির অধিকার বলে সংশ্লিষ্ট ব্যক্তিরা সাফাই গাইতে পারেন। কিন্তু এখানে দেখতে হবে জামিন পাওয়া ব্যক্তি আরও অনেক ব্যক্তির নিরাপত্তার জন্য হুমকি হয়ে পড়ে কি না। যাঁরা কারাগারে থেকে অপরাধজগৎ নিয়ন্ত্রণ করে, উদ্দিষ্ট ব্যক্তিদের কাছ থেকে মোটা অঙ্কের চাঁদা আদায় করে, তারা বাইরে এসে কী করবে, সেটা অনুমান করা কঠিন নয়। পুলিশের দায়িত্বশীল কর্মকর্তারা কারাগার থেকে বের হয়ে আসা সন্ত্রাসীদের বিষয়ে নজরদারি বাড়ানোর যে অঙ্গীকার করেছেন, সেটা যাতে নিছক কথার কথা না হয়। তাঁরা যেন ভুলে না যান যে জনগণের জানমাল রক্ষার দায়িত্ব সরকারেরই। ফলে জামিনে বের হয়ে কেউ যেন নতুন করে অপরাধমূলক কাজে জড়াতে না পারেন, সেটি নিশ্চিত করতে কঠোর নজরদারিতে রাখা হোক। শীর্ষ সন্ত্রাসী, গডফাদার বা যেকোনো পরিচয়েই হোক, অপরাধ করলে কাউকে যেন ছাড় দেওয়া না হয়।'

যাঁরা কারাগারে থেকে অপরাধজগৎ নিয়ন্ত্রণ করে, উদ্দিষ্ট ব্যক্তিদের কাছ থেকে মোটা অঙ্কের চাঁদা আদায় করে, তারা বাইরে এসে কী করবে, সেটা অনুমান করা কঠিন নয়। পুলিশের দায়িত্বশীল কর্মকর্তারা কারাগার থেকে বের হয়ে আসা সন্ত্রাসীদের বিষয়ে নজরদারি বাড়ানোর যে অঙ্গীকার করেছেন, সেটা যাতে নিছক কথার কথা না হয়। তাঁরা যেন ভুলে না যান যে জনগণের জানমাল রক্ষার দায়িত্ব সরকারেরই। ফলে জামিনে বের হয়ে কেউ যেন নতুন করে অপরাধমূলক কাজে জড়াতে না পারেন, সেটি নিশ্চিত করতে কঠোর নজরদারিতে রাখা হোক

# অন্তর্বর্তী সরকার যেসব বিষয়ে গুরুত্ব দিতে পারে

ড. কামরুল হাসান মামুন

০৮ সেপ্টেম্বর ২০২৪ অন্তর্বর্তীকালীন সরকার একমাস পূরণ করলো। এই সরকারের সার্জারি করার আগে সরকারের আগমনের প্রেক্ষাপট এবং সরকার গঠন পরবর্তী অবস্থা সম্বন্ধে আমাদের বুঝতে হবে।

আওয়ামী লীগ সরকার দুর্নীতি, অর্থপাচার, ঋণ পরিশোধের চাপ ইত্যাদির মাধ্যমে দেশের অর্থনীতিকে খুবই নাজুক অবস্থায় নিয়ে গিয়েছিল। মুদ্রাস্ফীতি তুঙ্গে, দ্রব্যমূল্য বৃদ্ধির হার তুঙ্গে। এরপর অভ্যুত্থানের পর প্রথম ছয়দিন দেশে কার্যত কোনো পুলিশ ছিল না। কল্পনা করা যায়?

এরমধ্যে ঘরে ঘরে ডাকাতি বেড়েছে। হিন্দুসহ অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়িঘর, উপাসনালয়সহ অনেককিছুই আক্রান্ত হয়েছে। ৫-২০ আগস্ট পর্যন্ত হামলার শিকার সংখ্যালঘুদের ঘরবাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠানের সংখ্যা ১০৬৮। বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের প্রাথমিক হিসাব (২০ আগস্ট দেওয়া) অনুযায়ী, ৫০টির বেশি জেলায় দুই শতাধিক হামলার ঘটনা ঘটেছে। কোথাও কোথাও মব কিলিংয়ের ঘটনা ঘটছে। এইধরনের সুযোগ যারা নিয়েছে তারা আসলে অসৎ এবং অসভ্য।

এখন আসুন নতুন এই অন্তর্বর্তী সরকারকে নিয়ে একটু আলোচনা করি। একটি সরকারকে মাপার জন্য এক মাস সময় কিছুই না। আবার সেই সময়টা যদি হয় অভ্যুত্থান পরবর্তী সময় তাহলে তো এটা কোনো সময়ই না। আমরা দেখেছি, ক্ষমতায় আসার পরপরই বিচার বিভাগীয় ক্যু, আনসার বিদ্রোহ ইত্যাদি সামাল দিতে হয়েছে। অভ্যুত্থান পরবর্তী সময়ে আগের সরকারের বিভিন্ন কর্মকাণ্ড বাদ দিতে গিয়ে শূন্যতা তৈরি হয়েছে আর সেই সুযোগে অনেকেই একটা অরাজকতা সৃষ্টি করতে চেয়েছে এবং এখনো সেই চেষ্টা অব্যাহত আছে। আগের সরকার অর্থনীতির পরপরই সবচেয়ে বড় যে ক্ষতি করেছে, তা হলো শিক্ষা। একদম মূলে হাত দিয়ে সেই মূলকে তুলে ফেলতে চেয়েছিল যার সবচেয়ে বড় নিদর্শন হলো একদিকে শিক্ষা বিধ্বংসী বড় বড় মেগা প্রজেক্ট নেওয়া আর অন্যদিকে শিক্ষায় বাজেট বরাদ্দ কমানো।

এমন ব্যবস্থা করেছিল যে, সাধারণ শিক্ষার্থীরা সরকারি দলের শিক্ষক ও শিক্ষার্থী দ্বারা অমানুষিক নির্যাতনের শিকার হয়। বিধির কী খেলা তারা সেই ছাত্রদের দ্বারাই ক্ষমতাচ্যুত হয়। অন্তর্বর্তী সরকারের উচিত শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া। এমন ব্যবস্থা করা যাতে, প্রথম বর্ষের সব শিক্ষার্থী আবাসিক হলে একটা সিট যেন পায়, যেখানে ন্যূনতম পড়ার জন্য একটা টেবিল থাকবে এবং ঘুমানোর জন্য একটা বিছানা থাকবে। আশার কথা হলো, শিক্ষা মন্ত্রণালয় এখন একজন যোগ্য উপদেষ্টার হাতে পড়েছে। অর্থ মন্ত্রণালয়ও একজন যোগ্য মানুষের হাতে পড়েছে। এছাড়া বাংলাদেশ ব্যাংক পেয়েছে একজন যোগ্য গভর্নর। আমার বিবেচনা এই তিনটি জায়গা নিয়েই, তাই আমি ভালো কিছু আশা করছি এবং ইতিমধ্যেই ভালো ভালো উদ্যোগও দেখছি। তবে এই সরকার চ্যালেঞ্জেও পড়ছে। দুঃখের বিষয় হলো, ইতিমধ্যেই রাজনৈতিক দলগুলো তাদের স্বরূপ দেখানো শুরু করেছে। তারা বারবার নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা ফিরিয়ে দেওয়ার কথা বলছে যেন আমরা তাদের শাসন দেখিনি। এমন ভাব নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা গেলে দেশ আবার উন্নয়নে ভেসে যাবে। ওটা আর হতে দেওয়া যাবে না। আমাদের শিক্ষার্থীরা এখন দাবি জানাচ্ছে যে, ক্যাম্পাসের আবাসিক ও একাডেমিক স্থানসমূহে সব ধরনের দলীয় রাজনীতি নিষিদ্ধ করা। তারা দাবি জানাচ্ছে হল ও বিশ্ববিদ্যালয়ের সংসদ নির্বাচন আসুক কিন্তু সব প্রার্থীকে স্বতন্ত্রভাবে নিজস্ব ইশতেহার ঘোষণা করে নির্বাচনে অংশগ্রহণ করবে। কোনো প্যানেল হিসেবে কেউ নির্বাচনে কোনো প্রকার প্রচার-প্রচারণা চালাতে পারবে না। আমার মতে, শিক্ষকদের ক্ষেত্রেও এমনটা হওয়া উচিত। শিক্ষক সমিতির নির্বাচনেও প্রার্থীরা স্বতন্ত্রভাবে নিজস্ব ইশতেহার ঘোষণা করে নির্বাচনে অংশগ্রহণ করবে। এখন পর্যন্ত নতুন সরকার বিশ্ববিদ্যালয়গুলোয় যেইসব ভিসি নিয়োগ দিয়েছে তা বাংলাদেশের ইতিহাসে বিরল।

তবে ভিসি নিয়োগের ক্ষেত্রেও দেখা গেছে একটি রাজনৈতিক মতাদর্শের শিক্ষকরাই নিয়োগ পেয়েছে যা কাঙ্ক্ষিত ছিল না। এছাড়া ভিসিরা নিয়োগ পাওয়ার পর প্রশাসনের অন্যান্য জায়গায় যাদের নিয়োগ দিচ্ছে তাতে মনে হচ্ছে একটি রাজনৈতিক দল ক্ষমতায়। আমরা চাই আগামী অন্তত দুটি বছর আমাদের বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে কোনো দলীয় রাজনৈতিক কর্মকাণ্ড থাকবে না ঠিক যেমন বিশ্বের অন্যান্য সেরা বিশ্ববিদ্যালয়ে দেখি।

দেখা যাক না, তাতে বিশ্ববিদ্যালয়ের লেখাপড়ার গুণমান বৃদ্ধি পায় কি না। সব রাজনৈতিক দলের উচিত অন্তত দুই বছর দেশে একটু কম রাজনীতি করা। রাজনীতির নামে এইটা বদলান, ওইটা ভাঙা ইত্যাদি বন্ধ করা উচিত।

এই সরকারকে কিছু কাজ করতে দিন, কিছু মেরামত করতে দিন। এত শিক্ষিত এবং এত ভালো মানের প্রধানমন্ত্রী ও মন্ত্রীসম সরকার এর আগে কখনো দেখিনি। অধ্যাপক ইউনূসের মেধা এবং দেশে এবং গ্লোবাল গ্রহণযোগ্যতা প্রশ্নাতীত। এমন একটি সরকার যেখানে উপদেষ্টাদের নিয়ে একটি বিশ্ববিদ্যালয় খোলা যাবে ঠিক সিঙ্গাপুরের মন্ত্রিসভার মতো ভালো কিছু আশা তো করায় যায়। তাই রাজনীতি নাম দিয়ে নির্বাচন দেওয়ার কথা বলে এই সরকারকে বিরক্ত করা বন্ধ করুন। আনুষ্ঠানিকভাবে নির্বাচিত না হলেও একটি গণআন্দোলনের মাধ্যমে জনআকাঙ্ক্ষার সরকারকে একটি নির্বাচিত সরকারের চেয়ে বেশি গ্রহণযোগ্য। এক মাস সময় কিছুই না। বিশেষ করে একটি অভ্যুত্থানের পরের একটি মাসের ক্ষেত্রে তো আরও না। তাই সবাইকে ধৈর্য ধারণ করার আহ্বান করছি। দেশকে ভালোবাসুন। শান্তি বজায় রাখুন।

**লেখক : অধ্যাপক, পদার্থবিজ্ঞান, ঢাকা বিশ্ববিদ্যালয়**

# কৃতকর্মের ফল ভোগ করতেই হবে

মাহমুদ আহমদ

আমাদের প্রতিটি কর্ম আল্লাহপাকের কাছে লিপিবদ্ধ অবস্থায় সংরক্ষিত থাকে। পবিত্র কুরআনে আল্লাহপাক ইরশাদ করেন, 'আকাশ সমূহে এবং পৃথিবীতে যা আছে সবই আল্লাহর। আর তোমাদের অন্তরে যা আছে তা তোমরা প্রকাশ কর বা তা গোপন কর আল্লাহ তোমাদের কাছ থেকে এর হিসাব নিবেন। অতএব, তিনি যাকে চাইবেন ক্ষমা করবেন এবং যাকে চাইবেন আজাব দিবেন। আর আল্লাহ প্রত্যেক বিষয়ে সর্বশক্তিমান' (সুরা আল বাকারা, আয়াত: ২৮৪)।

এই আয়াত থেকে এটা স্পষ্ট বুঝা যায় যে, মানুষের প্রত্যেক কাজেরই হিসাব দিতে হবে, তা যতই গোপন হোক কিংবা প্রকাশ্য আর এর জন্য পুরস্কার, শাস্তি বা ক্ষমা আল্লাহর ইচ্ছানুযায়ী পেতেই হবে। পবিত্র কুরআনে আল্লাহপাক ইরশাদ করেছেন, 'যে সৎকর্ম করে সে নিজের কল্যাণের জন্যই তা করে এবং কেউ মন্দকর্ম করলে তার প্রতিফল সে-ই ভোগ করবে। তোমার প্রতিপালক তার বান্দাদের প্রতি কোনো জুলুম করেন না।' (সুরা হামিম সিজদা, আয়াত: ৪৬)

রোজ হাশরে আল্লাহতায়ালা মানুষের পাপ-পুণ্যের ফয়সালা করবেন এবং যার যার দুনিয়ার আমল-আখলাক কর্মফল অনুযায়ী নিখুঁত নিক্তিতে বিচার করবেন। যারা অন্যায়, অপরাধ, দুর্নীতি ও অসৎকর্মে নিজকে নিয়োজিত রাখবে এবং পাপাচারে লিপ্ত থাকবে, প্রতিফলস্বরূপ তিনি তাদের কঠিনতম শাস্তির ভয়াবহ কষ্টে নিপতিত রাখবেন। আর যারা সৎকর্মের মধ্যে নিজকে সমর্পণ করবে এবং ইসলামের বিধি-বিধান অনুযায়ী ইহকালীন জীবন অতিবাহিত করবে, আল্লাহ তাদের সুখ-শান্তিময় বেহেশত প্রদান করবেন। শুধু তাই নয়, সেসব নেক আমলকারীকে সম্মানজনক পুরস্কার প্রদান করবেন।

আল্লাহতায়ালা ইরশাদ করেছেন, 'যারা ইমান আনে ও সৎকর্ম করে, তাদের জন্য আছে নিয়ামতে ভরা জান্নাত, সেখানে তারা স্থায়ী হবে। আল্লাহর প্রতিশ্রুতি সত্য। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।' (সুরা লুকমান, আয়াত: ৮-৯)

এ প্রসঙ্গে পবিত্র কুরআনে আল্লাহতায়ালা ঘোষণা করেছেন, 'আজ প্রত্যেককে তার কৃতকর্মের প্রতিফল দেওয়া হবে, আজ কারও প্রতি জুলুম করা হবে না। আল্লাহ হিসাব গ্রহণে তৎপর।' (সুরা আল-মুমিন, আয়াত: ১৭)

অন্য আয়াতে বলা হয়েছে, 'প্রত্যেকের মর্যাদা তার কর্মানুযায়ী, এটা এ জন্য যে আল্লাহ প্রত্যেকের কৃতকর্মের পূর্ণ প্রতিফল দেবেন এবং তাদের প্রতি অবিচার করা হবে না।' (সুরা আল আহকাফ, আয়াত: ১৯)

অন্য আয়াতে বলা হয়েছে, 'কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে তা দেখবে এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে তাও দেখতে পাবে।' (সুরা আজ-জিলজাল, আয়াত: ৭-৮)

এ জন্য মানবজাতিকে অপকর্ম প্রতিরোধের শিক্ষা দিয়ে নবি করিম (সা.) সাবধানবাণী ঘোষণা করেছেন, 'তোমাদের মধ্যে কেউ যদি কাউকে অন্যায় কাজ করতে দেখে, তাহলে সে যেন তার শক্তি দ্বারা তা প্রতিহত করে, যদি সে এতে অক্ষম হয়, তবে মুখ দ্বারা নিষেধ করবে, যদি সে এতেও অপারগ হয়, তবে সে অন্তর দ্বারা ঘৃণা পোষণ করবে।' (মুসলিম)

অপর এক স্থানে হজরত আলি (রা.) বর্ণনা করেন, 'দুনিয়া পৃষ্ঠপ্রদর্শন করছে আর আখিরাত সম্মুখে আসছে আর এদের প্রত্যেকটির সন্তানাদি রয়েছে। তবে তোমরা আখেরাতের সন্তান হও, দুনিয়ার সন্তান হয়ো না। কেননা এখন আমলের সময়, এখানে কোনো হিসেব নেই, আর আগামীকল হিসাব নিকাশ হবে, সেখানে আমল করার কোনো সুযোগ নেই' (বুখারি)। আমরা যদি ভাবি যে, এই দুনিয়া হচ্ছে আনন্দ-ফূর্তির জায়গা, যখন যা ইচ্ছে করবো, আমাকে কে ধরবে? তবে একটি কথা আমাদেরকে অবশ্যই মনে রাখতে হবে আর তা হচ্ছে, এই দুনিয়া এক পরীক্ষা কেন্দ্র। আমরা সবাই পরীক্ষা দিচ্ছি, যে ভালো পরীক্ষা দিবে, সে ভালো ফল লাভ করবে এটাই স্বাভাবিক। সেদিন কেউ বলতে পারবে না যে, হায়! আমি যদি আবার দুনিয়াতে যেতে পারতাম তাহলে ভালো কাজ করে আসতাম। আমরা যা কিছুই করি না কেন আল্লাহ তা জানেন ও দেখেন। আল্লাহতায়ালার সামনে আমাদেরকে উপস্থিত হতেই হবে এবং প্রত্যেক কর্মের হিসেব দিতে হবে।

পবিত্র কুরআনে আল্লাহপাক বলেন, 'আর তারা সবাই আল্লাহর সামনে উপস্থিত হবে। তখন দুর্বল লোকরা অহংকারীদেরকে বলবে, নিশ্চয় আমরা তোমাদেরই অনুসারী ছিলাম। অতএব, তোমরা আমাদের আযাবের কিছুটাও কি দূর করতে পার? তারা বলবে, আল্লাহ যদি আমাদেরকে হেদায়াত দিতেন, তাহলে আমরা অবশ্যই তোমাদেরকে হেদায়াত দিতাম। আমাদের জন্য এখন বিলাপ করা বা ধৈর্য ধারণ করা উভয়ই সমান। রক্ষা পাওয়ার কোনো পথ আমাদের নেই' (সুরা ইবরাহিম, আয়াত: ২১)।

আমাদেরকে যেদিন আল্লাহপাকের সামনে উপস্থিত করা হবে সেদিন কেউ কারো বোঝা বহন করার সুযোগ পাবে না। যার যার হিসাব তাকেই দিতে হবে এবং আল্লাহপাক চাইলে কাউকে ক্ষমাও করে দিতে পারেন। যেভাবে হাদিসে বর্ণিত হয়েছে, হজরত সাফওয়ান ইবনে মুহরাব (রা.) বর্ণনা করেছেন, এক ব্যক্তি হজরত ইবনে ওমর (রা.)-কে জিজ্ঞাসা করলো, কিয়ামতের দিন আল্লাহ ও ইমানদার বান্দার মধ্যকার গোপন আলোচনা সম্পর্কে হজরত নবি করিম (সা.)-কে আপনি কীভাবে বলতে শুনেছেন? তিনি বললেন, মহানবি (সা.) বলেছেন, 'তোমাদের মধ্যে এক ব্যক্তি তার রবের নিকটবর্তী হবে, এমন কি রব তার কুদরতি হাত সেই বান্দার ওপর রেখে দু'বার বলবেন, তুমি (দুনিয়ায়) অমুক অমুক কাজ করেছিলে। সে বলবে, জি হ্যাঁ। তিনি আবার জিজ্ঞাসা করবেন, তুমি কি এমন কাজ করেছিলে? সে বলবে, জি হ্যাঁ। এভাবে তার নিকট হতে এর স্বীকৃতি আদায় করা হবে, তারপর বলবেন, আমি দুনিয়ায় তোমার গুনাহ গোপন করে রেখেছি। আজ আমি তা মাফ করে দিচ্ছি' (বুখারি, কিতাবুল আজাব)।

আমাদেরকে এমনভাবে জীবন অতিবাহিত করতে হবে যেন আমার দ্বারা কোনোরূপ অন্যায় কাজ সংঘটিত না হয়। আমার হাত ও মুখ দ্বারা কারো ক্ষতি হোক এমন কোনো কাজ যেন আমি না করি। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই আমার কাছে থাকবে নিরাপদ। আল্লাহপাক আমাদেরকে প্রকৃত ইসলামের শিক্ষা অনুসরণ করে চলার তৌফিক দান করুন, আমিন।

**লেখক: প্রাবন্ধিক, ইসলামী চিন্তাবিদ**

# ভারত প্রীতি ও ভীতি!

রাজু আহমেদ

ভারত বাংলাদেশের নিকটতম প্রতিবেশী। বাংলাদেশের দীর্ঘতম সীমান্ত সংযোগ ভারতের সাথে। বাংলাদেশের স্বাধীনতা অর্জনে ভারতের ভূমিকা অনস্বীকার্য। তবে স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের সাথে ভারত ধীরে ধীরে রীতি-আচরণে প্রভু হয়ে ওঠে। দুর্বল প্রতিবেশীকে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা, ব্যবসায়িক নীতি-নৈতিকতা ভঙ্গ করে সতর্কতা ছাড়া আমদানি বন্ধ রাখা, সীমান্ত হত্যা ধারাবাহিকভাবে চালিয়ে যাওয়া এমনকি কোন দল বাংলাদেশের শাসনক্ষমতায় সরকার গঠন করবে তার নীতি নির্ধারণ করতেও ভারত কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূত শালীনতাহীন নগ্ন ভূমিকা পালন করেছে। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের নতজানু পররাষ্ট্রনীতির সুযোগ নিয়ে বাংলাদেশ থেকে অঙ্গরাজ্যের মত সুযোগ আদায় করা, অসময়ে নোটিশবিহীন বাঁধ খুলে দিয়ে বাংলাদেশের উত্তর ও পূর্বাঞ্চলে বন্যা চাপিয়ে দেওয়া, মোটকথা বাংলাদেশকে ভারত নির্ভর রাখতে যত ধরনের কূটকৌশল প্রয়োজন- সেসবের সব আয়োজন ভারত সেরেছে। ফলে বন্ধুপ্রতীম ভারতের সাথে ইতিহাসের সবচেয়ে তিক্ত বৈরিতা বাংলাদেশের সাধারণ জনসাধারণের মনে দানা বেঁধেছে। ধেয়ে এসেছে সন্দেহ। এমনকি পতিত সরকারের সাথে ভারত সরকারের সর্বোচ্চ সখ্যতার সময়েও ভারত বয়কট দাবি প্রবল আকার ধারণ করেছিল। ভারতীয় পণ্য বর্জন, ভারতে চিকিৎসা গ্রহণের হার কমে আসা, সেদেশে ঘুরতে যাওয়ার সংখ্যা তলানিতে নামা এবং বিভিন্ন উপলক্ষে সেখানে কেনাকাটা করতে যাওয়ার মানসিকতা হ্রাস পাওয়ার নজির বিগত কয়েক বছর জুড়েই ধারাবাহিকভাবে দেখা গেছে। ভারত কর্তৃক বাংলাদেশের মানুষের আবেগ-মনোভাবকে পাত্তা না দেওয়া, বাংলাদেশ সম্পর্কে বিতর্কিত মন্তব্য করা, মিডিয়ায় বাংলাদেশ বিরোধী প্রচারণা তুঙ্গে রাখা এবং ভারতের মুসলিম জনগোষ্ঠীর ধর্মীয় স্বাধীনতা পদদলিত করায় ভারত প্রীতি ক্ষতিগ্রস্ত হয়েছে। অথচ সময়ের পালাবদলে ভারতের সাথে বাংলাদেশের জনগণের সম্পর্ক অনন্য পর্যায়ের উচ্চতায় পৌঁছার দরকার ছিল। ঐতিহাসিক বাস্তবতায় ভারতের সাথে বাংলাদেশের সম্পর্কের মধুরতা ছিল। প্রতিবেশী হিসেবে বাংলাদেশ রাষ্ট্রের ব্যাপারে যে মনোভাব ও সম্মানের দৃষ্টি বজায় থাকার উচিত ছিল তা এনডিএ জোট সরকার ধরে রাখতে ব্যর্থ হয়েছে। তারা কেবল বাংলাদেশের বিগত সরকারের অ্যাজেন্ডা বাস্তবায়ন করেছে এবং নিজেদের প্রতিবেশী অসুলভ স্বার্থকে প্রাধান্য দিয়েছে। অথচ তিন মেয়াদের শাসনে পতিত সরকার অনেকাংশেই জনবিচ্ছিন্ন রাজনীতির পথে হেঁটেছে। ভারত সেটা বিবেচনায় না নিয়ে বরং মদদ দিয়েছে। অথচ ভারত যদি বিগত সরকারের প্রকৃত শুভাকাঙ্ক্ষী হতো তবে ফ্যাসিস্ট মনোভাব তৈরি করতে বাধা দিত। অন্যদিকে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের যে আংশিক সত্য এবং অধিক গুজব প্রোপাগান্ডা চলমান ছিল সেটা যাচাই-বাছাইহীন ভাবে কট্টরপন্থী হিন্দুত্ববাদী ভারত সরকার চরমভাবে লালন করেছে। ফলে বাংলাদেশের জনগণের সাথে ভারতীয় সরকারের দূরত্ব স্বাভাবিকভাবেই সৃষ্টি হয়েছে। তবে পশ্চিমবঙ্গ, আসাম এবং ত্রিপুরাসহ সমগ্র ভারতের শান্তিকামী, মানবিক, উদারচিন্তার, গণতন্ত্রমনা ও সচেতন ভারতীয়রা বাংলাদেশের সাধারণ জনগণের পক্ষে অবস্থান নিয়েছে। সাম্প্রতিক সময়ে ভারত নিবিড়ভাবে বাংলাদেশের পরিস্থিতি অবলোকন করছে। বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রীকে ভারতে আশ্রয় দিয়ে দ্বিপক্ষীয় সম্পর্ক কিছুটা শিথিল অথচ তিক্ত হয়েছে। এতে কার্যত ভারত ত্রিশঙ্কু দশায় পতিত হয়েছে। রাষ্ট্রীয় পর্যায়ের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের কেউ কেউ এমনকিছু মন্তব্য করছে যা স্বাভাবিক সম্পর্ককেও আরও অবনতির দিকে ধাবিত করবে। বিশ্ব অর্থনীতিতে ভারত অন্যতম উদীয়মান পরাশক্তি। তারা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্যপদ আশা করছে। অন্যদিকে প্রতিবেশী চীন, পাকিস্তান এমনকি নেপাল, ভূটানের মত ছোট্ট দেশের সাথেও বৈরিতার সম্পর্ক তৈরি হয়েছে। কালাপানি ও ডোকালামের দ্বন্দ্ব তিক্ততা বাড়াচ্ছে। এর মাঝে ভারত কর্তৃক বাংলাদেশকে আক্রমণ কিংবা দৃশ্যমান পর্যায়ের কোন ক্ষতিকর পদক্ষেপ গ্রহণ করলে সেটা ভারতকেই বিপদে ফেলবে। ইতোমধ্যে সেভেন সিস্টার্সে উত্তেজনা চলছে। সামনেই হরিয়ানা ও কাশ্মীরে নির্বাচন। সুতরাং ক্ষমতাসীন বিজেপী-জোটের ভোটে আঘাত আসতে দেওয়া উচিত হবে না। গুজরাটের রায়ট, বাবরি মসজিদের স্থানে রামমন্দির নির্মাণ, গোংমাস রান্নার অপরাধে মুসলিম পরিবারকে নির্যাতন এবং হত্যাসহ বিবিধ কারণে ভারতের বিরুদ্ধে বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মুসলিমদের সেন্টিমেন্ট প্রত্যাশার জায়গাটি হারিয়েছে। তিস্তার ন্যায্য পানি না দেওয়া, বাংলাদেশের উজানে বাঁধ দিয়ে পানি আটকে রাখা, রোহিঙ্গা প্রত্যার্পণ ইস্যুতে বাংলাদেশের পক্ষে ভোট না দিয়ে বিরত থাকা এমনকি চীনের বাংলাদেশে উন্নয়ন অংশীদার হওয়াকে অপছন্দ করা- এসব ভারতবিরোধী মনোভাবকে ত্বরান্বিত করেছে। ভারত বাংলাদেশের সাথে ন্যায্যতার ভিত্তিতে বন্ধুত্বপূর্ণ প্রতিবেশীসুলভ আচরণ করেনি বরং প্রভুত্ব কায়েম করতে চেয়েছে। ভারত সবসময় এমন সরকারকে বাংলাদেশের ক্ষমতায় দেখতে চেয়েছে যারা ভারতের ন্যায়-অন্যায় চাওয়া/দাবি অবলীলায় পূর্ণ করবে। শক্তিশালী প্রতিবেশী হিসেবে এ চাওয়াকে চাণক্যের পররাষ্ট্রনীতি অনুযায়ী অন্যায্য বলা চলে না অথচ যে প্রজন্মের কাছে বিশ্ব ইতিহাস স্পষ্ট, দ্বিপাক্ষিক সম্পর্ক, আন্তর্জাতিক আইন এবং ন্যায়নীতি ও স্বাধিকারের অকাট্য প্রমাণ বিদ্যমান তাদের থেকে অন্ধ আনুগত্য আশা করা বৌদ্ধিক দাবি হবে না। বাংলাদেশি তরুণ-যুবকরা আবরারের জীবন উৎসর্গের ত্যাগ দেখেছে. ফেলানীর গুলিবিদ্ধ নিথর দেহ সীমান্তের কাঁটাতারে ঝুলতে দেখেছে কিংবা ভারত থেকে নেমে আসা ঢলে উঠতি ফসল ভেসে যেতে দেখেছে। কাজেই সকল হিসাব-নিকাশ উপেক্ষা করে ভারত যদি কোন বিতর্কিত ইস্যু আমলে নিয়ে বাংলাদেশের অভ্যন্তরে আক্রমণ করার মত ভুলও করে তবে তা শোধহীন যাবে না। ভারতের সাথে বাংলাদেশের বন্ধুত্ব ন্যায্যতার ভিত্তিতে হোক। সংখ্যালঘু নির্যাতনের গুজবে যে ভারত প্রীত হয় সেই ভারতের তাদের নিজের দেশের বিভিন্ন সংখ্যালঘুদের অধিকারের ব্যাপারেও সজাগ ও সচেতন থাকা উচিত। সীমান্তে বিএসএফের গুলিতে শ্রী জয়ন্ত কুমার সিংহ কিংবা স্বর্ণা দাসের হত্যাকাণ্ড বাংলাদেশিদেরকে ব্যথিত করে এবং সীমান্তে সুন্দর সম্পর্কের খাতিরেই এসব বন্ধ করা আবশ্যক। বাংলাদেশের জন্ম ইতিহাসের সাথে যে দেশটির নাম ও অবদান সবচেয়ে বেশি জড়িত সেই দেশের সাথে এমন ছন্দহীন সম্পর্ক কাম্য নয়। ভারতের উচিত বাংলাদেশের জনগণের ইচ্ছাকে প্রাধান্য দেওয়া। তেমনি বাংলাদেশেরও উচিত তারা নিকটতম প্রতিবেশীর সাথে সদ্ভাব বজায় রাখা। শত্রুতায় কখনোই একপাক্ষিক ক্ষতি হয় না। বাংলাদেশ ভারতের মধ্যকার সীমান্ত চুক্তি, ছিটমহল বিনিময়, বন্দী প্রত্যার্পণ চুক্তি কিংবা গঙ্গা পানিবণ্টন চুক্তি দু'দেশের সম্পর্ক উন্নয়নের অনন্য উল্লেখযোগ্য নজির। সশস্ত্র বাহিনী ও সিভিল প্রশাসনের মধ্যে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে দু'দেশই লাভবান হচ্ছে। বাংলাদেশের সমুদ্রবন্দর ব্যবহার সুবিধা, আকাশসীমা এবং রেলযোগাযোগ ব্যবহার এবং করিডোর সুবিধা ভারতকে প্রভূত উপকার করছে। ট্রানজিট সুবিধা ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় অঞ্চলগুলোর সাথে অন্যান্য রাজ্যগুলোর দূরত্ব কমিয়ে এনেছে। পরিবহণ ব্যয় কমিয়েছে। সময় সাশ্রয় করছে। দু'দেশের মধ্যকার সংস্কৃতির বিনিময়, সাহিত্য বাজার সৃষ্টি এবং শিক্ষায় সক্ষমতা বিনিময় সিদ্ধান্তে দু'পক্ষই লাভবান। পশ্চিমবঙ্গের বাঙালিদের সাথে বাংলাদেশিদের ভাষাগত দূরত্ব এবং সৌহার্দ্য দীর্ঘদিনের। ভারতের বনেদি রাজনীতিবিদ, বিখ্যাত শিল্পী-কুশলীদের অনেকেরই আদি নিবাস বাংলাদেশ। রবীন্দ্রনাথ এবং নজরুল যেভাবে ভারতবাসীর সন্তান-সম্পদ তেমনি বাংলাদেশিদের জন্যও গর্বের জায়গা। রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত গীত বাংলাদেশের জাতীয় সংগীত। অথচ ভারত বাংলাদেশের দূরত্ব ক্রমাগত বাড়ছে। অতিরঞ্জিত ভারত প্রীতি এবং অহেতুক ভারত ভীতি দু'দেশের মানুষের জন্যই ক্ষতিকর। প্রতিবেশী দুর্বল হলেও তার সাথে সদাচার করা সবলের নৈতিক দায়িত্ব। অন্যদিকে ছোটদের উচিত বড়দের সম্মান নিশ্চিত রাখা। কূটনৈতিক সম্পর্কে নতজানু মনোভাব কিংবা উগ্রতা নয় বরং ন্যায্যতার ভিত্তিতেই আচরণের মানদণ্ড নির্ধারণ করতে হবে। প্রতিযোগিতামূলক উন্মুক্ত পৃথিবীতে কাছের প্রতিবেশীর সাথে যদি শত্রুতা থাকে তবে দূরের শত্রু উদ্দেশ্য সাধনে সহজেই সফল হয়। ভারত-বাংলাদেশের বিভেদ দূর হোক। দলের স্বার্থে নয় বরং দেশের স্বার্থে সম্পর্ক বজায় থাকুক। যৌথ সম্পর্কের সেতুতে কাউকে পশ্চাতে রেখে কেউ উন্নতির শিখরে আরোহণ করতে পারে না। বন্ধুপ্রতীম সম্পর্কের রেশ সমান্তরালে চললে তবেই দু'পক্ষের স্বার্থ রক্ষা পাবে। বাংলাদেশের জাতীয় ক্রিকেট দল ছাড়া ভারতীয় ক্রিকেট দলের সাথে যদি ভিন্ন কোনো দেশের খেলা হয় তখন দেশের অধিকাংশ দর্শক ভারতের ক্রিকেট সমর্থন করে। শচীন-সৌরভদের ভক্ত অনুরক্তের সংখ্যা বাংলাদেশেও অল্প নয় বরং গল্প করার মতই। আইপিএলের সময় ভারতের বিভিন্ন ফ্র্যাঞ্চাইজির সমর্থনে বাংলাদেশের মহল্লায় মহল্লায় উৎসব হয়, ভারতীয় নাটক-সিনেমার বিপুল দর্শক ও বাজার বাংলাদেশ। বিভিন্ন পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ ভারতের অন্যতম বৃহত্তম ক্ষেত্র। কাজেই ভ্রাতৃপ্রতীম ভারতের সাথে বাংলাদেশের শত্রুতা নয় বরং গভীর বন্ধুত্বই কাম্য। ক্ষমতার পালাবদল একটি স্বাভাবিক প্রক্রিয়া। কেউ সব ভালোকাজ করেও চিরদিন ক্ষমতায় থাকতে পারবে না আবার কেউ স্বৈরাচার হয়েও জনগণকে দমিয়ে রাখতে পারবে না।

জনগণের রুচি পরিবর্তন হয়। কিছুদিন একদল থাকবে আবার অন্যদল ক্ষমতায় আসবে। এতে ভারসাম্য রক্ষা পায় এবং দুর্নীতি কমে। বাংলাদেশের রাষ্ট্রীয় ক্ষমতায় কারা অধিষ্ঠিত হবে তা বাংলাদেশের জনগণ কর্তৃক নির্ধারিত হবে। ভারত যদি এখানে হস্তক্ষেপ করে, তাদের গোয়েন্দা সংস্থা দিয়ে ষড়যন্ত্র চালায় তবে তা আকাঙ্ক্ষিত ও গ্রহণযোগ্য হবে না। কোন দল বিশেষের সাথে নয় বরং চৌকস কূটনৈতিক সম্পর্ক দেশের সাথে হওয়া উচিত। কোন নির্দিষ্ট রাজনৈতিক দলের সাথে বন্ধুত্ব নয় বরং দ্বিপাক্ষিক সম্পর্ক হবে দু'দেশের মধ্যে। নিরবচ্ছিন্ন গণতন্ত্রের দেশ, ভবিষ্যতের সম্ভাব্য সুপার পাওয়ার, বিশ্বের অন্যতম জাতিরাষ্ট্র এবং দ্বিতীয় সর্বোচ্চ জনসংখ্যার দেশ তথা ভারতের সাথে বাংলাদেশের সীমানা রয়েছে- এটা বাংলাদেশের জন্য ভাগ্যের ব্যাপার। তবে সেই ভাগ্য সৌভাগ্যে পূর্ণ হবে সমতায়। ভারত চলবে ন্যায্যতায়- এই দৃষ্টিভঙ্গি অচিরেই সৃষ্টি হোক। নয়তো দুর্বল ঘাসেও ভাঙনের শুরু করিয়ে দিতে পারে।

**লেখক : কলামিস্ট**

## প্রথমবার ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্রের ‘ঝলক’ দেখাল উত্তর কোরিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** একনায়ক শাসিত দেশ উত্তর কোরিয়া প্রথমবারের মত তাদের পারমাণবিক অস্ত্র তৈরির কাঁচামাল বা জ্বালানি হিসেবে ব্যবহৃত ইউরেনিয়ান সমৃদ্ধ করার একটি কেন্দ্রের ভেতরের অবস্থার এক ঝলক দেখিয়ে দিল বিশ্ববাসীকে। দেশটির নেতা কিম জং-উনের ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্রের সেন্ট্রিফিউজ পরিদর্শন করার সময়ের ছবি গতকাল শুক্রবার প্রকাশ করা হয়েছে বলে তথ্য দিচ্ছে বিবিসি। বিশেষজ্ঞদের উদ্ধৃত করে এই ব্রিটিশ সংবাদমাধ্যমটি লিখেছে, এর মাধ্যমে উত্তর কোরিয়া তাদের পারমাণবিক শক্তিমত্তার বহিঃপ্রকাশ ঘটিয়ে এই বার্তা দিতে চাইছে যে, এ ক্ষেত্রে পিয়ংইয়ংয়ের অগ্রগতিকে আর পিছু হটানোর সামর্থ কারও নেই।

গতকাল শুক্রবার কোরিয়ান সেন্ট্রাল নিউজ এজেন্সি-কেসিএনএ লিখেছে, ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র পরিদর্শনকালে কিম জং-উন তার দেশের পারমাণবিক অস্ত্রের উৎপাদন বৃদ্ধির নির্দেশ দিয়েছন। ছবিতে দেখা যাচ্ছে, সারি সারি সেন্ট্রিফিউজের পাশ দিয়ে হাঁটছেন কিম। সেখানে সামরিক কর্মকর্তাদের সঙ্গে কথা বলতে দেখা যায় তাকে। কেসিএনএ এর খবরে বলা হয়েছে, “উৎপাদন লাইনের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে জানতে কিম ইউরেনিয়াম সমৃদ্ধকরণ ঘাঁটির নিয়ন্ত্রণ কক্ষও ঘুরে দেখেন।” এদিকে দক্ষিণ কোরিয়ার সরকার উত্তর কোরিয়ার অস্ত্রের জ্বালানি উৎপাদন বাড়ানোর পরিকল্পনার তীব্র নিন্দা করেছে। বিবিসি লিখেছে, কিম খুব গোপনেই এই সফর সেরেছেন। পশ্চিমা পারমাণবিক অস্ত্র বিশেষজ্ঞরা দীর্ঘদিন ধরে সন্দেহ করে আসছেন যে, উত্তর কোরিয়া ইয়ংবিয়ন সাইট ছাড়াও গোপনে বেশ কয়েকটি ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র চালু রেখেছে। সিউলের ইওয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক লেইফ-এরিক ইজলি বলেন, “উত্তর কোরিয়া পারমাণবিক দিক থেকে কতটা শক্তিশালী দেশ, সেটা জাহির করতেই হয়ত এই ছবি প্রকাশ করেছে।”

কোরিয়া ইনস্টিটিউট ফর ন্যাশনাল ইউনিফিকেশনের জ্যেষ্ঠ বিশ্লেষক হং মিন বার্তা সংস্থা এএফপিকে বলেন, “ছবিগুলো যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনের জন্য একটি 'সতর্ক বার্তা'ও হতে পারে।”

# ফের ন্যাটোর উদ্দেশে পুতিনের হুমকি

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়ার গভীরে দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবহার করে হামলার ছাড়পত্র দিলে ন্যাটো সরাসরি ইউক্রেন যুদ্ধে জড়িয়ে পড়বে বলে রাশিয়ার প্রেসিডেন্ট হুঁশিয়ারি দিয়েছেন। গতকাল শুক্রবার মার্কিন ও ব্রিটিশ শীর্ষ নেতারা সেই সিদ্ধান্ত নিতে পারেন। ২০২২ সালে ইউক্রেনের ওপর হামলা শুরুর পর থেকেই রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন পশ্চিমাবিশ্বের উদ্দেশে একাধিক হুমকি দিয়েছেন। ইউক্রেনের জন্য কোনো বিশেষ অস্ত্র বা সামরিক সহায়তার সম্ভাবনা দেখা দিলেই তিনি সরাসরি ন্যাটোর সঙ্গে রাশিয়ার সামরিক সংঘাত সম্পর্কে সতর্ক করে দিয়েছেন। তাতে কিছুটা কাজও হয়েছে। কিছু পশ্চিমা নেতা দ্বিধা-দ্বন্দ্ব দেখিয়ে সহায়তায় বিলম্ব করেছেন অথবা অস্ত্র সরবরাহ করেও সেটির প্রয়োগের ওপর কিছু শর্ত বসিয়েছেন। এবার ইউক্রেন রাশিয়ার ভূখণ্ডের গভীরে ক্ষেপণাস্ত্র হামলার ছাড়পত্র চাইতে রুশ প্রেসিডেন্ট আবার তার ‘লাল সীমা’ নিয়ে তর্জনগর্জন করছেন। পুতিন গত বৃহস্পতিবার সেন্ট পিটার্সবার্গ শহরে বলেন, ন্যাটো দেশগুলো ইউক্রেনকে রাশিয়ার ভূখণ্ডের গভীরে হামলার সবুজ সংকেত দিলে রাশিয়া সেই পদক্ষেপকে ন্যাটোর যুদ্ধে প্রবেশ হিসেবে গণ্য করবেন। তার বক্তব্য, সে ক্ষেত্রে হুমকি অনুযায়ী রাশিয়া উপযুক্ত সিদ্ধান্ত নেবে। এদিকে গতকাল শুক্রবার মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার ওয়াশিংটনে তাদের আলোচনায় ইউক্রেনের অনুরোধ বিবেচনা করে সিদ্ধান্ত নিতে



পারেন। একাধিক সংবাদমাধ্যমের সূত্র অনুযায়ী, এই দুই দেশ ইউক্রেনকে দূরপাল্লার ক্ষেপণাস্ত্র প্রয়োগের ক্ষেত্রে আরো স্বাধীনতা দিতে চলেছে। তবে বাইডেন ও স্টারমার সম্ভবত সরাসরি এমন ঘোষণা করবেন না বলে নাম প্রকাশে অনিচ্ছুক দুই মার্কিন কর্মকর্তা সংবাদ সংস্থা এপিকে জানিয়েছেন। অন্যদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভোলোদোমির জেলেনস্কি চাইছেন, রাশিয়ার যেসব সামরিক ঘাঁটি থেকে ইউক্রেনের ওপর আকাশপথে হামলা চালানো হচ্ছে, তার দেশ সেগুলোর ওপর ক্ষেপণাস্ত্র হামলা চালানোর ‘ন্যায্য’ অধিকার প্রয়োগের ছাড়পত্র পাক। আসন্ন শীতকালের আগে রাশিয়া ইউক্রেনের বিদ্যুৎ অবকাঠামোর ওপর আবার হামলা শুরে করে দেওয়ায় জেলেনস্কি দ্রুত পালটাহামলা চালাতে চাইছেন। সেই সঙ্গে তিনি রাশিয়ায় হামলা চালাতে যুক্তরাষ্ট্রের উদ্দেশে অ্যাটাকাম্‌স নামের দূরপাল্লার আরো অস্ত্র পাঠানোর অনুরোধ করছেন। তবে ৩০০ কিলোমিটারেরও বেশি দূর থেকে রাশিয়া তার গ্লাইড বোমা নিক্ষেপ করে যে হামলা চালাচ্ছে, সেই মার্কিন ক্ষেপণাস্ত্র সেই ঘাঁটির নাগাল পাবে না বলে মার্কিন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক মুখপাত্র জানিয়েছেন। এর আগে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন গত সপ্তাহে বলেন, ইউক্রেনকে দূরপাল্লার অস্ত্র প্রণালি দিলেই যুদ্ধক্ষেত্রে কোনো বড় সাফল্য আশা করা যাবে না। তিনি মনে করিয়ে দেন, ইউক্রেন ইতোমধ্যে নিজস্ব অস্ত্র ও ড্রোন প্রয়োগ করে রাশিয়ায় হামলা চালাতে পারছে।



# গাজায় ইসরায়েলি হামলায় ৪০ ফিলিস্তিনি নিহত

**আন্তর্জাতিক ডেস্ক :** গাজা উপত্যকায় ইসরায়েলি বর্বর হামলায় আরও ৪০ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এতে করে উপত্যকাটিতে নিহতের মোট সংখ্যা ৪১ হাজার ১০০ ছাড়িয়ে গেছে। এ ছাড়া গত বছরের অক্টোবর থেকে চলা এই হামলায় আহত হয়েছেন আরও ৯৫ হাজারের বেশি ফিলিস্তিনি। গতকাল শুক্রবার এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম আল জাজিরা। সাংবাদমাধ্যমটি বলছে, ইসরায়েলের সামরিক বাহিনী গাজায় তাদের বর্বর আগ্রাসন অব্যাহত রেখেছে এবং আরও ৪০ ফিলিস্তিনিকে হত্যা করেছে। এ ছাড়া গাজায় জাতিসংঘ পরিচালিত একটি স্কুলে হামলা চালিয়ে কমপক্ষে ১৮ জনকে হত্যার দায়ে ইসরায়েল আন্তর্জাতিক নিন্দার সম্মুখীন হয়েছে। ওই হামলায় নিহতদের মধ্যে জাতিসংঘের ৬ সহায়তা কর্মীও রয়েছেন। এদিকে পৃথক প্রতিবেদনে বার্তাসংস্থা আনাদোলু বলেছে, গাজা উপত্যকায় ইসরায়েলের চলমান হামলায় কমপক্ষে আরও ৩৪ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এতে করে গত বছরের অক্টোবর থেকে এ পর্যন্ত মোট মৃতের সংখ্যা বেড়ে ৪১ হাজার ১১৮ জনে পৌঁছেছে বলে গত বৃহস্পতিবার অবরুদ্ধ এই ভূখণ্ডের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে। মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, নিরলস এই হামলায় আরও অন্তত ৯৫ হাজার ১২৫ জন ব্যক্তিও আহত হয়েছেন।

মন্ত্রণালয় বলেছে, গত ২৪ ঘণ্টায় ইসরায়েলি বাহিনীর অব্যাহত আগ্রাসনে ৩৪ জন নিহত এবং আরও ৯৬ জন আহত হয়েছেন। অনেক মানুষ এখনও ধ্বংসস্তূপের নিচে এবং রাস্তায় আটকা পড়ে আছেন কারণ উদ্ধারকারীরা তাদের কাছে পৌঁছাতে পারছেন না। ফিলিস্তিনি স্বাস্থ্য কর্তৃপক্ষ মনে করছে, গাজা উপত্যকা জুড়ে ধ্বংস হওয়া বাড়ির ধ্বংসস্তূপের নিচে এখনও ১০ হাজারেরও বেশি লোক নিখোঁজ রয়েছেন। মূলত গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির দাবি জানিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাব সত্ত্বেও ইসরায়েল অবরুদ্ধ এই ভূখণ্ডে তার নৃশংস আক্রমণ অব্যাহত রেখেছে।

# ইরানে ৪ ইউরোপীয় রাষ্ট্রদূতকে তলব

**আন্তর্জাতিক ডেস্ক :** ইরান গত বৃহস্পতিবার চারজন ইউরোপীয় রাষ্ট্রদূতকে তলব করেছে, যাদের দেশ ইউক্রেন যুদ্ধে ব্যবহারের জন্য রাশিয়ায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র সরবরাহ করার অভিযোগ তুলে ইরানের ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করেছে। তেহরান অবশ্য এ অভিযোগ অস্বীকার করেছে। ইরানের সরকারি সংবাদ সংস্থা ইরনা জানিয়েছে, ব্রিটিশ, ডাচ, ফরাসি ও জার্মান রাষ্ট্রদূতদের ‘ইউরোপীয় পক্ষগুলোর নিষেধাজ্ঞা ও অগঠনমূলক মন্তব্যের পর পররাষ্ট্র মন্ত্রণালয় তলব করেছে’। এর আগে ব্রিটেন, ফ্রান্স ও জার্মানি গত মঙ্গলবার ইরানের বিমান পরিবহনকে লক্ষ্য করে নতুন নিষেধাজ্ঞা ঘোষণা করেছে। দেশগুলো বলছে, ইউক্রেনে যুদ্ধে ব্যবহারের জন্য রাশিয়ার কাছে তেহরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র সরবরাহের প্রতিক্রিয়া হিসেবে এ পদক্ষেপ নিয়েছে তারা। তিনটি ইউরোপীয় দেশ এক যৌথ বিবৃতিতে বলেছিল, ‘আমরা ইরানের সঙ্গে দ্বিপক্ষীয় বিমান পরিষেবা চুক্তি বাতিলের জন্য অবিলম্বে পদক্ষেপ নেব। ইরান এয়ারের ওপর নিষেধাজ্ঞা আরোপের জন্য কাজ করব। পরে নেদারল্যান্ডস ক্ষেপণাস্ত্র স্থানান্তরের অভিযোগে গত বুধবার ইরানের রাষ্ট্রদূতকে তলব করে বলে ইরানি গণমাধ্যম জানায়। এর ফলে তেহরানও পাল্টা ব্যবস্থা গ্রহণ করল। এ ছাড়া ব্রিটেন গত বুধবার লন্ডনে ইরানের দূতকে তলব করে সতর্ক করে, যদি তার সরকার ইউক্রেনে ব্যবহারের জন্য রাশিয়াকে ক্ষেপণাস্ত্র সরবরাহ অব্যাহত রাখে তবে তারা একটি ‘গুরুত্বপূর্ণ প্রতিক্রিয়ার’ সম্মুখীন হবে। একই সঙ্গে যুক্তরাষ্ট্রও ইরানের ওপর নিষেধাজ্ঞা বাড়িয়েছে, যার মধ্যে রয়েছে জাতীয় পতাকাবাহী ইরান এয়ারের ওপর নিষেধাজ্ঞা। মার্কিন ট্রেজারি বিভাগ গত মঙ্গলবার জানিয়েছে, ইরানের এই এয়ারলাইন ‘রুশ ফেডারেশনের অর্থনীতির পরিবহন খাতে কাজ করছে বা কাজ করেছে।’ ইরনা জানিয়েছে, পররাষ্ট্র মন্ত্রণালয় বৃহস্পতিবারের বৈঠকে ইউরোপীয় কর্মকর্তাদের সাম্প্রতিক নেতিবাচক পদক্ষেপ ও বিবৃতির ‘তীব্রভাবে নিন্দা’ করেছে। তারা বলেছে, ‘এমন অবস্থান ও পদক্ষেপ গ্রহণের ওপর জোর দেওয়া ইরানি জনগণের বিরুদ্ধে পশ্চিমের বৈরী নীতির ধারাবাহিকতা হিসেবে বিবেচিত হয়।’ এদিকে ইউক্রেন যুদ্ধে ব্যবহারের জন্য রাশিয়াকে কোনো অস্ত্র সরবরাহ করার কথা অস্বীকার করে ইরান নতুন নিষেধাজ্ঞার জবাব দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। সূত্র : এএফপি



## খারকিভে রুশ হামলায় নিহত ৩

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের উত্তর-পূর্বাঞ্চলীয় খারকিভ শহরের একটি গ্রামে রাশিয়ার হামলায় তিনজন নিহত হয়েছে। এ সময় আহত হয়েছেন আরও নয়জন। স্থানীয় সময় গত বৃহস্পতিবার এই ঘটনা ঘটেছে বলে জানিয়েছেনি আঞ্চলিক প্রসিকিউটর।

ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স এই খবর জানিয়েছে। একটি বিবৃতিতে বলা হয়, হাসপাতালে চিকিৎসাধীন এক ব্যক্তির মৃত্যু হয়। বরোভা গ্রামে হামলায় আহত হওয়ার পর তাকে হাসপাতালে ভর্তি করা হয়। খারকিভ ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম শহর।

এটি বারবার রুশ হামলার শিকার হয়। স্বারাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ঘটনাস্থল জরুরি পরিষেবাগুলো কাজ করছে। মস্কোর হামলায় আহতদের মধ্যে তিনজন দমকল বাহিনীর সদস্য। প্রসিকিউটর জানিয়েছে,খারকিভের কিভস্কি জেলায় রুশ হামলায় আরও ৫ জন আহত হন। সীমান্তবর্তী সুমি অঞ্চলের কর্মকর্তা বলেছেন, ইয়ামপিল শহরে রাশিয়ার হামলায় একজন নিহত হয়েছেন। রাশিয়ার কুরস্কের একদম বিপরীতে সুমি অঞ্চল অবস্থিত। গত মাসে অঞ্চলটিতে আকস্মিক হামলা শুরু করেছিল ইউক্রেন।

# ভারতে মূল্যস্ফীতি ৪ শতাংশের নিচে

**আন্তর্জাতিক ডেস্ক :** চলতি বছরের আগস্টে ভারতের মূল্যস্ফীতি দাঁড়িয়েছে ৩ দশমিক ৬৫ শতাংশে, যা জুলাইয়ের ৩ দশমিক ৬ শতাংশের চেয়ে সামন্য বেশি। দেশটির সরকারি পরিসংখ্যানে এমন চিত্র পাওয়া গেছে। ভারতের এই খুচরা মূল্যস্ফীতি কেন্দ্রীয় ব্যাংকের লক্ষ্যমাত্রা ২ থেকে ৬ শতাংশের মধ্যেই রয়েছে। তাছাড়া এটি আদর্শমাত্রা ৪ শতাংশের নিচে। তাছাড়া জুলাইতে দেশটির ইন্ডাস্ট্রিয়াল উৎপাদন প্রবৃদ্ধির হার পৌঁছেছে ৪ দশমিক ৮ শতাংশ, যা জুনের রেকর্ড ৪ দশমিক ৭ শতাংশ থেকে সামান্য বেশি। ভারতের পরিসংখ্যান মন্ত্রণালেয়র তথ্য অনুযায়ী, গত পাঁচ বছরের মধ্যে এটি দ্বিতীয় সর্বনিম্ন মূল্যস্ফীতি। দেশটিতে গ্রাম ও শহরের মূল্যস্ফীতি দাঁড়িয়েছে ৪ দশমিক ১৬ শতাংশ ও ৩ দশমিক ১৪ শতাংশ যথাক্রমে। আগস্টে দেশটির খাদ্য মূল্যস্ফীতি দাঁড়িয়েছে ৫ দশমিক ৬৬ শতাংশে, যা ২০২৩ সালের জুনের পর দ্বিতীয় সর্বনিম্ন। চলতি বছরের আগস্টে জার্মানির মূল্যস্ফীতি কমে তিন বছরের মধ্যে সর্বনিম্ন হয়েছে। এমন পরিস্থিতিতে ইউরোপের কেন্দ্রীয় ব্যাংকের সুদের হার কমানোর পদক্ষেপ সহজ হবে। আগস্টে দেশটির মূল্যস্ফীতি কমে ২ দশমিক শূন্য শতাংশ হয়েছে, যা ২০২১ সালের জুনের পর সর্বনিম্ন। এ ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রেখেছে জ্বালানির দাম।

## নবীকে নিয়ে ‘কটূক্তি’, থানার ভেতরই একজনকে হত্যা করল পুলিশ

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় শহর কোয়েটায় থানার ভেতরে এক ব্যক্তিকে গুলি করে হত্যার অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। ধর্ম অবমাননার অভিযোগে নিহত ওই ব্যক্তিকে আটক করা হয়েছিল। খবর এবিসি নিউজের। প্রতিবেদনে বলা হয়েছে, নিহত ব্যক্তির নাম সায়েদ খান। পুলিশ বলছে, সায়েদ খানকে গত বুধবার বিক্ষুব্ধ জনতার হাত থেকে ছিনিয়ে নেওয়ার পর আটক করে থানায় আনা হয়। বিক্ষুব্ধ জনতার দাবি, তিনি মহানবী হযরত মুহাম্মদ (সা.)- কে অপমান করেছেন।

## তথ্যপ্রযুক্তি

# বিশ্বজুড়ে অচল মাইক্রোসফটের বিভিন্ন পরিষেবা




**তথ্যপ্রযুক্তি ডেস্ক :** প্রযুক্তি আর ইন্টারনেটের এই যুগে মাঝেমধ্যেই বিভিন্ন বহুল ব্যবহৃত পরিষেবা বা প্ল্যাটফর্মকে অচল হতে দেখা যায়। তবে এবার এই তালিকায় যেন মোটা অক্ষরে নাম লেখাল প্রসিদ্ধ প্রযুক্তি প্রতিষ্ঠান মাইক্রোসফট! বিশ্বজুড়ে আবারও অচল হয়ে পড়েছে প্রতিষ্ঠানটির বিভিন্ন পরিষেবা।

মাইক্রোসফট ৩৬৫ স্যুট, টিমস, আউটলুকসহ মাইক্রোসফটের বিভিন্ন পরিষেবা ব্যবহার করতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন বিপুল সংখ্যক ব্যবহারকারী। মাইক্রোসফট ৩৬৫ সফ্টওয়্যার স্যুটে ওয়ার্ড এবং এক্সেল ছাড়াও আরও অনেক টুল অন্তর্ভুক্ত রয়েছে। মাইক্রোসফট ইতোমধ্যে তাদের সমস্যার কথা স্বীকার করেছে। এর আগে, জুলাইয়ের শুরুতে ক্রাউডস্ট্রাইক আপডেটের কারণে মাইক্রোসফট উইন্ডোজ দ্বারা চালিত লাখ লাখ কম্পিউটারে সমস্যা দেখা দিয়েছিল। বিশ্বজুড়ে একাধিক ল্যাপটপে হঠাৎ করেই ব্লু স্ক্রিন অব ডেথ-এর সমস্যা দেখা দিয়েছিল। একটি এক্স পোস্টে মাইক্রোসফটের পক্ষ থেকে বলা হয়েছে, আমরা একটি গুরুতর সমস্যা নিয়ে তদন্ত করছি, এই সমস্যার কারণে অনেক ব্যবহারকারী মাইক্রোসফটের একাধিক সেবা ব্যবহার করতে পারছেন না। আরও তথ্য এবং আরও আপডেটের জন্য দয়া করে অ্যাডমিন সেন্টারে গঙ৮৮৮৪৭৩ কোডনেমের পোস্ট দেখুন। মাইক্রোসফট আরও বলেছে, আমরা নেটওয়ার্ক টেলিমেট্রি এবং আমাদের নেটওয়ার্কিং অবকাঠামোতে করা সাম্প্রতিক পরিবর্তনগুলো পরীক্ষা করছি। উপরন্তু, আমরা কারণ বোঝার জন্য একটি থার্ড পার্টি আইএসপির সঙ্গে কাজ করছি। এর কিছুক্ষণ পরেই মাইক্রোসফটের পক্ষ থেকে বলা হয়, আমরা নিশ্চিত হয়েছি যে, থার্ড পার্টি আইএসপির করা একটি পরিবর্তনের কারণে এই সমস্যা হয়েছে। আইএসপি পরিবর্তনটি সঠিক কাজ করেনি এবং আমরা এখন সমস্যা ঠিক করার কাজ করছি। লেটেস্ট আপডেটের জন্য https://status.cloud.microsoft ওয়েবসাইটে ভিজিট করুন। ডাউনডিটেক্টরের তথ্য অনুযায়ী, এখনো পর্যন্ত মাইক্রোসফট ৩৬৫ নিয়ে ২০ হাজারের বেশি মানুষ সমস্যার কথা জানিয়েছে। এ ছাড়া প্রায় চার হাজার ব্যবহারকারী মাইক্রোসফট টিমস অ্যাপে সমস্যার কথা জানিয়েছেন।

## পানির সন্ধানে চাঁদে ড্রিল মেশিন পাঠানোর উদ্যোগ

**তথ্যপ্রযুক্তি ডেস্ক :** চাঁদ নিয়ে বিশ্ববাসীর জল্পনা-কল্পনার শেষ নেই। ২০০৯ সালে যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসা’র লুনার ক্রেটার অবজারভেশন অ্যান্ড সেন্সিং স্যাটেলাইট চাঁদে পানির থাকার বিষয়টি নিশ্চিত করেছে। এরপর কেটেছে বহু বছর, চলেছে আরও বৃহৎ গবেষণা। এবার সেই পানির খোঁজ নিতে চাঁদে ড্রিল মেশিন পাঠানোর উদ্যোগ নিচ্ছে ইউরোপীয় মহাকাশ গবেষণা সংস্থা ইউরোপিয়ান স্পেস এজেন্সি বা ইএসএ। সংস্থাটি এক ঘোষণায় ২০২৭ সালে নিজেদের ‘প্রসপেক্ট’ প্যাকেজের মাধ্যমে চাঁদে যাত্রার বিষয়টি নিশ্চিত করেছে। বিশ্লেষকরা চাঁদের প্রতি সবার আগ্রহ দেখে বলছেন, চাঁদ কি আবার মানুষকে টানছে? সাম্প্রতিক চাঁদে অভিযান যেন সবারই আগ্রহের লক্ষ্য হয়ে উঠেছে। তবে কি ভবিষ্যতে মানব অভিযাত্রীরা চাঁদে স্থায়ী ঘাঁটিতে থাকবেন। যদিও এ স্বপ্নকে বাস্তব রূপ দেওয়ার পথে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে পানি। আর ‘প্রসপেক্ট’ প্যাকেজটিকে তৈরি করা হয়েছে ড্রিল ও ক্ষুদ্র পরীক্ষাগার নিয়ে, যা চাঁদের পানি ও অন্যান্য উদ্বায়ী উপাদান অনুসন্ধানের জন্য কাজ করবে। এ প্রকল্পটি চাঁদে মানুষের অনুসন্ধানের পথকে আরও প্রশস্ত করবে বলে দাবি সংস্থাটির। নাসা আগেই জানিয়েছিল, প্রাথমিকভাবে চাঁদের মেরু অঞ্চলের স্থায়ীভাবে ছায়াযুক্ত বিভিন্ন গর্তে বরফ আকারে রয়েছে পানি, যা একটি গুরুত্বপূর্ণ আবিষ্কার ছিল।



# আইফোন এলো ৪টি মডেলে

**তথ্যপ্রযুক্তি ডেস্ক :** বিশ্ব প্রযুক্তির ক্যালেন্ডারে সেপ্টেম্বর মানেই উত্তেজনা আর উন্মাদনা। কারণটা অবশ্যই আইফোন। বছর ঘুরে সেপ্টেম্বর মানেই দুনিয়াকে বদলে দেওয়া আইফোন নিয়ে আসে তাদের সবশেষ সংস্করণ। যুক্তরাষ্ট্রে অ্যাপল এবার তাদের আইফোনের চারটি মডেল উন্মোচনের আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছে। ১৬ সিরিজের চারটি মডেলে প্রসেসরের গতি, ক্যামেরা, ব্যাটারি লাইফ, রঙের বৈচিত্র্যে আইফোন চমকের পর চমক নিয়ে হাজির।

১৬ আর ১৬ প্লাস মডেল দুটিতে যথাক্রমে ১২৮, ২৫৬ ও ৫১২ গিগাবাইটের স্টোরেজ থাকবে। শুধু ১৬ প্রো আর প্রো ম্যাক্স মডেল দুটিতে ক্রেতারা এক টেরাবাইট স্টোরেজের সংস্করণ কিনতে পারবেন। আইফোন ১৬ এবং ১৬ প্লাস মডেলে যথাক্রমে ৬.১ ও ৬.৭ ইঞ্চি ডিসপ্লে। অন্যদিকে ১৬ প্রো ও প্রো ম্যাক্স মডেলে যথাক্রমে ৬.৩ ও ৬.৯ ইঞ্চি ডিসপ্লে পাবেন ভক্তরা। আইফোন ১৬ ও ১৬ প্লাস মডেলে এ১৮ চিপসেট ও ইউএসবি টাইপ সি চার্জিং পোর্ট থাকবে, যা সর্বশেষ মডেলে ব্যবহৃত এ১৬ চিপসেটের তুলনায় আইফোনকে ৩০ ভাগ গতিশীল করবে। সুতরাং ডিসপ্লে, গতি আর ব্যাটারি প্রশ্নে উল্লেখযোগ্য পরিবর্তন দৃশ্যমান হলো আইফোন ১৬ সিরিজের প্রতিটি মডেলে। ১৬ প্রো ও ১৬ প্রো ম্যাক্স মডেল দুটিতে গতির সঙ্গে সর্বোচ্চ এক টেরাবাইট স্টোরেজ পাওয়া যাবে। তবে স্টোরেজ বেশি পেতে গুনতে হবে বাড়তি বাজেট। ক্যামেরায় ৪৮ মেগাপিক্সেল সেন্সর ও ১২ মেগাপিক্সেল আল্ট্রা ওয়াইড সুবিধা যুক্ত হবে। দৃশ্যমান হবে ক্যামেরা কন্ট্রোল বাটন, যা আগের রিং/সাইলেন্ট বাটনের বদলে আসবে। ফাইভএক্স টেলিফটো লেন্স ক্যামেরা ভক্তদের দেবে অভূতপূর্ব ছবি তোলার সুবিধা। প্রো মডেল দুটির সংস্করণে থাকবে তারহীন (ওয়্যারলেস) চার্জিং সুবিধা। আইফোন ১৬ সিরিজের দাম ৭৯৯ ডলার থেকে শুরু। অন্যদিকে প্রো মডেলের দাম ৯৯৯ ডলার থেকে শুরু বলে নির্মাতা সূত্রে জানা গেছে।

# ইনস্টাগ্রাম স্টোরিতে যুক্ত হচ্ছে নতুন ফিচার

**তথ্যপ্রযুক্তি ডেস্ক :** জনপ্রিয় সামাজিকমাধ্যম প্ল্যাটফর্ম হচ্ছে ইনস্টাগ্রাম। অবসর সময়ে ইনস্টাগ্রামে ভিডিও দেখে সময় কাটে আপনার। আবার নানান ভিডিও, কেনাকাটা, ছবি, ভিডিও শেয়ার করেন নিয়মিত। নিজের খুশির মুহূর্তগুলো ধরে রাখেন ফ্রেমবন্দি করে, শেয়ার করেন ইনস্টাগ্রামে। হাজার হাজার লাইক, কমেন্টে ভরে যাচ্ছে সেই পোস্ট। ইনস্টাগ্রামের জনপ্রিয় একটি ফিচার হচ্ছে স্টোরি। এবার সে স্টোরিতে নতুন সুবিধা নিয়ে এলো ইনস্টাগ্রাম। নতুন ফিচার সবার জন্য চালু হয়ে গেলে স্টোরিতে কমেন্ট করতে পারবেন তারা, যেসব ইনস্টাগ্রাম স্টোরি পাবলিক অপশনে শেয়ার করা থাকবে সেখানে এই কমেন্ট করা যাবে। এতদিন ইনস্টাগ্রাম স্টোরি ২৪ ঘণ্টার জন্য স্থায়ী হয়। তার ফলে এই স্টোরিতে করা কমেন্টও ২৪ ঘণ্টার জন্যই স্থায়ী



হতো। কিন্তু এবার ইনস্টাগ্রাম স্টোরি আর্কাইভ করার সুবিধা রয়েছে। কমেন্টসহ আর্কাইভ করা যাবে কিনা তা জানা যায়নি। এখন ইনস্টাগ্রাম স্টোরিতে শুরু রিঅ্যাকশন ইমোজির সাহায্যে দেওয়া যায়। তবে নতুন ফিচার চালু হলে কারও ইনস্টাগ্রাম স্টোরি পছন্দ হলে আপনি সেখানে কমেন্ট করারও সুযোগ পাবেন। ইনস্টাগ্রাম পোস্টে কমেন্ট করার ফিচার শুরু থেকেই চালু রয়েছে। এবার ইনস্টা স্টোরিতেও তাই হাজির হচ্ছে কমেন্ট ফিচার। বর্তমানে একজনের ইনস্টাগ্রাম স্টোরিতে যদি কেউ রিপ্লাই দেন তাহলে তা ওই স্টোরি

## গুগলকে ২৪০ কোটি ইউরো জরিমানা

**তথ্যপ্রযুক্তি ডেস্ক :** মার্কিন প্রযুক্তি জায়ান্ট গুগলকে আধিপত্য বিস্তারের কারণে ২৪০ কোটি ইউরো জরিমানা করেছে ইউরোপের শীর্ষ আদালত। নিজস্ব শপিং কম্পারিসন সার্ভিস একচেটিয়া ব্যবহারের কারণে ২০১৭ সালে এ জরিমানা ধার্য করেছিল ইউরোপীয় কমিশন। তবে এর বিরুদ্ধে আপিল করেছিল প্রযুক্তি জায়ান্ট গুগল। বিবিসি। সম্প্রতি রায়ের মাধ্যমে একটি দীর্ঘকালীন মামলার অবসান হলো। তবে ইউরোপীয় আদালতে এ রায়ে ‘অসন্তুষ্ট’ হয়েছে গুগল। ২০০৯ সালে প্রথম এ মামলা দায়ের করে ব্রিটিশ প্রতিষ্ঠান ফাউন্ডেম। সে সময় যুক্তরাজ্য ইউরোপীয় ইউনিয়নের অংশ ছিল। মামলার অভিযোগে বলা হয়, গুগল সার্চ ফলাফলে তার নিজস্ব শপিং সুপারিশগুলো প্রতিযোগীদের চেয়ে আরও বেশি সামনে দেখাত। মামলাটির আইনি বা অর্থনৈতিক কোনো মূল্য নেই বলে গুগল যুক্তি দেখাতে চেষ্টা করেছিল।

# নতুন এআই মডেল নিয়ে এলো ওপেনএআই

**তথ্যপ্রযুক্তি ডেস্ক :** এআই গবেষণা প্রতিষ্ঠান ওপেনএআই নিয়ে এসেছে যুক্তি দক্ষতাসম্পন্ন নতুন এআই মডেল। একটি ব্লগ পোস্টের মাধ্যমে ওপেনএআই ড়১ এবং ড়১-মিনি নামের দুটি এআই মডেল নিয়ে আসার কথা জানিয়েছে। এই মডেলগুলোকে এমনভাবেই ডিজাইন করা হয়েছে যাতে করে কোনো জটিল সমস্যাকে ধাপে ধাপে সমাধানের মাধ্যমে নির্ভুলতা নিশ্চিত করা যায়। উল্লেখ্য, ড়১ মডেলটি গত বৃহস্পতিবার থেকেই চ্যাটজিপিটি এবং এর এপিআই-তে ব্যবহার করা যাচ্ছে। ওপেনএআই-এর অভ্যন্তরে ‘স্ট্রবেরি’ নামে পরিচিত একটি প্রজেক্ট থেকে এই দুটি মডেল তৈরি করা হয়েছে। যুক্তি দক্ষতাকে ব্যবহার করে জটিল কার্যসম্পাদনে এবং আগের মডেলগুলোর তুলনায় গণিত, বিজ্ঞান ও কোডিং সম্পর্কিত বিষয়ে আরও বেশি চ্যালেঞ্জিং সমস্যার সমাধানে সিদ্ধহস্ত নতুন




এই এআই মডেল দুটি। এআই মডেলের যুক্তি দক্ষতার উন্নয়নে কাজ করা ওপেনএআই-এর গবেষক নোয়াম ব্রাউন সম্প্রতি নিজের এক্স অ্যাকাউন্ট থেকে পোস্ট করে নিশ্চিত করেছেন যে এই দুটি এআই মডেল ‘স্ট্রবেরি’ প্রজেক্টেরই ফসল। ব্রাউন লিখেছেন, ‘‘সাধারণ যুক্তি দক্ষতা সম্পন্ন এআই মডেল তৈরিতে ওপেনএআই-তে আমাদের প্রচেষ্টার ফসল আপনাদের সাথে শেয়ার করতে পেরে আমরা আনন্দিত।’’ ব্লগ পোস্টে ওপেনএআই দাবী করেছে, ড়১ মডেলটি আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডের যোগ্যতার পরীক্ষায় ৮৩ শতাংশ স্কোর করেছে। এর আগের মডেল জিপিটি-৪ড় এর স্কোর ছিল ছিল যেখানে মাত্র ১৩ শতাংশ। প্রতিযোগিতামূলক প্রোগ্রামিং-এর প্রশ্ন সমাধানেও এআই মডেল দুটিতে উন্নতির ছাপ স্পষ্টতই লক্ষ্য করা গেছে। বিশেষ করে বিজ্ঞান বিষয়ক সমস্যা সমাধানে নির্ভুলতার প্রশ্নে এআই মডেল দুটি মানুষের পিএইচডি-স্তরের নির্ভুলতাও ছাপিয়ে গেছে।




বরগুনা : 'কয়লা দূষণ বন্ধ কর, পায়রা নদী রক্ষা কর' এই স্লোগানকে সামনে রেখে তালতলীতে নৌ র‍্যালি ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

# চালে হাসলেও আবারো ধানে হোঁচট রংপুর খাদ্য গুদামের

**রংপুর প্রতিনিধি :** চার বছর ধরে রংপুরের খাদ্য গুদাম ধান সংগ্রহে লক্ষ্যমাত্রা পূরণ করতে পারছে না। কোনো কোনো মৌসুমে চাল সংগ্রহ হলেও ধান সংগ্রহের লক্ষ্য পূরণে হোঁচট খেতে হচ্ছে। জেলায় লক্ষ্যমাত্রার চেয়ে বেশি উৎপাদন হলেও নানা কারণে ধান সংগ্রহে ব্যর্থতার রেশ কাটছে না খাদ্য গুদামের। এবারও ধান সংগ্রহে সফলতা নেই। কিন্তু চালে লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে।

এ বছর রংপুর জেলায় আমন ধান ও চাল সংগ্রহ অভিযান শেষ হয়েছে গত ৩১ আগস্ট। নির্ধারিত সময়ে চাল সংগ্রহের মূল লক্ষ্যমাত্রা পূরণ হলেও ঘাটতি রয়েছে অতিরিক্ত লক্ষ্যমাত্রায়। আট হাজার ৮৬২ টন ধান সংগ্রহ করার কথা থাকলেও গুদামজাত হয়েছে পাঁচ হাজার ৭৭৫ দশমিক ৫৬০ টন। সংশ্লিষ্ট কর্মকর্তা বলছেন, সংগ্রহের ক্ষেত্রে সরকার-নির্ধারিত দামের তুলনায় বাজারদর বেশি হওয়ায় কৃষকেরা ধান বিক্রিতে আগ্রহ দেখাচ্ছেন না। অন্যান্য বছর অভিযানের সময় কিছুটা বাড়ানো হলেও এবার সে সুযোগ পাচ্ছেন না কৃষক ও মিল মালিকরা। বর্ধিত সময়ের জন্য মিল মালিকরা আবেদন করলেও কর্তৃপক্ষ তা অনুমোদনে তেমন চেষ্টা চালায়নি বলে অভিযোগ রয়েছে।

এদিকে, কৃষকরা বলছেন, ঘুষ, হয়রানি, পরিবহন ব্যয়সহ নানা কারণে তারা ধান দিচ্ছেন না।

রংপুর জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় সূত্রে জানা গেছে, চলতি মৌসুমে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে আট হাজার ৮৬২ টন। সংগ্রহ হয়েছে পাঁচ হাজার ৭৭৫ দশমিক ৫৬০ টন। চালের মূল লক্ষ্যমাত্রা ছিল ৩১ হাজার ২৯৮ টন। এছাড়া অতিরিক্ত আরও আট হাজার ১২৭ টন সংগ্রহের লক্ষ্য ছিল। সংগ্রহ হয়েছে ৩২ হাজার ১৮৭ দশমিক ২২০ টন। রংপুরের আট উপজেলার ধান-চাল সংগ্রহের পরিসংখ্যান অনুযায়ী, সদর উপজেলায় ধান সংগ্রহ হয়েছে ৩৮৩ দশমিক ৪০ টন। আর চাল সংগ্রহ হয়েছে পাঁচ হাজার ২৮০ দশমিক ৩৬০ টন। বদরগঞ্জে ধান-চাল সংগ্রহ হয়েছে যথাক্রমে এক হাজার ১৮৮ দশমিক ৪০০ এবং দুই হাজার ৩৪ দশমিক ৯৬০ টন। মিঠাপুকুর উপজেলায় ধান সংগ্রহ হয়েছে ৭৯২ টন এবং চাল সংগ্রহ হয়েছে চার হাজার ৩২১ টন। পীরগঞ্জ উপজেলায় ধান ও চাল সংগ্রহ হয়েছে যথাক্রমে এক হাজার ১০১ টন ও ছয় হাজার ৩২৪ দশমিক ৬৪০ টন। তারাগঞ্জে ধান সংগ্রহ হয়েছে ১২৬ টন এবং চাল সংগ্রহ হয়েছে আট হাজার ৮৬৯ দশমিক ৬৮০ টন। গঙ্গাচড়ায় ধান ও চাল সংগ্রহ হয়েছে যথাক্রমে ৪৬১ দশমিক ১২০ টন ও ১ হাজার ৭৮৫ দশমিক ৭১০ টন। কাউনিয়ায় ধান সংগ্রহ হয়েছে ৬১২ টন ও চাল সংগ্রহ হয়েছে এক হাজার ৩৮৮ দশমিক ৩৪০ টন। পীরগাছায় ধান ও চাল সংগ্রহ হয়েছে যথাক্রমে এক হাজার ১১২ টন ও দুই হাজার ১৮২ দশমিক ৮০ টন।

গত বছর নির্ধারিত সময় পর্যন্ত ১১ হাজার ৬২ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে গুদামজাত হয়েছিল এক হাজার ২৬২ দশমিক ৪৪০ টন। এছাড়া, ৪০ হাজার ২০৮ টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে সংগ্রহ হয়েছিল ৩৮ হাজার ৫৯৮ টন। এ বছর চালের দাম প্রতি কেজি ৩২ টাকা নির্ধারণ করায় গত বছরের চেয়ে চাল সংগ্রহ বেড়েছে। তবে, শেষের দিকে পূর্বাঞ্চলে বন্যার কারণে ধানের দাম কিছুটা বেড়েছে। এ কারণে ধান সংগ্রহ অভিযানে প্রতিবন্ধকতা দেখা দেয় বলে জানিয়েছেন মিল মালিকরা। কৃষকদের অভিযোগ, ১৪ শতাংশ আর্দ্রতা না থাকলে খাদ্য গুদাম ধান নিতে চায় না। অনেক সময় এ কারণে খাদ্য গুদামে ধান দিতে গিয়ে কৃষকদের ফিরে আসতে হয়। এছাড়া, প্রতি টন ধানে কর্মকর্তাদের জন্য, পরিবহন ব্যয়, শ্রমিকদের চাঁদায় ৫০০-৬০০ টাকা ব্যয় হয়। এ জন্য কৃষকেরা খাদ্য গুদামে ধান দিতে অনীহা প্রকাশ করেছেন। এ কারণে খাদ্য গুদাম কয়েক বছর ধরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান সংগ্রহ করতে পারছে না। তাদের অভিযোগ, সংগ্রহ প্রক্রিয়া জটিল হওয়ায় ধান দিতে পারেন না তারা। একইসঙ্গে দালাল ও ফড়িয়াদের দৌরাত্মে সরকার নির্ধারিত দাম থেকে বঞ্চিত হন। এ কারণে কৃষকরা অভিযানের শুরু থেকেই ধান সংগ্রহ প্রক্রিয়া সহজ করার দাবি জানিয়ে আসছেন। কৃষক সাত্তার প্রামাণিক বলেন, এক মণ ধানের মূল্যের চেয়ে একজন দিনমজুরের মজুরি বেশি। এক মণ ধান বিক্রি করে এক কেজি গরুর মাংস কিনতে পারি না। আরেক কৃষক আবু তালেব বলেন, কৃষকের দুঃখ দেখার কেউ নেই। হাড়ভাঙা পরিশ্রম করে ফসল উৎপাদন করেও আমরা লাভের মুখ দেখি না। খরচ যেভাবে বাড়ছে, আবাদ করাই কষ্টকর হয়ে গেছে। সরকার তো উৎপাদনের সময় আমাদের কোনো প্রকার কৃষিঋণ কিংবা ভর্তুকি কিছুই দেয় না। ধানের ন্যায্য মূল্য নিশ্চিত এবং সরকারি উদ্যোগে হাটে হাটে ক্রয় কেন্দ্র খুলে সরাসরি কৃষকের কাছ থেকে ধান ক্রয়ের দাবি জানিয়েছেন কৃষক সংগ্রাম পরিষদের নেতা অ্যাডভোকেট পলাশ কান্তি নাগ। তিনি বলেন, সরকার যে পরিমাণ ধান-চাল সংগ্রহ করে তা উৎপাদনের তুলনায় একেবারেই কম। প্রান্তিক কৃষকদের কথা বিবেচনায় রেখে ধান সংগ্রহের প্রক্রিয়া আরও সহজ করাসহ উপজেলা পর্যায়ে পেডি সাইলো নির্মাণ করা এখন সময়ের দাবি। পলাশ কান্তি নাগ বলেন, প্রতি বছর উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য না পাওয়া কৃষকের নিয়তি হয়ে দাঁড়িয়েছে। সার, ডিজেল, কীটনাশকসহ প্রতিটি কৃষি উপকরণের মূল্য দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কৃষক আবাদ করতে গিয়ে ঋণের জালে জর্জরিত হচ্ছে। ধান বিক্রি করতে গিয়ে কৃষক তার উৎপাদিত ব্যয় হিসেবে ন্যায্য মূল্য পাচ্ছে না। তাছাড়া যে প্রক্রিয়ায় সরকার ক্রয় করে এতে বড় ব্যবসায়ী, মধ্যস্বত্বভোগী, ফরিয়া ও দালালরা লাভবান হয়। এ অবস্থায় সরকারের উচিত মূল্য সহায়তা দিয়ে সরাসরি কৃষকের কাছ থেকে ধান ক্রয় করা।

এ ব্যাপারে রংপুর মহানগর মিল মালিক সমিতির সাধারণ সম্পাদক মো. সামসুল আলম বাবু বলেন, ধান-চাল সংগ্রহ অভিযানে এবার আমি এক হাজার ৭০০ টন চাল দিয়েছি। এর মধ্যে হাসকিং মিলের বরাদ্দ ৫০০ টন বাদ দিয়ে বাকি সব অটোরাইস মিলের। ৬০০ টন করে দু'দফায় অতিরিক্ত বরাদ্দ পেলেও বর্ধিত সময় পাইনি। এজন্য প্রথম বরাদ্দ দিতে পারলেও পরের ৬০০ টন চাল দিতে পারেনি। শুরুতে কিছুটা লাভ হলেও শেষ দিকে আগস্টে ধানের দাম বেড়ে যাওয়ায় কিছুটা লোকসান হয়েছে। বর্তমানে প্রতি মণ ধান বিক্রি হচ্ছে এক হাজার ২৫০ টাকা, যা আগে কিনেছি প্রতি মণ এক হাজার ৫০ টাকায়। প্রতি কেজি চাল তৈরিতে ৪৫ টাকারও বেশি লাগছে। এছাড়া, পরিবহনসহ অন্যান্য খরচ তো আছেই। রংপুর কৃষক সমিতির সভাপতি নজরুল ইসলাম হক্কানী বলেন, সরকারের হাতে ধান-চাল না থাকলে বাজারের নিয়ন্ত্রণ চলে যাবে মজুতদার এবং চালকল মালিকদের হাতে। এলএসডি গোডাউনগুলো মধ্যসত্ত্বভোগীদের দখলে ছিল উল্লেখ করে তিনি জানান, কৃষক কোনোকালেই এখান থেকে উপযুক্ত দাম পায়নি। আর উন্নয়ন গবেষকদের মতে, ধান-চাল সংগ্রহ অভিযান ব্যর্থ হলে বাজার চলে যাবে মজুতদারদের হাতে। যার নেতিবাচক প্রভাব পড়বে স্বল্প আয়ের বিশাল জনগোষ্ঠীর ওপর। উন্নয়ন গবেষক উমর ফারুক বলেন, যদি সরকার ধান-চাল সংগ্রহ অভিযানে লক্ষ্যমাত্রা পূরণ করতে না পারে, তাহলে বাজার তাদের নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। তখন ধান-চালের দাম বেড়ে যাবে।

এ অবস্থায় বাজার স্থিতিশীল রাখতে প্রয়োজনে খাদ্য আমদানি করে মজুত নিশ্চিত করারও পরামর্শ তার। রংপুর জেলায় গত বোরো মৌসুমে (২০২৩) ধানের আবাদ হয়েছে এক লাখ ৩১ হাজার ৮৫০ হেক্টর জমিতে। জেলায় বোরো সংগ্রহ অভিযানে ৪৫৩ জন মিল মালিক চুক্তিবদ্ধ হয়েছেন। এর মধ্যে অটোরাইস মিল ২৪টি ও হাসকিং মিল রয়েছে ৪২৯টি। বোরো সংগ্রহ অভিযানে সরকারিভাবে প্রতি কেজি ধান ৩২ ও চালের দাম নির্ধারণ করা হয়েছে ৪৫ টাকা। গত বছর ধানের দাম ধরা হয় ৩০ টাকা এবং চাল ৪৪ টাকা। রংপুর সদর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নিখিল চন্দ্র বর্মণ বলেন, জেলায় মূল লক্ষ্যমাত্রার চেয়ে বেশি চাল সংগ্রহ হয়েছে। তবে, অতিরিক্ত লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব হয়নি। মূলত শেষের দিকে ধানের দাম বেড়ে যাওয়ায় এমনটা হয়েছে। এছাড়া, কৃষক সময়মতো ধান শুকাতে না পারায় লক্ষ্যমাত্রা পূরণ হয়নি। এবার ধান ও চাল সংগ্রহে বর্ধিত সময় পাচ্ছেন না কৃষক ও মিল মালিকরা।

## কুষ্টিয়ায় ইসলামি আন্দোলনের সমাবেশ

**কুষ্টিয়া প্রতিনিধি :** ইসলামী আন্দোলন বাংলাদেশ ইবি থানা শাখার উদ্দ্যেগে স্বৈরাচার বিরোধী আন্দোলনে সারোদেশে গণহত্যার বিচারের দাবি এবং দেশ-বিরোধী ষড়যন্ত্র ও নৈরাজ্যের প্রতিবাদে গণ সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব আহাম্মদ আলী বলেন, বৈষম্যবিরোধী আন্দোলন হয়েছে সব বৈষম্য দূর করার জন্য,সব ক্ষেত্রে সমতা রক্ষার জন্য, এখন যদি পুনরায় বৈষম্য হয়, তাহলে ছাত্র-জনতা আবার আন্দোলন গড়ে তুলবে। গতকাল শুক্রবার বিকালে কুষ্টিয়ার ইবি থানার বিত্তিপাড়া বাজার প্রাঙ্গনে অনুষ্ঠিত বিশাল গণসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বক্তরা এ সময় আরো বলেন, পিআর পদ্ধতির নির্বাচন ব্যবস্থা প্রবর্তন করে দেশের মানুষের ভোটের মূল্যায়ন করতে হবে। সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য ইসলামের অনুশাসন মেনে চলা,শিক্ষা ব্যবস্থাকে বিশ্বমানের শিক্ষায় রূপান্তর করে যোগ্য, দক্ষ জাঁতি গঠনে কাজ করতে হবে। চাঁদাবাজ, দখলবাজ, জুলুমবাজি বন্ধ করে, সন্ত্রাসমুক্ত, জুলুমমুক্ত দেশ উপহার দিতে হবে। খুনিদের বিচার, পাচারকৃত টাকা ফেরত আনার ব্যবস্থা করতে হবে। সভার সভাপতি মাওঃ মুফতি মোঃ কামরুজ্জামান তিনি বলেন, 'রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতা অক্ষুন্ন রেখে এগিয়ে যেতে হবে। খুনিদের দ্রুত ট্রাইব্যুনাল গঠন করে দৃষ্টান্তমূলক বিচার করতে হবে, যাতে স্বৈরাচারী গোষ্ঠী মাথাচাড়া দিয়ে উঠতে না পারে।

## প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা চালুর দাবী

**আশাশুনি প্রতিনিধি :** প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা পুনরায় চালুর আবেদন জানিয়েছেন আশাশুনি উপজেলার শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা সাকিলা খানম (অঞ্জনা)। আশাশুনি উপজেলায় ২০১৪ ও ২০২৪ সালের শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা বৈকরঝুটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলেন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ২০০৯ সালে পাবলিক পরীক্ষা চালু করেন। সারাদেশে একই প্রশ্নে পরীক্ষা হতো। এই বছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় পাশের হার ছিল ৮৮.৮৪%। ২০১২ সালে গ্রেডিং পদ্ধতিতে ফল দেওয়া হয়। ২০১৩ সাল থেকে পরীক্ষার সময় আধা ঘন্টা বাড়িয়ে আড়াই করা হয়। ২০১৯ সাল পর্যন্ত সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। সমাপনী পরীক্ষার ফলাফল থেকে বৃত্তি প্রদান করা হতো। দুঃখের বিষয় ২০২০ সাল থেকে সমাপনী পরীক্ষা বন্দ হয়ে যায়। বাস্তব কথা হলো, এই সমাপনী পরীক্ষার কারণে শিক্ষার্থীদের মাঝে পড়ালেখার আগ্রহ দেখাগিয়েছিল। তাদেরকে পড়ালেখার প্রতি অগ্রগতি করানো সহজ হয়ে উঠেছিল। তাদের লেখার প্রতি আগ্রহও ছিল। শিক্ষার মান যাচাই করা হতো। তাই আমাদের দাবী প্রাথমিক সমাপনী পরীক্ষা পুনরায় চালুর উদ্যোগ গ্রহন করা হউক।

## শৈলকুপায় মাধ্যমিক শিক্ষক সংগঠনের কমিটির গঠন

**শৈলকুপা প্রতিনিধি :** ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও বিভিন্ন মাদ্রাসার সহকারী শিক্ষকদের নিয়ে গঠিত হয়েছে এই সংগঠনটি।

শৈলকুপা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সংগঠনের সভাপতি মোঃ মিল্টন হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শৈলকূপা পৌর বিএনপির সিনিয়র সহ সভাপতি ও পৌরসভার সাবেক মেয়র খলিলুর রহমান। গতকাল শুক্রবার সকালে শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়েএ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাশেষে সহকারী শিক্ষক মিল্টন হোসেন সভাপতি ওকামাল জোদ্দার কে সাধারণ সম্পাদক করে ১০১ সদস্যবিশিষ্ট মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সংগঠন এর পূর্ণাঙ্গ কমিটির তালিকা প্রকাশ করা হয়। কমিটির সাধারন সম্পাদক মোঃ কামাল হোসেন জোয়ার্দার তাঁর বক্তব্যে বলেন, এ কমিটির কোনো লোক অন্যায় কাজ করলে তার বিরুদ্ধেও আমরা অবস্থান নেব। শিক্ষকরা এমন কথা বলবেন না, যাতে সবার সম্মানহানী হয়।

সব শিক্ষকের সহযোগিতা পেলে এ খাত দুর্নীতিমুক্ত হবে। কমিটির সভাপতি মোঃ লিটন হোসেন সরকারি কর্মকর্তাদের উদ্দেশে বলেন, মাধ্যমিক স্কুলের শিক্ষকরা এমনিতেই বৈষম্যের শিকার। তাদের পদোন্নতি হয় না। শিক্ষকরা সরকারি অফিসে গেলে দয়া করে একটু সম্মান দেবেন। অনেক অফিসে গেলে শিক্ষকদের বসতেও দেওয়া হয় না। আর শিক্ষকরা বেতন স্কেলের কোন গ্রেডে আছেন। তাদের কেন পদোন্নতি হয় না- এগুলো দেখবেন।

## ভারতের ফুলবাড়িতে বিজিবি-বিএসএফ'এর পতাকা বৈঠক

**তেঁতুলিয়া প্রতিনিধি :** পঞ্চগড়ের বাংলাবান্ধা সীমান্তের ওপারে ভারতের ফুলবাড়ি বিওপিতে বিজিবি-বিএসএফ'র পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। পতাকা বৈঠকে বিজিবি'র পক্ষ থেকে সম্প্রতি সীমান্তে বিএসএফ'র হত্যার কড়া প্রতিবাদ করেন। গত বৃহস্পতিবার বিজিবি'র সদর দপ্তর ঠাকুরগাঁও এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান ভারতের অভ্যন্তরে বাংলাবান্ধা ফুলবাড়ি আইসিপিতে বিজিবি'র উত্তর পশ্চিম রিজিয়ন কমান্ডার এবং আইজি বিএসএফ নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ার কমান্ডার এর মধ্যে এক সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সৌজন্য সাক্ষাতে বিজিবি'র পক্ষে রিজিয়ন কমান্ডার উত্তর-পশ্চিম রিজিয়ন রংপুর, সেক্টর কমান্ডার ঠাকুরগাঁও এবং অন্যান্য বিজিবি কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বিএসএফ'র পক্ষে আইজি নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ার কমান্ডার, শিলিগুড়ি ও কিশোরগঞ্জ সেক্টর কমান্ডার এবং অন্যান্য বিএসএফ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সৌজন্য সাক্ষাতে সম্প্রতি ঠাকুরগাঁও এর বালিয়াডাঙ্গি এলাকায় গত ৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ বিএসএফ টহল দল কর্তৃক বাংলাদেশী নাগরিক জয়ন্ত কুমার সিংহ (১৫) কে গুলি করে হত্যা করায় বিজিবি'র পক্ষ থেকে তীব্র নিন্দা প্রতিবাদ করেন।

ভারতের নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ার কমান্ডার এই অনাকাঙ্খিত ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেন এবং ভবিষ্যতে বিএসএফ কর্তৃক সীমান্তে কোন বাংলাদেশী নাগরিক এর উপর গুলি চালানো হবে না মর্মে বিজিবি প্রতিনিধি দলকে আশ্বস্ত করেন।

## বরগুনায় নৌ র‍্যালি ও মানববন্ধন

**বরগুনা প্রতিনিধি :** গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে বরগুনার তালতলী উপজেলার খোট্টারচর এলাকায় তাপবিদ্যুৎ কেন্দ্রের সামনে ওয়াটারকিপার্স বাংলাদেশ ও ধরিত্রী রক্ষায় আমরা (ধরা) এবং পায়রা নদী ইলিশ রক্ষা কমিটির আয়োজনে কয়লা দুসন বন্ধে মানববন্ধন কর্মসূচি ও নৌ র‍্যালি অনুষ্ঠিত হয়। এ সময় নৌ র‍্যালি ও মানববন্ধনে অংশগ্রহণকারীরা কয়লাবিরোধী নানা রঙের প্ল্যাকার্ড এবং ফেস্টুন প্রদর্শন করেন। মানববন্ধনে বক্তারা বলেন, বরিশাল ৩০৭ মেগাওয়াট তাপবিদ্যুৎ কেন্দ্রর কয়লা ধোয়া বর্জ্য পায়রা নদীতে ফালানো কারণে নদীতে ইলিশ কমে যাচ্ছে। এছাড়াও নির্গত কালো ধোঁয়ায় টেংরাগিরি বন্যপ্রাণী অভয়ারণ্যের জীববৈচিত্র্যসহ এলাকার মানুষের কৃষি ও স্বাস্থ্য ঝুঁকি রয়েছে। তাই অবিলম্বে কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র প্রকল্পসহ সকল কয়লা বিদ্যুৎ প্রকল্প বাতিল করতে হবে এবং পরিচ্ছন্ন নবায়নযোগ্য জ্বালানির বিকল্পগুলিতে বিনিয়োগসহ কয়লা নির্ভরতার অবসান কেবল পরিবেশের জন্যই নয়, এই অঞ্চলের জনস্বাস্থ্য এবং আর্থ-সামাজিক স্থিতিশীলতার জন্যও গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন বক্তারা। এসময় বক্তব্য রাখেন, শুভ সন্ধ্যা সমুদ্র সৈকত রক্ষা কমিটির সমন্বয়ক জাহাঙ্গীর মিয়া, তেঁতুল বাড়িয়া নদী ভাঙ্গন রক্ষা কমিটির সমন্বয়ক শাহজাহান শেখ, পয়রা নদী ইলিশ রক্ষা কমিটি সমন্বয়ক সুলতানা আহমেদ, ওয়াটারকিপার্স বাংলাদেশ (তালতলী-আমতলী) উপজেলা সমন্বয়ক আরিফ রহমান, পরিবেশকর্মী মোস্তাফিজ প্রমুখ।

## ঝিকরগাছায় ছাত্রীকে ধর্ষণ ধর্ষক আটক

**ঝিকরগাছা প্রতিনিধি :** যশোরের ঝিকরগাছায় নতুনহাট পাবলিক কলেজের এক শিক্ষার্থীকে ব্ল্যাকমেইল করে ধর্ষণের ঘটনা ঘটেছে। থানায় মামলার পর পুলিশ অভিযুক্ত ধর্ষক মেহেদী হাসান সজলকে (২৪) গ্রেপ্তার করেছে। ধর্ষক সজল উপজেলার কৃর্তীপুর পশ্চিমপাড়া গ্রামের হাফিজুর রহমানের ছেলে। ধর্ষিতা নিজেই বাদি হয়ে থানায় এজাহার দায়ের করেছেন। থানার এজাহার সূত্রে জানা যায়, বাদি নতুনহাট পাবলিক কলেজ ও তার স্বামী শহীদ মশিয়ুর রহমান ডিগ্রী কলেজ থেকে চলতি বছরে এইচএসসি পরিক্ষায় অংশগ্রহণ করে।

বাদি ও তার স্বামীর বাড়ি পাশাপাশি গ্রামে হাওয়ায় প্রেমজ সম্পর্কের মাধ্যমে গত ০১/০৮/২০২৪ইং তারিখের তারা উভয়েই নিজেদের ইচ্ছায় বিজ্ঞ নোটারি পাবলিকের কার্যালয়, যশোর হতে ১ লক্ষ টাকা দেনমোহর ধার্য করে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বাদী ও তার স্বামী দুজনেই শিক্ষার্থী হওয়ায় তারা তাদের পরিবারের কাউকে বিবাহের বিষয়টি জানায়নি। গত ০৯ সেপ্টেম্বর রাত অনুমান ১১ টার সময় বাদীর মায়ের বাড়ি কীর্তিপুর পশ্চিমপাড়া গ্রামে আসে। ১০ সেপ্টেম্বর রাত অনুমান ৪টা ২১মিনিটের সময় একটি মোবাইল নাম্বার হইতে উপর্যুক্ত আসামি তার পরিচয় দিয়ে বলে তোমার স্বামীকে আমি আটকে রাখেছি। বাদী কোন উপায় খুঁজে না পেয়ে রাত অনুমান সাড়ে ৪টা দিকে ঘরের দরজা খোলার সাথে সাথেই আসামি বাদীর মুখ চেপে ধরে জোরপূর্বক ধর্ষণ করে। বাদী বিষয়টি সকালে তার মা ও স্বামীকে অবহিত করে থানায় এজাহার দাখিল করেন। থানার অফিসার ইনচার্জ (ভারপ্রাপ্ত) ও তদন্ত পরিদর্শক মোঃ ইব্রাহীম আলী বলেন, শিক্ষার্থীকে ব্ল্যাকমেইল করে ধর্ষণের ঘটনায় ২০০০সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী ২০০৩) এর ৯(১) ধারায় একটি এজাহার হয়েছে। এজাহারের উপর ভিত্তি করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে আসামীকে আটক করে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। এ ঘটনায় থানায় মামলা নং ০৬, তারিখ-১১/০৯/২০২৪ইং।

## অবরুদ্ধের মামলায় গ্রেপ্তার ১৬ জন

**বাঘা প্রতিনিধি :** রাজশাহীর বাঘায় মাদক উদ্ধারে এসে র‍্যাব সদস্যের অবরুদ্ধের মামলায় ১৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গত বুধবার রাতে তাদের গ্রেপ্তার করা হয়েছে। গ্রেফতারকৃতরা হলো-উপজেলার আলাইপুর (গাবতলীপাড়া) গ্রামের মৃত আবদুল সাত্তারের ছেলে জিবরুল মীর (৪২), উপর আতারপাড়া গ্রামের মৃত জয়নাল সরকারের ছেলে বল্লাল আলী (৩৫), বারশতদিয়ার গ্রামের আবু বক্কর সিদ্দিকের ছেলে জয়নাল আবেদীন (৩৫), মহদীপুর গ্রামের মৃত নজরুল ইসলামের ছেলে জামাল হোসেন (৫০), আলাইপুর (নাপিতপাড়া) গ্রামের মৃত দস্তুল আলীর ছেলে রাকিব আলী (৩০), মহদীপুর গ্রামের সাহেব আলীর ছেলে হৃদয় আলী (১৯), উপর আতারপাড়া গ্রামের আবুল কালামের ছেলে শাকিল আহম্মেদ (১৯), বারশতদিয়ার গ্রামের নেহেরুল ইসলামের ছেলে বেলাল হোসেন (২৫), ভানুকর গ্রামের মৃত কলিম উদ্দিন মন্ডলের ছেলে নজরুল ইসলাম (৫০), আলাইপুর গ্রামের দলিল মন্ডলের ছেলে মিনজুল (৩২), কেশবপুর গ্রামের মৃত ইয়াদ আলী শেখের ছেলে রেজাউল শেখ (৫৮), মহদীপুর (সবজিপাড়া) গ্রামের এনামুল হকের ছেলে বাদশা আলী (৩৬), মহদীপুর (পশ্চিমপাড়া) গ্রামের মৃত জান মোহাম্মদের ছেলে ফজলু হক (৩৫), মহদীপুর (সবজিপাড়া) গ্রামের মৃত আবদুল মজিদের ছেলে রিপন (৪২), আলাইপুর (গাবতলীপাড়া), গ্রামের আবদুর রহমানের ছেলে রুবেল (৩২), উপর আতারপাড়া গ্রামের মৃত আবদুল হামিদের ছেলে আবুল কালাম (৩৫)। জানা গেছে, গত সোমবার রাতে রাজশাহীর র‍্যাব-৫ এর সদস্যরা গোপন সংবাদের বিত্তিতে জানতে পারে উপজেলার মনিগ্রাম ইউনিয়নের মীরগঞ্জ বারশতদিয়াড় গ্রামের আরমান আলীর ছেলে রাজা ইসলাম তার বাড়িতে ফেন্সিডিল মজুদ রেখে বিক্রয়ের জন্য অবস্থান করছে।

সত্যতা যাচাইয়ের জন্য রাত সাড়ে ১০টার দিকে সঙীয় ফোর্স নিয়ে রাজা ইসলামের বাড়ির কাছাকাছি পৌঁছায়। এ সময় র‍্যাবের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যাওয়ার সময় ২ জনকে আটক করার চেষ্টা করা হয়। এমেধ্যে একজন পালিয়ে গেলেও রাজা ইসলামকে আটক করে তার বাড়িতে ফেন্সিডিল মজুদ আছে কী-না জানতে চাইলে বাধা প্রদান এবং আক্রমণ করার উদ্দেশ্যে লোকবল জমায়েতের জন্য সোরগোল শুরু করে। এ সময় স্থানীয়রা সংঘবদ্ধ হয়ে দেশীয় লাঠি, লোহার রড, ধারালো হাসুয়া নিয়ে আক্রমণ করে অবরুদ্ধ করে। এ সময় তারা ৪ জোড়া চায়না হ্যান্ডকাপ, ২টি র‍্যাব জ্যাকেট, ২টি সরকারি রেইনকোট ছিনিয়ে নেয়। পরে সেনাবাহিনী, বিজিবি, পুলিশ বাহিনীর সদস্যরা তাদের উদ্ধার করে।

তাদের হামলায় র‍্যাব-৫ এর এলএস সোহাগ হোসেন, এএসআই নজরুল ইসলামল্যাঃ কর্পোঃ জাহদুর রহমান, দুলাল হোসেন, নায়েক আফছার আলী, কনেস্টবুল মিজানুর রহমান আহত হয়। পরে তাদের চারঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হয়। এ ঘটনায় গত মঙ্গলবার রাতে র‍্যাব-৫ এর ডিএডি ইমরান আলী বাদি হয়ে ৩৪ জনের নাম উল্লেখ করে আরও অজ্ঞাত ১০০/১৫০ জনের বিরুদ্ধে বাঘা থানায় মামলা দায়ের করেন। বাঘা থানার ওসি আবু সিদ্দিক বলেন, র‍্যাব সদস্যারা মাদক উদ্ধারে এসে স্থানীয়রা অবরুদ্ধ করে রাখে। খবর পেয়ে পুলিশ, বিজিবি, সেনা সদস্যরা একত্র হয়ে তাদের উদ্ধার করা হয়েছে। এ ঘটনা একটি মামলা হয়েছে। এ মামলায় অভিযান চালিয়ে ১৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গত বৃহস্পতিবার তাদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

## শূন্য হাতে ঘাটে ফিরেছে বরগুনার জেলেরা

**পাথরঘাটা প্রতিনিধি :** সাগরে নতুনকরে নিম্নচাপ সৃষ্টি হওয়ায় বঙ্গোপসাগর উত্তাল থাকার কারণে জেলেরা সাগরে টিকতে না পেরে শূন্য হাতেই ট্রলার নিয়ে উপকূলের দিকে ফিরে আসতে হয়েছে।৬৫ দিনের অবরোধ শেষে জেলেরা আশায় বুক বেঁধে সাগরে মাছ ধরতে গেলেও কয়েক দফায় সাগরে নিম্নচাপে তাদের ফিরে আসতে হয়েছে। বারংবার জেলেরা খালি হাতে ঘাটে ফেরায় হতাশা বিরাজ করছে জেলে, ট্রলারমালিক,আড়ৎদারদের মাঝে। গতকাল শুক্রবার সকালে দেশের দ্বিতীয় বৃহত্তম মৎস্য অবতরণ কেন্দ্র পাথরঘাটার বিএফডিসি মৎস্য ঘাটে সরজমিনে গিয়ে দেখা গেছে, বৈরী আবহাওয়ার কারণে ঢেউয়ের সঙ্গে পাল্লাদিয়ে বঙ্গোপসাগরে জেলারা টিকতে না পেরে শত শত জেলেরা ঘাটে ফিরে এসেছে। সাগরে যাবার দু দিনের মাথায়ই আবহাওয়া খারাপ হওয়ায় শূন্য হাতে ঘাটে ফিরে দিশেহারা হয়ে পড়েছেন ট্রলার মালিক ও জেলেরা। এতে বড় ধরনের লোকসানের আশঙ্কায় মৎস্য ব্যবসারসাথে জড়িত সকলে। এদিকে পর্যাপ্ত মাছ না পাওয়ায় বিএফডিসি মৎস্য ঘাট এবং মাছের আড়ৎগুলো এখনো ঠিক জমেওঠেনি। সাগর উত্তাল দেখে ঘাটে ফিরে আসা মোঃ সোলায়মান, হারিচ,সোবাহান ফরহাদ নামের মাঝিরা বলেন, আমরা গত ১০ সেপ্টেম্বর সাগরে গিয়েছিলাম। তেল, বরফ ও বাজারসহ প্রায় ৪ লাখ টাকার রসদসামগ্রী নিয়ে সাগরে যাবার পরের দিনই সাগর উত্তাল হয়ে পড়ে। লোকসানের কথা চিন্তাকরে সাগরে থাকতে চেয়েছিলাম, কিন্তু ক্রমেই সাগর উত্তাল হলে নিজেদের জীবন ও ট্রলারের নিরাপত্তার কথা চিন্তাকরে গতরাতে ঘাটে ফিরে এসেছি। আবহাওয়া ভালো না হওয়া পর্যন্ত আমরা সাগরে যাবনা। আলাউদ্দিন হাফেজ -৩ ট্রলারের মালিক মোঃ মাসুম কম্পানি বলেন, যে হারে মালামালের দাম বাড়তেছে তাতে ধীরে ধীরে এই পেশা পরিবর্তন করতে হবে। কারণ পূর্বে ২ লাখ বা আড়াই লাখ টাকায় যে বাজার করা যেত তা এখন মালপত্রের দাম বে ছে বিধায় ৪, ৫ লাখ টাকায় করতে হয়। বরগুনা জেলা ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, ৬৫ দিনের অবরোধের পর এই তিনবার আবহাওয়া খারাপ হওয়ায় জেলেদেও বারবার লোকশানের মধ্যে পড়তে হয়েছে। এরকম চলতে থাকলে ধীরে ধীরে এই পেশা বিলুপ্ত হয়ে যাবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

## আশাশুনি উপজেলা জামায়াতের বৈঠক

**আশাশুনি প্রতিনিধি :** আশাশুনি উপজেলা জামায়াতের মাসিক দায়িত্বশীল বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৮ টায় দলীয় কার্যালয়ে এবৈঠক অনুষ্ঠিত হয়। উপজেলা আমীর আবু মুছা তারিকুজ্জামান তুষারের সভাপতিত্বে বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জেলা সহকারী সেক্রেটারি প্রভাষক ওমর ফারুক। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা কর্মপরিষদ সদস্য ও শোভনালী ইউপি চেয়ারম্যান মাওঃ আবু বকর সিদ্দিক, জেলা কর্মপরিষদ সদস্য অ্যাডভোকেট আবদুস সোবহান মুকুল। অন্যান্যের মধ্যে উপজেলা নায়েবে আমীর প্রাক্তন চেয়ারম্যান মাওঃ আবদুল মান্নান, নায়েবে আমীর মাওলানা নুরুল আফছার মুর্তজা, সেক্রেটারি মাওলানা মোশারফ হোসেন, সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট শহিদুল ইসলাম, মাওলানা আবদুল বারী, শাহ অহিদুজ্জামান শাহীন, অফিস সেক্রেটারী মাওলানা রুহুল কুদ্দুস, বাইতুলমাল সম্পাদক মাওঃ আনারুল হক, সমাজ কল্যাণ সম্পাদক মাওলানা রিয়াছাত আলী, আফসার উদ্দিন খান প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠকে ১১ ইউনিয়নের সভাপতি-সেক্রেটারি, শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি- সেক্রেটারি, যুব বিভাগের সভাপতি-সেক্রেটারি ও মহিলা জামায়াতের সভানেত্রী- সম্পাদিকাবৃন্দ উপস্থিত ছিলেন। বৈঠকে সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

## কাপাসিয়া উপজেলা বিএনপির বর্ধিত সভা

**কাপাসিয়া প্রতিনিধি :** গাজীপুরের কাপাসিয়া উপজেলা বিএনপির বর্ধিত সভা গতকাল শুক্রবার বিকালে সাফাইশ্রীস্থ কার্যালয় চত্বরে অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা বিএনপির সভাপতি ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক শাহ্ রিয়াজুল হান্নান রিয়াজের সভাপতিত্বে অনুষ্ঠিত বর্ধিত সভায় ১১ টি ইউনিয়নের সভাপতি, সাধারণ সম্পাদক, যুবদল, ছাত্রদল, মহিলা দল, শ্রমিক দল, স্বেচ্ছাসেবক দল, কৃষক দল, ওলামা দলসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব খন্দকার আজিজুর রহমান পেরার পরিচালনায় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন জেলা বিএনপি নেতা অ্যাডভোকেট সোলায়মান দর্জি, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি ফকির মমতাজ উদ্দিন রেনু, আবদুল করিম ব্যাপারী, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আফজাল হোসাইন, এফ এম কামাল হোসেন, জেলা মহিলা দলের সভানেত্রী জান্নাতুল ফেরদৌসী, জেলা কৃষক দলের সাধারণ সম্পাদক ফকির ইস্কান্দার আলম জানু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আজগর হোসেন খান প্রমুখ। বর্ধিত সভায় আগামীকাল রোববার ঢাকায় বিএনপির কেন্দ্রীয় অফিসের সামনে আয়োজিত সমাবেশ সফল করার জন্য বিশেষ ভাবে তাগাদা দেয়া হয়।

এ ছাড়া আগামী ২৭ সেপ্টেম্বর বিএনপির স্থায়ী কমিটির সদস্য প্রয়াত নেতা ব্রিগেডিয়ার জেনারেল (অব:) আসম হান্নান শাহ্'র ৮ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে কাপাসিয়া সরকারি পাইলট উচ্চবিদ্যালয়ের মাঠে আয়োজিত স্মরণসভা সফল করার জন্য ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। স্মরণসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপির কেন্দ্রীয় মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

## শেরপুরে জমি সংক্রান্ত বিরোধে সংঘর্ষ, নিহত ২


**শেরপুর প্রতিনিধি :** শেরপুরে জমি সংক্রান্ত বিরোধ ও আধিপত্য নিয়ে সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন। নিহতরা হলেন- জঙ্গলদী গ্রামের মৃত কালু খাঁর ছেলে লালু খাঁ (৫৭) ও মৃত নহর খাঁর ছেলে মোগর খাঁ (৬৫)।

গত বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার বলাইয়েরচর ইউনিয়নের জঙ্গলদী ফতুমুন্সীর মোড়ে এ সংঘর্ষ হয়। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও অন্তত ১০ জন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শেরপুর সদর উপজেলার বলাইয়েরচর ইউনিয়নের জঙ্গলদী গ্রামের খাঁ বাড়ি ও সুতার বাড়ির মধ্যে দীর্ঘদিন যাবত প্রায় সাড়ে পাঁচ একর জমি নিয়ে বিরোধ চলে আসছিল। এরই জের ধরে গত বৃহস্পতিবার দুপুরে জঙ্গলদী ফতু মুন্সির দোকানের মোড়ে দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে সংঘর্ষ শুরু হয়। এতে কয়েকজন গুরুতর আহত হলে তাদের উদ্ধার করে শেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতালে নিয়ে যায় স্থানীয়রা। সেখানে কর্তব্যরত চিকিৎসক লালু খাঁকে মৃত ঘোষণা করেন। পরে গুরুতর আহত দুইজনকে উন্নত চিকিৎসার জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হলে পথিমধ্যে মোগর খাঁ মারা যায়। এদিকে দুইজন নিহত হওয়ার খবর এলাকায় ছড়িয়ে পড়লে ওই এলাকার লোকজন অপরপক্ষের ঘরবাড়ি ও দোকানপাটে হামলা ও লুটপাট চালায়। শেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাহাঙ্গীর আলম বলেন, জংগলদী এলাকায় পূর্ববিরোধের জের ধরে সংঘর্ষের ঘটনায় দুইজন নিহত ও কয়েকজন আহত হয়েছেন। সেনাবাহিনীর সহযোগিতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে পুলিশ। এ ঘটনায় দ্রুত আইনি ব্যবস্থা নেওয়া হবে।



খুলনা : তাপমাত্রা বৃদ্ধির ফলে উষ্ণতা বাড়ছে। পৃথিবী উষ্ণায়নের ফলে প্রতিনিয়ত কঠিন হয়ে পড়ছে মানুষের বসবাস। বজ্রপাতের ঝুঁকি রোধে কয়রায় সড়কের দু পাশে তাল বীজ বপন করা হচ্ছে।

# মাইলফলক স্পর্শ করলেন রোনালদো




**স্পোর্টস ডেস্ক :** বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে সামাজিক যোগাযোগমাধ্যমে ১ বিলিয়ন বা ১০০ কোটি অনুসারীর অনন্য মাইলফলক স্পর্শ করেছেন পর্তুগালের তারকা ফুটবলার ক্রিস্টিয়ানো রোনালদো। সামাজিক যোগাযোগমাধ্যমে এক বার্তায় এমন খবর নিজেই জানিয়েছেন পাঁচবারের ব্যালন ডি'অর জয়ী রোনালদো। ইংরেজিতে ১বি আকৃতির মধ্যে ছোট-ছোট করে নিজের ক্যারিয়ারের সেরা মুহূর্তের ছবি বসিয়েছেন তিনি। যার শিরোনামে রোনালদো লিখেছেন ১ বিলিয়ন স্বপ্ন, একটি যাত্রা। বার্তায় ৩৯ বছর বয়সী রোনালদো লিখেছেন, 'আমরা ইতিহাস সৃষ্টি করেছি। ১ বিলিয়ন (১০০ কোটি) অনুসারী! এটি শুধু একটি সংখ্যার চেয়ে বেশি। এটি আমাদের ভাগাভাগি করে নেওয়া আবেগ, উদ্যম, খেলার প্রতি ভালোবাসা এবং এর বাইরেও আরও অনেক কিছুর প্রমাণ।' তিনি আরও লিখেছেন, 'মাদেইরার রাস্তা থেকে শুরু করে বিশ্বের সবচেয়ে বড় মঞ্চ পর্যন্ত, আমি সব সময় আমার পরিবার এবং আপনাদের জন্য খেলেছি এবং এখন আমরা ১০০ কোটি মানুষ একত্র হয়েছি। আমার এ যাত্রায় প্রতিটি পদক্ষেপ, সব উত্থান-পতনে আপনারা আমার সঙ্গী হয়েছেন। এই যাত্রায় আমরা দেখিয়েছি যে, আমরা যা অর্জন করতে পারি সেটির কোন সীমা নেই। আমার ওপর বিশ্বাস রাখার জন্য, সমর্থনের জন্য এবং আমার জীবনের অংশ হওয়ার জন্য আপনাদের সবাইকে ধন্যবাদ। এখনো সেরাটা আসতে বাকি। আমরা একসাথে এগিয়ে যাবো, জিতবো এবং ইতিহাস সৃষ্টি করতে থাকবো।' বর্তমানে সামাজিক যোগাযোগমাধ্যমে ছয়টি প্ল্যাটফর্ম ব্যবহার করছেন রোনালদো। ইনস্টাগ্রামে ৬৩ কোটি ৯০ লাখ, ফেসবুকে ১৭ কোটি ৫ লাখ, এক্স (সাবেক টুইটার ছিলো) ১১ কোটি ৩০ লাখ, ইউটিউবে ৬ কোটি ৬ লাখ, কোয়াইশুতে ৯৪ লাখ এবং ওয়েইবোতে ৭৫ লাখ অনুসারী আছে রোনালদোর। তিন সপ্তাহ আছে নিজের ইউটিউব চ্যানেল প্রকাশ করেছেন রোনালদো। ইতোমধ্যে তার সাবস্ক্রাইবার ৬ কোটির বেশি হয়ে গেছে। বিশ্বে সামাজিক যোগাযোগমাধ্যম বিবেচনায় সবচেয়ে বেশি অনুসারীর মধ্যে দীর্ঘদিন ধরেই শীর্ষস্থান ধরে রেখেছেন রোনালদো। ১০০ কোটির মাইলফলক স্পর্শ করে নিজের জায়গাকে আরও শক্ত করেছেন তিনি। এই তালিকায় ৭০ কোটি ৮২ লাখ অনুসারী নিয়ে দ্বিতীয়স্থানে আছেন যুক্তরাষ্ট্রের সংগীতশিল্পী সেলেনা গোমেজ। তৃতীয়স্থানে আছেন কানাডার সংগীতশিল্পী জাস্টিন বিবার।

## 'মেসির সাথে তুলনা পছন্দ করি, কিন্তু আমি ইয়ামাল হতে চাই'

**স্পোর্টস ডেস্ক :** বিশ্ব ফুটবলের ক্ষুদে জাদুকর আর্জেন্টিনার লিওনেল মেসির পর্যায়ে পৌঁছানো অসম্ভব বলে মনে করেন স্পেনের ১৭ বছর বয়সী খেলোয়াড় লামিনে ইয়ামাল। তিনি জানান, মেসির সাথে তুলনা পছন্দ করি, কিন্তু আমি ইয়ামাল হতে চাই।

আমি বার্সেলোনার কিংবদন্তি হতে চাই। গত মৌসুমে স্প্যানিশ ফুটবল ক্লাব বার্সেলোনায় যোগ দেন ইয়ামাল। বার্সার হয়ে ৪২ ম্যাচে ৬ গোল করেন তিনি। গেল বছর জাতীয় দলে সুযোগ পেয়ে চমক দেখিয়েছেন ইয়ামাল। এ বছর স্পেনের হয়ে ইউরো জয়ে বড় অবদান ছিলো তার। আসরে সবচেয়ে কম বয়সে ইউরো টুর্নামেন্টে গোল করার রেকর্ড গড়েছিলেন তিনি। বার্সেলোনা ও স্পেনের হয়ে অভিষেক বছরে দারুন পারফরমেন্সের কারণে ফুটবল বিশেষজ্ঞরা মেসির সাথে তুলনা করছেন ইয়ামালকে। মেসির সাথে তুলনায় খুশি ইয়ামাল নিজেও।

কিন্তু মেসির পর্যায়ে পৌঁছানো বা তাকে ছাড়িয়ে যাওয়া অসম্ভব বলে মনে করেন তিনি। স্প্যানিশ টিভি চ্যানেল আন্তোনা থ্রি-কে রাইট উইঙ্গার ইয়ামাল বলেন, 'আমি ইতিহাসের সেরা খেলোয়াড় মেসির সাথে আমার তুলনা পছন্দ করি। কিন্তু আমি ইয়ামাল হতে চাই। মেসির পর্যায়ে পৌঁছানো অসম্ভব।'



# এবার বর্ণবাদ রুখতে বিশেষ ক্ষমতা পাচ্ছে রেফারিরা

**স্পোর্টস ডেস্ক :** স্পেনের ক্লাব ফুটবলে গত বছর বেশ কয়েক বার বর্ণবাদী আচরণের শিকার হয়েছিলেন রিয়াল মাদ্রিদের ব্রাজিলিয়ান তারকা ভিনিসিয়ুস জুনিয়র। এ ছাড়া বিচ্ছিন্নভাবে এমন ঘটনা দেখা যায় খেলার মাঠে। এমন ঘৃণ্য আচরণ রুখে দিতে লা লিগা ও স্প্যানিশ ফুটবল ফেডারেশন (আরএফইএফ) নতুন উদ্যোগ নিয়েছে। এর মাধ্যমে রেফারিদের মাধ্যমে প্রয়োগকৃত ফিফার 'নো রেসিজম' নীতিমালা অনুসরণের অনুমোদন দিয়েছে স্পেনের ঘরোয়া ফুটবলে। চলতি বছরের মে মাসে ব্যাংককে অনুষ্ঠিত এক সভায় ফিফা 'ক্রস আর্ম' প্রতীকের অনুমোদন দিয়েছিল। যা এবার স্পেনেও প্রয়োগ করার সম্মতি দিয়েছে স্প্যানিশ ফেডারেশন ও লা লিগা কর্তৃপক্ষ। এর মাধ্যমে বর্ণবাদের অভিযোগ ওঠা কিংবা রেফারির নজরে আসার পর 'ক্রস আর্ম' বা দুই হাত ওপরের দিকে আড়াআড়িভাবে ধরে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে।

রেফারি সিদ্ধান্ত নেবেন তিনটি পদক্ষেপে- বর্ণবাদী ঘটনার পর তাৎক্ষণিকভাবে প্রথমে ম্যাচ থামানো, (অভিযুক্তকে) বহিষ্কার এবং পুরো ম্যাচটিই বাতিল করে দেওয়া। সে নিয়মটিই নিজেদের বর্ণবাদবিরোধী বিধানে অন্তর্ভূক্ত করার সম্মতি দিয়েছে লা লিগা ও আরএফইএফ। যদি কোনো রেফারি এ ধরনের কোনো কাজ দেখেন বা জানতে পারেন, তখনই তিনি 'ক্রস আর্ম' প্রতীক দেখিয়ে পরবর্তী প্রক্রিয়ার দিকে আগাবেন।

# আবারও ব্যাট হাতে ব্যর্থ সাকিব



**স্পোর্টস ডেস্ক :** ১৪ বছর পর ইংল্যান্ডের কাউন্টি ক্রিকেটে খেলতে নেমে বল হাতে দারুন পারফরমেন্স করেছেন বাংলাদেশের বাঁ-হাতি স্পিনার সাকিব আল হাসান। সমারসেটের বিপক্ষে ম্যাচে ৯ উইকেট শিকার করেন সারের হয়ে খেলতে নামা সাকিব। কিন্তু তারপরও ম্যাচে সমারসেটের কাছে ১১১ রানের বড় ব্যবধানে হেরে গেছে সাকিবের সারে। টনটনে কাউন্টি চ্যাম্পিয়নশিপের ডিভিশন ওয়ানের চারদিনের ম্যাচে জয়ের জন্য ২২১ রানের টার্গেট পায় সারে। জবাব চতুর্থ ও শেষ দিন সমারসেটের দুই স্পিনার জ্যাক লিচ ও আর্চি ভনের ঘূর্ণিতে ১০৯ রানে অলআউট হন সারে। দলের পক্ষে ওপেনার ডম সিবলি সর্বোচ্চ ৫৬ রান করেন। প্রথম ইনিংসের মত দ্বিতীয় ইনিংসেও ব্যাট হাতে ব্যর্থ হন সাকিব। দ্বিতীয় ইনিংসে ৫ বল খেলে ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইকেল ভনের পুত্র আর্চি ভনের বলে আউট হন সাকিব। প্রথম ইনিংসে ২৪ বলে ১২ রান করেছিলেন তিনি। এই ইনিংসে সমারসেটের লিচ ও আর্চি ভন সমান ৫টি করে উইকেট নেন। ম্যাচের প্রথম ইনিংসে ৯৭ রানে ৪ এবং দ্বিতীয় ইনিংসে ৯৬ রানে ৫ উইকেট নেন সাকিব।প্রথম ইনিংসে সমারসেটের ৩১৭ রানের জবাবে ৩২১ রান করেছিলো সারে। দ্বিতীয় ইনিংসে ২২৪ রান করে সমারসেট। সারের হয়ে একটি ম্যাচ খেলতে দীর্ঘদিন পর কাউন্টিতে যোগ দিয়েছিলেন সাকিব। জাতীয় দলের আসন্ন ভারত সফরকে সামনে রেখে শীঘ্রই বাংলাদেশ শিবিরে যোগ দিবেন সাকিব। আগামী ১৯ সেপ্টেম্বর থেকে ভারতের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ এবং ৬ অক্টোবর থেকে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলবে বাংলাদেশ।



# চোট কাটিয়ে দলে রাশিদ খান

**স্পোর্টস ডেস্ক :** আফগানিস্তানের ওয়ানডে দল থেকে বাদ পড়েছেন ওপেনার ইব্রাহিম জাদরান। তবে চোট কাটিয়ে ফিরছেন রাশিদ খান। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ওয়ানডে সিরিজে রাশিদ ফিরলেও নেই মুজিব উর রহমান। ডাক পাওয়া তিন আনক্যাপড-বিলাল সামি, দারুইশ রাসুলি এবং আবদুল মালিক। শারজাহতে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে আসন্ন তিন ম্যাচের সিরিজের জন্য আফগানিস্তান ক্রিকেট বোর্ড তাদের স্কোয়াড ঘোষণা করেছে। বাম পায়ের গোড়ালি মচকে যাওয়ার কারণে ইব্রাহিম জাদরান বাদ পড়েছেন ওয়ানডে সিরিজ থেকে। চোট থেকে এখনও সম্পূর্ণ ফিট হননি মুজিব উর রহমান, তাই তাকেও রাখা হয়েছে স্কোয়াডের বাইরে। বাদ পড়েন রিস্টস্পিনার নূর আহমেদও। ২০২৩ বিশ্বকাপে রাশিদ খান সবশেষ ওয়ানডে ম্যাচ খেলতে নামেন। আয়ারল্যান্ডের বিপক্ষে শেষ ওয়ানডে অ্যাসাইনমেন্টও মিস করেন। ৫০ ওভারের ফরম্যাটে দক্ষিণ আফ্রিকা-আফগানিস্তান দুই দেশের মধ্যে প্রথম দ্বিপাক্ষিক সিরিজের জন্য দলে ফিরেছেন রাশিদ। ইনজুরির কারণে ছিলেন না নিউজিল্যান্ডের বিপক্ষে একমাত্র টেস্টের স্কোয়াডেও। বিলাল সামি, দারুইশ রাসুলি এবং আবদুল মালিক প্রথমবারের মতো আফগানিস্তান ওয়ানডে দলে ডাক পেলেন। যদিও রাসুলি সাতটি টি-টোয়েন্টি খেলেছেন এবং মালিক দুটি টেস্ট খেলেছেন, সামি এখনও কোনো ফরম্যাটে আফগানিস্তানের প্রতিনিধিত্ব করেননি।

আফগানিস্তানের ওয়ানডে স্কোয়াড: হাশমতউল্লাহ শহীদি (অধিনায়ক), রহমত শাহ, রহমানউল্লাহ গুরবাজ (উইকেটরক্ষক), ইকরাম আলীখিল (উইকেটরক্ষক), আবদুল মালিক, রিয়াজ হাসান, দারুইশ রাসুলি, আজমতউল্লাহ ওমরজাই, মোহাম্মদ নবী, গুলবেদিন নাইব, রাশিদ খান, নাঙ্গিয়াল খারোটি, আল্লাহ মোহাম্মদ গজানফর, ফজলহক ফারুকি, বিলাল সামি, নাভিদ জাদরান এবং ফরিদ আহমদ মালিক।

## বিনোদন

# হাসিনাকে লেখা জয়ের চিঠি ভাইরাল

**বিনোদন ডেস্ক :** ছোট ও বড় পর্দার অভিনেতা-নির্মাতা শাহরিয়ার নাজিম জয়। বিতর্কিত টিভি শো সঞ্চালনা করে বছরজুড়েই আলোচনায় থাকেন। বৈষম্যবিরোধী আন্দোলনের সময়ে পুরোপুরি নির্লিপ্ত ছিলেন তিনি। এসব বিষয় নিয়ে ঢের সমালোচিত হয়েছেন। পরবর্তীতে ক্ষমাও চেয়েছেন। কিন্তু সমালোচনা যেন তার পিছু ছাড়ছেই না। প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা জয়ের একটি চিঠি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। এ নিয়ে দারুণ সমালোচনার মুখে পড়েছেন এই অভিনেতা। নেট দুনিয়ায় ভাইরাল হওয়া চিঠিটি ২০১৪ সালের ফেব্রুয়ারিতে শেখ হাসিনাকে লেখেন জয়। এক খণ্ড জমি পাওয়ার প্রত্যাশায় তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'উপমহাদেশের শ্রেষ্ঠ নেত্রী' ও 'আদর্শ মা' বলেও সম্বোধন করেন এই অভিনেতা। যা নিয়ে রীতিমতো তোপের মুখে পড়েছেন। কেউ কেউ জয়কে 'তেলবাজ', 'দালাল' বলেও মন্তব্য করেছেন। ভাইরাল হওয়া চিঠির শুরুতেই শাহরিয়ার নাজিম জয় লেখেন, 'মাননীয় প্রধানমন্ত্রী, উপমহাদেশের শ্রেষ্ঠ নেত্রী ও আদর্শ মা'। তারপর এ অভিনেতা লেখেন, 'আপনার সুযোগ্য পুত্রের নামের আরেক পুত্র শাহরিয়ার নাজিম জয়ের সালাম রইল আপনার প্রতি। আমি জয়, বাংলাদেশের একজন জনপ্রিয় নায়ক (টিভি ও চলচ্চিত্র)। আপনার দোয়ায় গত ১৭ বছর ধরে আমি বাংলাদেশের জনগণের বিনোদনের অন্যতম উৎস হয়ে আছি টিভি পর্দায় এবং সুস্থ চলচ্চিত্রে।' শেখ হাসিনার রাজনীতির ভূয়সী প্রশংসা করে জয় লেখেন, 'আপনি অত্যন্ত দরদি এবং বাংলার মানুষের বিপদের বন্ধু। শুধু তাই নয়, গত নির্বাচনকালীন সময়ে আপনি যে বলিষ্ঠ সাহসী এবং জ্ঞানদীপ্ত আদর্শের উপর বলীয়ান ছিলেন, তা আমাদের মতো মানুষকে আজীবন আপনার নেতৃত্বকে স্যালুট জানানোর অঙ্গীকার করিয়েছে।' পূর্বাচলের এক খণ্ড জমি চেয়ে জয় লেখেন, 'মা, আপনার নিকট একজন শিল্পীর আবেদন, আমার সমসাময়িক সকল শিল্পীই পূর্বাচলে ১০ কাঠা, ৫ কাঠার প্লট পেয়েছে। আমি দেশের বাইরে শুটিংয়ে থাকার জন্য অ্যাপ্লাই করতেই পারিনি। পরবর্তীতে ঝিলমিলে অ্যাপ্লাই করলে লটারিতে তা পায়নি। মা, পূর্বাচলে একটা জমি আমার স্বপ্ন- আমার সন্তানের ভবিষ্যৎ। আমি আপনার কাছে আবদার করলাম, আপনি আপনার এই সন্তানের আবদার ফেলে দেবেন না আমি জানি (ইনশাআল্লাহ)।' ভাইরাল চিঠিতে একজন উপ-সচিবের সিল রয়েছে। রেফারেন্স হিসেবে তৎকালীন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রীর সিল ও স্বাক্ষর রয়েছে।



## যানজটে আটকে বিরক্ত ইমন, দিয়েছেন ফেসবুক পোস্ট

**বিনোদন ডেস্ক :** যানজটে আটকে বিরক্ত ইমন পোস্ট দিয়েছেন ফেসবুকে। ঢাকার যানজট কমাতে বিকল্প ব্যবস্থার দাবিও করলেন। জানালেন, রাস্তায় ব্যক্তিগত গাড়ি কম, গণপরিবহন বেশি চান তিনি। তাহলে এই যানজট কমতে পারে। গত বৃহস্পতিবার দীর্ঘ সময় হাতে নিয়ে বাড়ি থেকে বের হয়েছিলেন মামনুন ইমন। একটা নতুন সিনেমা নিয়ে মিটিং ছিল তার। সময়মতো সেখানে পৌঁছাতে পারেননি এই অভিনেতা। এমনকি যাদের সঙ্গে মিটিং, তারাও সময়মতো পৌঁছাতে পারেননি। ইমন বলেন, 'দিনের বেশিরভাগ সময় কেটে যাচ্ছে জ্যামে। আগে জ্যামটা সহ্য করা যেতো। কিন্তু দিনকে দিন এটা খুব বাজে দিকে যাচ্ছে। কয়েক মিনিটের রাস্তা পার হতে ঘণ্টা পার হয়ে যাচ্ছে। এখনই যদি যানজট কমাতে ব্যবস্থা নেওয়া না যায়, তাহলে সামনের দিনগুলোর পরিস্থিতি হবে আরও খারাপ।' তিনি আরও বলেন, 'নতুন অনেক রাস্তা করতে হবে। পাবলিক ট্রান্সপোর্ট সেবার মান বাড়াতে হবে, যাতে সবাই পাবলিক ট্রান্সপোর্টে বেশি যাতায়াত করেন ব্যক্তিগত গাড়ি কম ব্যবহার করে।

# অমিতাভের দরজায় মাইকেল জ্যাকসন



**বিনোদন ডেস্ক :** প্রয়াত পপতারকা মাইকেল জ্যাকসনের সঙ্গে দেখা হয়েছিল বলিউড তারকা অমিতাভ বচ্চনের। সেই স্মৃতিচারণ করতে গিয়ে তিনি জানান, মাইকেল জ্যাকসন একবার তার দরজায় কড়া নেড়েছিলেন। সম্প্রতি রিয়েলিটি শো কৌন বানেগা ক্রোড়পতিতে সেই ঘটনার বর্ণনা দেন অমিতাভ বচ্চন। দেশটির বেসামরিক পদক পদ্মশ্রী পাওয়া অতিথি ড. অভয় এবং ড. রানি বাঙের সঙ্গে আলাপকালে অমিতাভ জানতে চান তার প্রিয় শিল্পী কে? জবাবে রানি বলেন, মাইকেল জ্যাকসনের নাম। অমিতাভের সঙ্গে যে মাইকেল জ্যাকসনের দেখা হয়েছিল, সেকথাও মনে ছিল রানির। তিনি অমিতাভের কাছে সেই অভিজ্ঞতা জানতে চান। অমিতাভ বচ্চন বলেন, 'একবার নিউইয়র্কের এক হোটেলে উঠেছিলাম। একদিন শুনলাম কেউ একজন দরজা নক করছে। দরজা খুলে দেখি মাইকেল জ্যাকসন! আমি তো আর একটু হলেই অজ্ঞান হয়ে যাচ্ছিলাম। অনেক কষ্টে নিজেকে সামলে তাকে শুভেচ্ছা জানালাম। তিনি জিজ্ঞেস করলেন, রুমটা আমার কি না। যখন বললাম, হ্যাঁ আমারই রুম, তখন তিনিও নিশ্চিত হলেন যে তিনি ভুল রুমে চলে এসেছিলেন। পরে তিনি নিজের রুমে ফিরে একজনকে পাঠিয়েছিলেন, ভুল করে কার রুমে গিয়েছিলেন সেটা জানার জন্য। আমাদের বসে কথা বলার সুযোগ ছিল। অনেক খ্যাতিমান ব্যক্তি হওয়া সত্ত্বেও তিনি ছিলেন ভীষণ বিনয়ী। তার সঙ্গে প্রথমবার এভাবেই দেখা হয়েছিল আমার।' মাইকেল জ্যাকসনের পরিবেশনার প্রশংসা করে অমিতাভ বচ্চন বলেন, 'আরেকবার যুক্তরাষ্ট্রে মাইকেল জ্যাকসনের একটা অনুষ্ঠান ছিল। নিউইয়র্ক থেকে সেখানে পৌঁছানো খুব ঝামেলার। আমরা যখন হোটেলে পৌঁছাই, আমাদের বলা হল, কোনো রুম নেই! আমরা অনুরোধ করলে বলল, মাইকেল জ্যাকসন ও তার টিম হোটেলের ৩৫০টা রুমই বুক করে ফেলেছেন। অনেক অনুরোধের পর আমরা স্টেডিয়ামের পেছনে জায়গা পেলাম, সেখানে বসে আমরা মাইকেল জ্যাকসনের পরিবেশনা দেখতে পারব। তিনি আসলে অসাধারণ এক শিল্পী। নাচে ও গানে তিনি বিস্ময়কর। ওই অনুষ্ঠানে বজ্রপাতের মতো করতালি পড়ছিল এবং সত্যিই এক জাদুকরী পরিবেশ তৈরি হয়েছিল।'



## নতুন সিনেমার প্রচারে স্বস্তিকা

**বিনোদন ডেস্ক :** ভারতের কলকাতায় সম্প্রতি আরজিকর-কাণ্ডের প্রতিবাদ সমাবেশে অংশ নিয়েছিলেন টালিউড অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি। সেখানে সাধারণ মানুষের বিক্ষোভের মাঝেই নিজের হাসিমুখের ছবি তিনি তার সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করেছিলেন।?যা নিয়ে নিন্দার ঝড় উঠেছিল। ঘৃণ?্য এ ঘটনার প্রতিবাদে যেখানে ছাত্র-ছাত্রী, গৃহবধূসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশ নিয়েছেন, সেখানে একজন অভিনেত্রী হয়ে নিজের হাসিমুখে সেলফি তুলে পোস্ট করলেন কিভাবে! ফলে তিনি ব্যাপক সমালোচনার মুখে পড়েন। বিষয়টি কেউ মোটেই ভালোভাবে নেয়নি। এদিকে এবারের পূজায় মুক্তির অপেক্ষায় থাকা স্বস্তিকার নতুন সিনেমার প্রচার শুরু হয়েছে। প্রচারে নামার পরদিনই নতুন একটি পোস্টে তিনি লিখেছেন, 'উৎসবে ফিরছি না।' যা দেখে তার ভক্তরা হতবাক হয়েছেন।

# অর্ণবের স্ত্রীকে দেওয়া হলো হত্যার হুমকি

**বিনোদন ডেস্ক :** বাংলাদেশের জনপ্রিয় গায়ক সায়ান চৌধুরী অর্ণবের স্ত্রীকে হত্যার হুমকি দেওয়া হয়েছে। শুধু তাই নয়, হুমকি দিয়ে তার কাছ থেকে পাঁচ লাখ টাকা হাতিয়ে নিয়েছে অপরাধীরা। গত বৃহস্পতিবার ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে এ ঘটনা ঘটেছে। ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশনের (সিবিআই) পরিচয় দিয়ে সাইবার অপরাধীরা পাঁচ লাখ টাকা না দিলে সুনিধি নায়েক ও তার বাবাকে হত্যার হুমকি দেয়। এমনকি তার ছবি ডার্ক ওয়েবে ছড়িয়ে দেওয়ারও হুমকি দেয়। জানা গেছে, বিশ্বভারতীর সঙ্গীত ভবনের সাবেক শিক্ষার্থী সুনিধি কর্মসূত্রে শান্তিনিকেতনের পূর্বপল্লীর একটি বাড়িতে ভাড়া থাকেন। গত বুধবার বাড়িতে একাই ছিলেন তিনি। সেদিন অপরিচিত কয়েকজন ব্যক্তিকে বাড়ির বাইরে ঘোরাফেরা করতে দেখেন তিনি। পরে অজ্ঞাতপরিচয়ের এক ব্যক্তি হায়দরাবাদের সিবিআই পরিচয় দিয়ে তার ফোনে কল করে। সুনিধির বাড়ির একশো মিটারের মধ্যে শান্তিনিকেতন থানা। ঘটনাটি দ্রুত জানাজানি হওয়ায় শান্তিনিকেতনে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনার তদন্ত শুরু করেছে শান্তিনিকেতন থানা। সংগীতশিল্পী সুনিধি নায়েক জানান, গত বুধবার ফোনে ওই অপরাধীরা তাকে নরেশ গোয়েল নামের এক ব্যক্তির কথা বলে। তাদের অভিযোগ সুনিধি ওই ব্যক্তির অর্থ আত্মসাৎ করেছেন। তার নামে একটি ক্রেডিট কার্ডও তোলা হয়েছে। এই অপরাধে সুনি-ধিকে গ্রেপ্তার করা হবে। অভিযোগ ছুঁড়ে কথোপকথন শুরু হলেও, পরে টাকা না দিলে সুনিধি ও তার বাবাকে খুনের হুমকি দিতে থাকে ওই ব্যক্তি। ভয়ে গত বৃহস্পতিবার তাদের ৫ লাখ টাকা পাঠিয়ে দেন এই শিল্পী। সুনিধি বলেন, 'প্রথমে ভেবেছিলাম সত্যিই হয়তো হায়দরাবাদের সিবিআই পুলিশ ফোন করেছেন। পরে বুঝতে পারি এরা জালিয়াত। প্রশাসন ঘটনার তদন্ত করছে।



## মাঝরাতে হিরো আলমের বাসায় হামলা

**বিনোদন ডেস্ক :** গত বুধবার দিবাগত মধ্যরাতে হিরো আলমের ঢাকার বাসায় কে বা কারা হামলা চালিয়েছে। গত বৃহস্পতিবার সকালে রাজধানীর হাতিরঝিল থানায় এই মর্মে একটি সাধারণ ডায়েরি করেছেন এই কনটেন্ট ক্রিয়েটর, জিডি নম্বর-৫৯০। তার দাবী, রাত আনুমানিক ২টায় বেশ কয়েকজন ব্যক্তি তার বাসার দরজায় এলোপাতারি ধাক্কাধাক্কি ও অশ্রাব্য ভাষায় গালিগালাজ করেছেন।

বগুড়া থেকে ঢাকা ফিরেছেন হিরো আলম। ঢাকায় ফিরে কয়েকজন সাংবাদিককে তিনি জানান, তিনি আর রাজনীতিতে থাকতে চান না। এরপর মধ্যরাতে তার বাসায় হামলা করে বেশ কয়েকজন যুবক। তিনি বলেন, 'রাজনীতি করতে গিয়ে অনেকবার আমি প্রতিপক্ষের হামলার শিকার হয়েছি। বুঝতে পারছি না, কে বা কারা হামলা করেছে।' তিনি জানান, পুলিশ আশ্বাস দিয়েছে, তার বাসায় গিয়ে সিসিটিভি ফুটেজ দেখে অপরাধী শনাক্তের চেষ্টা করবে।



# অস্কারের জন্য দেশি চলচ্চিত্র আহ্বান

**বিনোদন ডেস্ক :** ৯৭তম অস্কারে বিদেশি ভাষা (বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম) বিভাগে চলচ্চিত্র মনোনয়নের জন্য বাংলাদেশের চলচ্চিত্র আহ্বান করা হয়েছে। বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য বেশ কটি শর্ত মানতে হবে আগ্রহীদের। অস্কার বাংলাদেশ কমিটির পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৩ সালের ১ নভেম্বর থেকে চলতি বছরের ৩০ সেপ্টেম্বরের আগে মুক্তিপ্রাপ্ত সিনেমা হতে হবে। এ সিনেমা বাংলাদেশের প্রেক্ষাগৃহে ধারাবাহিকভাবে সাতদিন প্রদর্শিত হতে হবে। ইংরেজি সাবটাইটেলসহ যেকোনো পূর্ণদৈর্ঘ্য সিনেমা বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে। এই বাছাই প্রক্রিয়ায় অংশ নেওয়ার জন্য আগ্রহী চলচ্চিত্র প্রযোজকদের আশীর্বাদ চলচ্চিত্র (৭/৯ ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩ কাকরাইল) থেকে সিনেমা জমার ফরম ও বিস্তারিত নিয়মাবলী সংগ্রহ করে আগামী ২১ সেপ্টেম্বর, বিকাল ৫টার মধ্যে জমা দিতে হবে। প্রতিবছরের মতো এবারো অস্কারের বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম (বিদেশি ভাষা প্রতিযোগিতা) বিভাগে বাংলাদেশের সিনেমা মনোনয়নের জন্য বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজের উদ্যোগে চলচ্চিত্র ব্যক্তিত্ব ড. মতিন রহমানকে চেয়ারম্যান করে ৭ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। অ্যাকাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেসের আয়োজনে ২০২৫ সালের ২ মার্চ অনুষ্ঠিত হবে ৯৭তম অস্কারের অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান।